অস্ট্রেলিয়া থেকে নিয়মিত প্রকাশিত একমাত্র বাংলা পত্রিকা সুপ্রভাত সিডনির সকল পাঠক, বিজ্ঞাপনদাতা, শুভানুধ্যায়ীসহ কমিউনিটির সবাইকে মহান বিজয় দিবসের শুভেচ্ছা ও অভিনন্দন




# সুপ্রভাত সিডনি™

The Leading Australian Bangladesh Monthly Community Newspaper সত্যের সাথে সব সময়

Suprovat Sydney


LTC Amer Yassine Manager
Lakemba Travel Centre
8/61-67 Haldon Street
Lakemba NSW 2195
Sydney, Australia
P +61 29750 5000
F +61 2950 5500
e info@lakembatravel.com.au
w www.lakembatravel.com.au


The only Bangladeshi Newspaper in Australia

Suprovat Sydney, December-2023, Volume-15, No-12 ISSN 2202-4573 www.suprovatsydney.com


# ক্যাম্বেলটাউনে প্যালেস্টাইন জনগণের সমর্থনে শান্তি সমাবেশ অনুষ্ঠিত



**সুপ্রভাত সিডনি রিপোর্ট**

নভেম্বর ২০২৩ রবিবার ক্যাম্বেলটাউন সিটি কাউন্সিলের ম্যাককুয়ারি ফিল্ডস এলাকার মিল্টন পার্কে প্যালেস্টাইন জনগণের সাথে একাত্মতা প্রকাশ করার জন্য কমিউনিটি ইয়ুথ এন্ড সিটিজেন ডেভেলপমেন্ট অর্গানাইজেশন ইন্ক্ (www.cycdo.com.au) এর আহবানে একটি শান্তি সমাবেশ অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানের শতাধিক নাগরিক অংশগ্রহণ করে প্যালেস্টাইন জনগণের সাথে একাত্মতা প্রকাশ করেন। পবিত্র কোরআন তেলাওয়াতের মধ্য দিয়ে অনুষ্ঠান শুরু হয়। অনুষ্ঠানে মসজিদের ইমাম এবং কমিউনিটি নেতৃবৃন্দ বক্তব্য রাখেন।

ক্যাম্বেলটাউন সিটি কাউন্সিলের ডেপুটি মেয়র মাসুদ খলিল বলেন, তার দল এবং তিনি সকল প্রকার অন্যায় অত্যাচারের বিপক্ষে। ধর্ম, বর্ণ এবং জাতি গোষ্ঠী নির্বিশেষে সকলের সাথে কাঁধে কাঁধ মিলিয়ে তিনি কাজ করতে চান। আজকের এ শান্তি সমাবেশ তার একটি প্রমাণ। তিনি গাজায় শিশুসহ নির্বিচারে মানুষ হত্যার তীব্র নিন্দা জ্ঞাপন করেন এবং এ পরিস্থিতিকে অত্যন্ত ভয়াবহ, ও হৃদয়বিদারক বলে অভিহিত করেন। গাজায় শিশু সন্তান হারা মায়ের এবং একই পরিবারের ২১ জনকে একসাথে হত্যার সাথে নিজের সদস্যদের সাথে তুলনা করে বলেন পরিস্থিতি অত্যন্ত হৃদয়বিদারক। পৃথিবীর বিভিন্ন দেশের জনগণ এবং আন্তর্জাতিক *১২-এর পৃষ্ঠায় দেখুন*



মহিউদ্দিন আহমেদ জিন্টু



শিবলী সোহায়েল



শহিদুল ইসলাম নান্নু

# সুপ্রভাত সিডনি'র উপদেষ্টা পরিষদে তিনজনের যোগদান

**সুপ্রভাত সিডনি বিশেষ রিপোর্ট**

অস্ট্রেলিয়া থেকে প্রকাশিত একমাত্র বাংলাদেশী পত্রিকা সুপ্রভাত সিডনি দীর্ঘদিন যাবত কমিউনিটিতে সংবাদ পরিবেশন ও নানা সেবা প্রদানে ভূমিকা রেখে আসছে। নিয়মিত মুদ্রিত পত্রিকার পাশাপাশি সুপ্রভাত সিডনির ওয়েবসাইট www.suprovatsydney.com.au এবং অনলাইন নিউজ টিভি SS tv Australia বিশ্বের বিভিন্ন দেশে বসবাস করা বাংলাদেশীদের কাছে সমান জনপ্রিয়। সুপ্রভাতের নিয়মিত আয়োজন ফেইস-টু-ফেইস লাইভ সহ নানা অনুষ্ঠানের সমৃদ্ধ ইউটিউব চ্যানেলের পাশাপাশি ফেইসবুক, টুইটার, ইনস্টাগ্রাম সহ বিভিন্ন সোশ্যাল মিডিয়া প্লাটফর্মে পত্রিকাটির উপস্থিতি রয়েছে। বিভিন্ন মাধ্যমে সংবাদ, মতামত, প্রবন্ধ ও সাহিত্য প্রকাশের নিয়মিত কাজের পাশাপাশি মিডিয়া গ্রুপটির *৪-এর পৃষ্ঠায় দেখুন*

## সমকালীন দুষ্ট রাজনীতি

বিস্তারিত পৃষ্ঠা-০৭

## দ্বাদশ সংসদ নির্বাচন : উত্তাল বাংলাদেশ

বিস্তারিত পৃষ্ঠা-২২, ২৩



## ক্রসফায়ারের বিপরীতে গুপ্তহত্যাকেই কি বেছে নিয়েছে আওয়ামী লীগ?

বিস্তারিত পৃষ্ঠা-০৮

RSS LAWYERS
Solicitors & Barristers
Lakemba: Suite 2A, Level 1, 108 Haldon Street, Lakemba NSW 2195
Minto: Suite 3, 10 Redfern Road, Minto NSW 2566 (By appointment only)
T: 02 8712 7913 M: 0468 683 138,
E: info@rsslawyers.com.au W: rsslawyers.com.au
AREAS OF PRACTICE
- Conveyancing of Residential & Commercial Property
- Traffic & Criminal Law
- Family Law
- Wills & Probate
- Business & Commercial Law



Rubel Miah
Principal Solicitor
All posted correspondence to PO Box: 1209, Lakemba NSW 2195
Copyright protected by Suprovat Sydney

Looking for a HALAL FINANCE?
Insaaf
SAVING PEOPLE FROM RIBA
FOR MORE INFO
1300 008 786
SEARCH US
www.insaaf.com.au
EMAIL US
info@insaaf.com.au
VISIT US AT
Suite 1 89 Haldon Street
Lakemba NSW 2195
ACN: 614 678 956
ACL: 499 826
- Fully Shariah Compliant Financial Solution
- Legitimate & Secure Asset-Backed Financing
- Transparent, Responsible & Reliable
VEHICLE FINANCE
PROPERTY FINANCE
BUSINESS ASSET FINANCE*
*Terms & Conditions Apply

# Unemployment Remains at Historic Lows



Under the Albanese Labor Government, the unemployment rate has a '3' in front of it, wages growth has a '4' in front of it and more than 624,000 new jobs have been created.
Today's ABS Labour Force Figures show the unemployment rate remains at historic lows of 3.7 per cent.
The figures show in October:
Employment increased by 55,000 – exceeding all market expectations.
Female employment increased by 37,500.
Importantly, female full-time employment increased by 26,200 in October, to a record high of 3,867,000, and is now 144,600 (or 3.9 per cent) higher than it was a year ago.
The participation rate increased to 67 per cent, returning to the record high it hit in August this year.
The female participation rate is at an all-time high of 62.8 per cent.
Since Labor came to office, more than 624,000 jobs have been created – the most by any first term government in recorded history.
We are only halfway through our term, and we've already created more jobs than any other first term government on record.
We know a lot of people are doing it tough right now dealing with the cost of living.
That's why we're doing everything we can to get wages moving.
It's why the Government passed its Secure Jobs, Better Pay legislation last year – to get wages moving again and improve conditions for workers.
Yesterday's Wage Price Index shows that wages are moving again – hitting 4 per cent annually, the highest level since 2009.
The data shows wages up 1.3 per cent in the September quarter. This is the highest quarterly growth ever recorded in the 26-year history of the Wage Price Index.
Wages are now moving again after a decade where they were deliberately kept low by the previous government, but there's more we need to do.
We need to close the loopholes that are undercutting wages, conditions and safety for Australian workers.
That's why the Government introduced its Closing Loopholes Bill this year, which is currently before the Parliament – to stop workers' being underpaid.
Peter Dutton and the Coalition spent a decade in government deliberately keeping wages low.
Under them wages growth never had a '4' in front of it. In fact, it never even had a '3' in front of it.
Wages growth under the previous government averaged 2.1 per cent.
Now in Opposition, Peter Dutton and the Coalition still want to keep wages low.
It's why they said "No" to every measure we've taken to get wages moving in this country, and why they're saying "No" to the Government's Closing Loopholes legislation.

*Media Release from https://www.tonyburke.com.au/*



## Visit to a Palestinian family in Greenacre

Last night I visited the Sakr family in Greenacre. Mona is one of the Australians who was recently evacuated from Gaza. She took me through the weeks of trauma and fear she experienced before getting out.
As this photo was captured, Mona was showing me a beautiful video of people celebrating at a wedding she attended.
At the top of the phone I could see the date; 6th of October 2023. The people in that video celebrating are no longer alive.

*Tony Burke MP Facebook Page, published on 9 November 2023.*




## Housing Australia Future Fund

Today is the start of the $10 billion Housing Australia Future Fund.
It will be transformative – a secure, ongoing pipeline of funding to help deliver 30,000 new social and affordable rental homes.
This means even more Australians will have a safe and affordable place to call home.

*Tony Burke MP Facebook Page, published on 1 November 2023.*



## Congratulations to ARIA winner

Congratulations to G Flip and all the winners from this year's ARIAs. Our music should always be the key soundtrack to life in Australia and I love it when our artists are properly acknowledged.

*Tony Burke MP Facebook Page, published on 20 November 2023.*



Herald Sun

Fresh call for ban on 'killer' stone product

Australia's governments have been urged to implement a blanket ban on a trendy product featured in many Australian homes **over its links to a potentially fatal disease.**

27 OCT, 2023

## Silicosis and work hazard

Yesterday the Albanese Labor Government agreed with all jurisdictions to release the Safe Work Australia report into silicosis.
It's powerful and compelling. It shows very clearly why we need further action to protect workers from this deadly disease.
No one should ever contract a terminal illness simply because they've turned up to work.
This substance is being compared to asbestos for a reason.
The Safe Work Australia report is powerful and compelling. It shows very clearly why we need further action to protect workers from this deadly disease.

*Tony Burke MP Facebook Page, published on 28 October 2023.*



## Visit to Lakemba RSL sub-Branch

Lest we forget.


*Tony Burke MP Facebook Page, published on 11 November 2023.*

সুপ্রভাত সিডনি
The Leading Australian Bangladesh Monthly Community Newspaper | সত্যের সাথে সব সময়

# A Comprehensive Insight into President Erdogan's Journey: A Review of 'President Erdogan: Secrets of Success'

**Dr. Faroque Amin,** Editor Suprovat Sydney

"President Erdogan: Secrets of Success" by Dr. M A Aziz is a detailed exploration of the life and political career of Recep Tayyip Erdogan, the President of Turkey. Published by the Justice and Welfare Foundation in March 2023, the book delves into various aspects of Erdogan's life, providing readers with a comprehensive understanding of the leader.




The book begins with a glimpse into Erdogan's early childhood and teenage years, shedding light on the formative experiences that shaped his character. It goes on to discuss his education, personal nature, and family life, providing readers with a well-rounded view of the man behind the political figure.

One of the notable features of the book is its extensive coverage of Turkey's political and economic landscape before and after Erdogan. The author takes readers on a journey through key political events, introducing influential figures such as Said Bediuzzaman Nursi, Prime Minister Adnan Menderes, Turgut Ozal, and Suleyman Demirel. This historical context helps readers understand the socio-political environment in which Erdogan emerged as a prominent political figure.



The book doesn't shy away from addressing challenges, including Erdogan's time in prison, the necessity of forming a new party, and the intricacies of his mayoral and parliamentary campaigns. It also explores Erdogan's role in various national elections, highlighting his significant historical victory in 2002.


The narrative delves into Erdogan's policy initiatives, including advancements in transportation, healthcare, education, and technology. The author provides an in-depth analysis of Erdogan's response to the 2016 attempted coup, drawing parallels with other historical events like the Iranian Revolution and the Afghan Revolution.




The latter part of the book offers readers a glimpse into Turkey's cultural and religious landscape, showcasing the development of mosques, museums, and the improvement of cleanliness and environmental standards. The inclusion of a detailed list of places to visit in Istanbul and other Turkish cities adds a tourist's perspective to the narrative.


The concluding sections of the book bring attention to Erdogan's vision for Turkey's economic development and his aspirations for the country to be among the world's top 10 economies. The book also provides the latest information on Turkey's achievements under Erdogan, emphasizing the expansion of the railway network and advancements in technology.

Overall, "President Erdogan: Secrets of Success" serves as a comprehensive and informative resource for readers interested in understanding the life and political journey of President Recep Tayyip Erdogan. Dr. M A Aziz's meticulous research and detailed narrative make this book a valuable addition to the literature on Turkish politics and leadership.

সুপ্রভাত সিডনি
সত্যের সাথে সব সময়
Trade Marked & Registered by Australian Government
ACN- 600 352 716 ABN- 93 600 352 716
Registration: BN 98533502
TM:1391330
Bangladesh Community Leading Newspaper In Australia

Suprovat Sydney Family

Legal Advisor: **Mr Hamad Zreika** (Special Counsel)
Advisory Panel: **Mohinuddin Ahmed Zintu (Sweden), Shibly Sohail (Australia), Shahidul Islam Nannu (Japan)**
Editor in Chief: **Md Abdullah Yousuf**
Editor: **Dr Faroque Amin**
Special Division Editor: **Ahmed Raju**
Distribution: **Arif Rahman**
Webmaster: **Golam Mostafa**
Assist Webmaster: **Mahmud chowdhury**
Graphic Designer: **Md Mizanur Rahman**
Composer: **Sumon Islam**
Delivery: **Apostolo**

Reporter
**Habib Hasan, Abul Bashar, Dr Fakir Munshi, Javed kawser, Iqbal Mahmud Md Rashedul Islam**

SStv Live Streaming
**Noman Masum, Mohammed Zakir Hossain**

Sales & Marketing
**Hassan Jalil**

Columnist,project planner,social Media
**Nozaina**

Address
P.O Box- 398, Lakemba, NSW 2195, Australia.
MBL: 0423 031 546
E-mail
suprovat.ceo@gmail.com
Bank Details
Suprovat Sydney, BSB: 032 065 A/C 247 887




পুরো পৃথিবীর মানুষের চোখের সামনে কোন ধরণের আন্তর্জাতিক প্রতিরোধ ছাড়াই প্রায় দুই মাস যাবত ফিলিস্তিনের গাজায় নির্মম গণহত্যা চালিয়ে যাচ্ছে জায়নবাদী রাষ্ট্র ইসরায়েলের সরকার। এর মাঝে পনেরো হাজারের বেশি সাধারণ মানুষ নিহত হয়েছে যাদের মাঝে রয়েছে বিপুল সংখ্যক শিশু, নারী এবং বৃদ্ধ মানুষ। দ্বিতীয় বিশ্বযুদ্ধের পর পৃথিবীতে মানবাধিকার, নিরাপত্তা ও শান্তি নিশ্চিত করার যে উদ্দেশ্য নিয়ে জাতিসংঘ গঠিত হয়েছিলো এবং বিভিন্ন আন্তর্জাতিক আইন কানুন ও সংস্থার গোড়াপত্তন হয়েছিলো, তার সমস্ত কিছুই যে কেবলমাত্র পশ্চিমা দেশগুলোর নিজেদের স্বার্থ রক্ষার জন্য এবং সত্যিকার অর্থে অত্যাচারিত মানুষদের জন্য এসবের কোন ভূমিকা নেই, গাজায় চলমান গণহত্যার ঘটনায় তা নগ্নভাবে পুরো বিশ্ববাসীর সামনে উন্মোচিত হয়ে গিয়েছে। আমেরিকা এবং ইউরোপের বিভিন্ন দেশ যেভাবে ইসরায়েলের মানবতাবিরোধী অপরাধে সক্রিয় সহযোগিতা করে যাচ্ছে, তার ফলে সারা বিশ্বব্যাপী এখন এইসব আন্তর্জাতিক সংস্থা ও আইনকানুনের বাস্তব উপযোগিতা ও ভবিষ্যত গ্রহণযোগ্যতা নিয়ে প্রশ্ন ওঠা শুরু হয়েছে। হিটলারের মানবতাবিরোধী অপরাধ ঠেকানোর দাবীর উপর নায্যতা দাবী করে যে সভ্যতা ও বিশ্বব্যাবস্থার যাত্রা শুরু হয়েছিলো, নেতানিয়াহুর একই ধরণের অপরাধে অপরাধে সে একই ব্যাবস্থা কর্তৃক উল্টা সমর্থন জ্ঞাপনের পর তা মানবতার সামনে নায্যতা হারিয়েছে এবং কেবলমাত্র শক্তির জোরেই এখন টিকে আছে, বিভিন্ন দেশের চিন্তাবিদ ও পন্ডিতরা এখন এমনটাই মনে করছে।

আস্থা ও বিশ্বাসের এই সংকট একটি নতুন এবং অভাবনীয় অবস্থা। পুরো বিশ্বব্যাবস্থার জন্য এটি একটি অশনিসংকেত। বিশ্ববাসী হয়তো ঠিক এখনই এর ফলাফল চোখের সামনে দেখতে পাচ্ছে না, কিন্তু গাজার নিরপরাধ মানুষদের রক্ত সম্ভবত সারা পৃথিবীতে সুদূরপ্রসারী হানাহানি ও অশান্তি ছড়িয়ে পড়ার মাধ্যমে শীঘ্রই পৃথিবীর সব মানুষকে আক্রান্ত করবে।

ফিলিস্তিনিদের স্বাধীনতা সংগ্রামের এই পর্যায়ে পশ্চিমা দেশগুলোর নগ্ন বর্ণবাদ উন্মোচিত হওয়াতে তারা যতটা না নিন্দার যোগ্য, তারচেয়েও হাজার গুণে বেশি নিন্দার যোগ্য তথাকথিত মুসলিম দেশের শাসকরা। কলোনিয়াল শাসনের পরবর্তী যুগে মুসলিম দেশগুলোতে যে কেবলমাত্র একদল ক্রীতদাসকেই মুসলমান জনগোষ্ঠীর ক্ষমতার আসনে বসানো হয়েছে, তা এবার পরিস্কার হয়ে গিয়েছে। পৃথিবীর বিভিন্ন দেশে সাধারণ মানুষ যখন তীব্র প্রতিবাদে ফেটে পড়ছে, তখন মুসলিম দেশের শাসকরা নেতানিয়াহু এবং তার দোসরদের গোলামি করার মাঝেই তাদের টিকে থাকার পন্থা খুঁজে পাচ্ছে।

চলমান সমস্ত হতাশাজনক ও মর্মান্তিক ঘটনাবলীর মাঝেও আশার আলো দেখা যাচ্ছে বিশ্বব্যাপী সাধারণ মানুষের প্রতিক্রিয়ার মাঝে। পৃথিবীর সমস্ত দেশে, এমনকি পশ্চিমা দেশগুলোতেও সাধারণ মানুষের মাঝে ফিলিস্তিনের পক্ষে গণজোয়ারের সৃষ্টি হয়েছে। এই প্রথমবার মূলধারার গণমাধ্যমের সাজানো ও পরিকল্পিত কাহিনীর বাইরে গিয়ে সামাজিক যোগাযোগ মাধ্যমে মানুষ সরাসরি দেখতে পেয়েছে গাজার ভয়াবহ ঘটনাবলী। যার ফলে মানুষের মাঝে ফিলিস্তিন সংকটের উৎপত্তি ও ইতিহাস নিয়ে পড়ার আগ্রহ তৈরি হয়েছে। ফলশ্রুতিতে মানুষ জানতে পারলে ফিলিস্তিনে কারা দোষী এবং কারা নির্মম বঞ্চনার শিকার। এই নতুন গণমতের প্রকাশ ঘটছে পৃথিবীর বিভিন্ন দেশে বিপুল সংখ্যক মানুষের উপস্থিতিতে সম্পন্ন হওয়া বড় বড় প্রতিবাদ ও বিক্ষোভ সমাবেশগুলোতে।

জায়নবাদী ষড়যন্ত্রকারী ও দুর্বৃত্তদের দীর্ঘদিনের ক্ষমতার শক্তিকে সমূলে উৎপাটিত করা হয়তো এ মুহুর্তে সম্ভব নয় কিন্তু জনমতের এই বিশাল পরিবর্তন সেই দীর্ঘ সংগ্রামের পথে বড় একটি মাইলফলক। গাযার অসংখ্য সাধারণ মানুষের আত্মত্যাগের ফলে হয়তো কোন একদিন সে দেশের মানুষরা স্বাধীন বাতাসে মুক্ত নিশ্বাস নেয়ার সুযোগ পাবে। ফিলিস্তিন যদি স্বাধীন হয় তাহলে তা হবে আধুনিক সময়ে সবচেয়ে মূল্যবান ও সবচেয়ে বেশি দাম চুকিয়ে পাওয়া স্বাধীনতা, যে পরাধীনতা ও তীতিক্ষার সৃষ্টি করেছিলো বর্তমান সময়ের সভ্যতার মোড়লরা। ফিলিস্তিনের পরাধীনতা হলো বর্তমান সভ্যতার জন্য ও পুরো পৃথিবীর জন্য একটি কলংকের তিলক, এই সংকটের মানবিক ও নায্য সমাধান ছাড়া পৃথিবীতে কেউ নিজেদেরকে সভ্য দাবী করতে পারে না।

# সুপ্রভাত সিডনি'র উপদেষ্টা পরিষদে তিনজনের যোগদান

*১ম পৃষ্ঠার পর*

মানউন্নয়ন ও চলতি কর্মকান্ডকে আরো গতিশীল করার লক্ষে সম্প্রতি নতুন তিনজন বিশিষ্ট শিক্ষাবিদ ও সমাজসেবী সুপ্রভাত সিডনির উপদেষ্টা পরিষদে যোগদান করেছেন।

সুপ্রভাত সিডনির উপদেষ্টা পরিষদে অংশগ্রহণের মাধ্যমে পত্রিকাটির ভবিষ্যত পথচলায় সক্রিয় অবদান রাখতে সম্মত হয়েছেন সুইডেনের বিশিষ্ট সংগঠক,সমাজসেবী মহিউদ্দিন আহমেদ জিন্টু, অস্ট্রেলিয়ার সুপরিচিত শিক্ষাবিদ ও গবেষক শিবলী সোহায়েল এবং জাপান-প্রবাসী বিশিষ্ট ব্যাবসায়ী নেতা শহিদুল ইসলাম নান্নু।

সুইডেনে প্রবাসী বাংলাদেশী কমিউনিটির অন্যতম নেতা মহিউদ্দিন আহমেদ জিন্টু দীর্ঘ চল্লিশ বছরেরও বেশি সময় যাবত ইউরোপের নানা দেশে নানারকম সমাজসেবামূলক কাজের সাথে জড়িত রয়েছেন। ইউরোপিয়ান ইউনিয়নের সহায়তায় পরিচালিত বারোটি সাংস্কৃতিক সংগঠনের সমষ্টিতে গঠিত বাংলাদেশ সেন্ট্রাল অর্গানাইজেশনের প্রতিষ্ঠাতা সাধারণ সম্পাদক ও সভাপতি হিসেবে তিনি দীর্ঘকাল দায়িত্ব পালন করেছেন। রাজনৈতিক প্রেক্ষিতে তিনি ঢাকা মহানগর যুবদলের প্রতিষ্ঠাতা সিনিয়র সহ-সভাপতি, জাপান বিএনপির সভাপতি, সুইডেন বিএনপির সভাপতি ও প্রধান উপদেষ্টা এবং সর্ব-ইউরোপ বিএনপির আহবায়ক হিসেবে বিভিন্ন সময়ে দায়িত্ব পালন করেছেন।

সুপ্রভাতের সিডনির উপদেষ্টা পরিষদের আরেকজন নতুন সদস্য শিবলী সোহায়েল অস্ট্রেলিয়ার একটি বিশ্ববিদ্যালয়ে শিক্ষকতার পাশাপাশি গবেষণা, কলাম লেখা, মানবাধিকার আন্দোলন ও সমাজসেবায় একজন পরিচিত মুখ। তিনি আন্তর্জাতিক থিংক ট্যাংক অর্গানাইজেশন সাউথ এশিয়া পলিসি ইনিশিয়েটিভের এক্সিকিউটিভ ডাইরেক্টর হিসেবে দায়িত্ব পালন করছেন। অস্ট্রেলিয়ায় প্রবাসী বাংলাদেশীদের বিভিন্ন ধরণের সমাজসেবামূলক ও সাংস্কৃতিক কর্মকান্ডে তিনি সবসময়েই নিজ যোগ্যতায় নেতৃত্ব দিয়ে আসছেন। সুপ্রভাত সিডনির বিভিন্ন উদ্ভাবনী ও সামাজিক গুরুত্বপূর্ণ কর্মকান্ডে তিনি নিঃস্বার্থভাবে পরামর্শ ও সহায়তা দিতে অগ্রণী ভূমিকা রাখেন।

সুপ্রভাতের উপদেষ্টা পরিষদের অন্যতম নতুন মুখ শহিদুল ইসলাম নান্নু জাপানে প্রবাসী বাংলাদেশীদের মাঝে একজন পরিচিত মানুষ। ব্যাবসায়িক গুরুত্বের কারণে তিনি বাংলাদেশে সিআইপি'র সম্মান অর্জন করেছেন। জাপানের বাইরেও এশিয়া, নর্থ আমেরিকা ও আফ্রিকার বিভিন্ন দেশে তিনি ব্যাবসায়িক উদ্যোগ স্থাপিত করেছেন। তিনি জাপান বিএনপি, জাপান প্রবাসীদের সংগঠন এশিয়ান পিপলস ফ্রেন্ডশিপ সোসাইটি, রোটারি এন্ড লায়ন্স ক্লাব, বাংলাদেশ চেম্বার্স অফ কমার্স, জাপান মুসলিম চেম্বার্স অফ কমার্স, টোকিও চেম্বার্স অফ কমার্স, ঢাকা চেম্বার্স অফ কমার্স সহ অসংখ্য প্রতিষ্ঠান ও সংগঠনের সদস্য ও নেতৃত্বে অগ্রগামী ভূমিকায় কাজ করে যাচ্ছেন।

এই তিনজন অভিজ্ঞ এবং পেশাদার গুণীজনের অন্তর্ভূক্তিতে সুপ্রভাত সিডনির উপদেষ্টা পরিষদ আরো বেশি সক্রিয় এবং কার্যকর ভূমিকা রাখবে বলেই সুপ্রভাত সিডনি পরিবার প্রত্যাশা করে। নতুন তিন উপদেষ্টাকে স্বাগত জানিয়ে সুপ্রভাত সিডনি তাদের সহায়তায় অস্ট্রেলিয়া-প্রবাসী বাংলাদেশী কমিউনিটি সহ বিশ্বের নানা দেশে প্রবাসী বাংলাদেশীদের মাঝে অধিকতর অংশগ্রহণমূলক ও সহায়ক ভূমিকা রাখার জন্য কাজ করে যাওয়ার প্রত্যাশা করে।

সুপ্রভাত সিডনি
The Leading Australian Bangladesh Monthly Community Newspaper | সত্যের সাথে সব সময়



# মুসলিম জাহানের কাছে ফিলিস্তিন ও বায়তুল মুকাদ্দাস কেন গুরুত্বপূর্ণ?

। প্রফেসর ড. মুহাম্মদ ইউসুফ আলী।


ফিলিস্তিনের অধিবাসীদের উপর চলছে ইসরাইলি বাহিনীর বর্বরোচিত হামলা। প্রতিদিন মারা যাচ্ছে নিরাপরাধ শিশু, বৃদ্ধ ও মহিলাসহ অগণিত মুক্তিকামী মুসলমান। হাসপাতাল, আশ্রয়স্থল, চিকিৎসাকেন্দ্র,ইবাদতখানা কোন কিছুই বাদ পড়ছে না হায়েনাদের হাত থেকে। রক্তখাদকইসরাইলিরা নামাজরত মুসল্লীদের উপর কাপুরুষোচিত ও ন্যাক্যারজনক হামলা চালিয়ে যাচ্ছে। শহিদ হচ্ছেঅগণিত মা-বোন ও শিশু। কিন্তু কেন? কেনই বা এই জায়গাটি নিয়ে এতো দন্দ? মুসলমানদের কাছে ফিলিস্তিন ও বায়তুল মুকাদ্দাস কেন এত গুরুত্বপূর্ণ ?

**বায়তুল মুকাদ্দাস ও ইসরাইলি রাষ্ট্রের ইতিহাস:**
ইতিহাস থেকে জানা যায়, মুসলিম জাতির পিতা হজরত ইব্রাহিম (আ.) কর্তৃক কাবাঘর নির্মাণের চল্লিশ বছর পর তাঁর ছেলে হজরত ইসহাক (আ.)-এর সন্তান হজরত ইয়াকুব (আ.) ফিলিস্তিনের জেরুজালেম নামক স্থানে 'আল-আকসা' মসজিদটি নির্মাণ করেন। অতঃপর তাঁর ছেলে হজরত ইউসুফ (আ.)-এর বংশধর হজরত দাউদ (আ.)-এর সন্তান হজরত সুলাইমান (আ.) তা পুনঃনির্মাণ করেন। বায়তুল মুকাদ্দস আসলে হাজার হাজার বছর ধরে মুসলমানদের অধীনেই ছিল। কিন্তু ইংরেজেদের সহায়তায় ইহুদীরা ষড়যন্ত্র করে মুসলমানদের কাছ থেকে জোর করে এই পবিত্র মসজিদটি দখল করে নিয়েছে। এখনও ধীরে ধীরে দখল করে নিচ্ছে মুসলমান অধ্যুষিত এলাকাগুলো। বর্তমান জেরুজালেমের পূর্ব নাম ছিল আল-কুদস যেখানে বায়তুল মুকাদ্দস মসজিদটি অবস্থিত। বায়তুল মুকাদ্দস মসজিদটির আর এক নাম হলো মাসজিদুল আকসা অর্থাত দূরবর্তী মসজিদ। কারণ এই মসজিদটি মক্কা থেকে অনেক দূরে অবস্থিত। দ্বিতীয় খলিফাতুল মুসলিমিন ফারুকে আজম হজরত উমর (রা.)-এর খিলাফতকালে ৬৩৮ সালে বায়তুল মুকাদ্দাস, জেরুজালেমসহ গোটা ফিলিস্তিন সম্পূর্ণরুপে মুসলমানদের অধিকারে আসে। ১০৯৬ সালে খ্রিষ্টান ক্রুসেডাররা সিরিয়া ও ফিলিস্তিন জবরদখল করে নেয়। ১১৮৭ সালে মুসলিম বীর সিপাহসালার সুলতান সালাহুদ্দিন আইয়ুবি (র.) পুনরায় জেরুজালেম শহর মুসলমানদের অধিকারে নিয়ে আসেন। এরপর থেকে ফিলিস্তিনে ইসরাইল রাষ্ট্র প্রতিষ্ঠার ষড়যন্ত্র শুরু হয়। এ অসৎ উদ্দেশ্য বাস্তবায়নের জন্য ইহুদি ধর্মাবলম্বীরা তৎকালীন তুরস্কের শাসক সুলতান আবদুল হামিদের কাছে ফিলিস্তিনে বসতির অনুমতি চায়। কিন্তু দূরদর্শী সুলতান তাদের এ দুরভিসন্ধিমূলক প্রস্তাবে রাজি হননি। ১৯১৭ সালে ইংরেজরা ফিলিস্তিনে অনুপ্রবেশ করে এবং ১৯২০ খ্রিষ্টাব্দে পূর্ণ কর্তৃত্ব প্রতিষ্ঠা করে; অল্প সময়ের মধ্যে ইহুদিরা ফিলিস্তিনে স্থায়ীভাবে বসতি স্থাপন করে। ফিলিস্তিনের পবিত্র ভূমিতে ইহুদিদের সংখ্যা বাড়ার সঙ্গে সঙ্গে মুসলমানদের সঙ্গে রাজনৈতিক ও ধর্মীয় দাঙ্গা নিত্যদিনের ঘটনায় পরিণত হয়। এ সময় ব্রিটিশ সাম্রাজ্যবাদীরা অন্যায়ভাবে মুসলমানদের ফিলিস্তিন ভূমিকে মুসলমান ও ইহুদিদের মধ্যে ভাগ করে দেয়। ফলে ১৯৪৮ সালের ১৫ মে বেলফোর ঘোষণার মাধ্যমে জায়ানবাদী অবৈধ ইসরাইল রাষ্ট্র প্রতিষ্ঠিত হয়। তখন থেকে মুসলমানদের প্রতি ইসরাইলিদের জুলুম, নির্যাতন ও অত্যাচারের মাত্রা আরও বাড়তে থাকে, যা অদ্যাবধি চলছে।অবৈধভাবে গড়ে ওঠা রাষ্ট্র ইসরাইল ১৯৬৭ সালে 'মসজিদুল আকসা' জবরদখল করে নেয়। এরপর থেকে সেখানকার মুসলিম জনগণ মুক্তি ও স্বাধীনতার জন্য তাদের সংগ্রাম চালিয়ে যাচ্ছে। কিন্তু ইসরাইলিরা একের পর এক মুসলিমুঅধ্যুষিত এলাকা জবরদখল করে ইহুদি বসতি সম্প্রসারণ অব্যাহত রাখে এবং হত্যা-গুম চালিয়ে যাচ্ছে। সারা বিশ্বের বিভিন্ন দেশের জনগণ ফিলিস্তিনিদের এই প্রতিরোধ আন্দোলনের সঙ্গে একাত্মতা ঘোষণা ও সমর্থন করে যাচ্ছে।

**মুসলমানের প্রথম কেবলা:**
বায়তুল মুকাদ্দাস মসজিদ হলো মুসলমানের প্রথম কেবলা যার দিকে মুখ করে মুসলমানগণ নামাজ আদায় করতো। আমাদের প্রিয় নবী (সা.) ওহি লাভ ও নবুয়ত প্রকাশের সময় 'বায়তুল মুকাদ্দাস'ই কিবলা ছিল। নবীজি (সা.) মদিনায় হিজরতের প্রায় দেড় বছর পর এই কিবলা পরিবর্তন হয়ে পুনরায় 'কাবা' কিবলা হিসেবে নির্ধারিত হয়। মদিনা শরিফে দুই কিবলার মসজিদও রয়েছে। ঐতিহাসিক এই ঘটনাকে 'তাহবিলে কিবলা' বা কিবলা পরিবর্তন বলা হয়। এই থেকেই ইসলামের দ্বিতীয় কিবলা বায়তুল মুকাদ্দাস মুসলমানদের প্রথম কিবলা হিসেবে পরিচিত হয়।

**কুরআন-হাদিসে বায়তুল মুকাদ্দাস ও ফিলিস্তিন:**
বায়তুল মুকাদ্দাস ও ফিলিস্তিন যে বরকতময় এলাকা তা কুরআন-হাদিসের অনেক জায়গায় আলোচনায় এসেছে।পবিত্র কুরআনে বায়তুল আকসা মসজিদটির নাম সরাসরি এসেছে। পবিত্র কুরআনে কয়েক জায়গায় বায়তুল মুকাদ্দাস ও ফিলিস্তিনের আলোচনা স্থান পেয়েছে। যেমন:
এক. ইসরা ও মিরাজের ভূমি: আল্লাহ তায়ালা বলেন, পবিত্র ও মহিমাময় তিনি, যিনি তার বান্দাকে রাত্রে ভ্রমণ করিয়েছিলেন আল-মসজিদুল হারাম থেকে মসজিদুল আকসা পর্যন্ত, যার পরিবেশ আমি করেছিলাম বরকতময়, তাকে আমার নিদর্শন দেখানোর জন্য; তিনিই সর্বশ্রোতা, সর্বদ্রষ্টা' (সূরা বনী ইসরাইল:১)। জেরুজালেম হলো ইসরা বা রসুলুল্লাহর (সা.) রাত্রিকালীন ভ্রমণের সর্বশেষ জমিন। এখানে তিনি সকল নবীর নামাজের ইমামতি করেন। তার পর তিনি এখান থেকে ঊর্ধ্ব আকাশে ভ্রমণ করেন। এর দ্বারা আল্লাহ তায়ালা যেন প্রমান করেন, বিশ্ব ধর্মীয় নেতৃত্ব ইহুদীদের কাছ থেকে নতুন রসুল, নতুন কিতাব ও নতুন উম্মতের নিকট হস্তান্তর করা হয়। এখানে যদি ফিলিস্তিনিদের গুরুত্ব না থাকত, তাহলে আল্লাহ তায়ালা তার প্রিয় নবীকে মক্কা থেকেই সরাসরি ঊর্ধ্ব আকাশে ভ্রমণ করাতেন।
দুই. নবুয়াত ও বরকতময় অঞ্চল: কুরআনেরকয়েকটি স্থানে মহান আল্লাহ তায়ালা ফিলিস্তিনকে বরকতময়, পূণ্যময় ভূখণ্ড বলেছেন। ১. 'যার আশপাশে আমি বরকত নাজিল করেছি।' (সূরা বনী ইসরাইল:১)। ২. ইবরাহিম (আ.)-এর ঘটনা বর্ণনার সময়- 'আর আমি তাকে ও লুতকে উদ্ধার করে নিয়ে গেলাম সেই ভূখণ্ডে, যেখানে আমি কল্যাণ রেখেছি বিশ্ববাসীর জন্য।'( সুরা আম্বিয়া:৭১)৩. মুসা (আ.)-এর ঘটনা বর্ণনায়, যখন ফিরাউনের কবল থেকে মুসা (আ.) ও বান ইসরাইলকে উদ্ধার করে আনা হয় এবং ফেরাউন ও তার সৈন্যদলকে পানিতে ডুবিয়ে মারা হয়। আল্লাহ তায়ালা বলেন, 'যে সম্প্রদায়কে দূর্বল মনে করা হতো, তাদের আমি আমার কল্যাণপ্রাপ্ত রাজ্যের পূর্ব ও পশ্চিমের উত্তরাধিকারী করি; এবং বনি ইসরাইল সমন্ধে আপনার প্রতিপালকের শুভ বাণী সত্যে পরিণত হলো, যেহেতু তারা ধৈর্যধারণ করেছিল। (সূরা আ্বরাফ: ১৩৭)৪. হজরত সুলায়মান (আ.)-এর ঘটনায়। মহান আল্লাহ তায়ালা তাকে রাজ্য দান করেছিলেন এবং সব কিছুকে তার অধীনস্থ করে দিয়েছিলেন। আল্লাহ তায়ালা বলেন, 'আর সুলায়মানের বশীভূত করে দিয়েছিলাম উদ্দাম বায়ুকে; সে তার আদেশক্রমে প্রবাহিত হতো সেই ভূখণ্ডের দিকে যেখানে আমি কল্যাণ রেখেছি; প্রত্যেক বিষয় সম্পর্কে আমিই সম্যক অবগত।' (সুরা আম্বিয়া:৮১)৫. সাবা-এর ঘটনায় আল্লাহ তায়ালা তাদের কীভাবে সুখ-শান্তিতে রেখেছিলেন। আল্লাহ তায়ালা বলেন, 'ওদের ও যেসব জনপদের প্রতি আমি অনুগ্রহ করেছিলাম সেগুলোর মধ্যবর্তী স্থানে দৃশ্যমান বহু জনপদ স্থাপন করেছিলাম এবং ওইসব জনপদে ভ্রমণের যথাযথ ব্যবস্থা করেছিলাম এবং ওদেরকে বলেছিলাম 'তোমরা এসব জনপদে নিরাপদে ভ্রমণ কর দিনে ও রাতে।' (সূরা সাবা:১৮)। তাফসিরে রুহুল মাআনীতে উল্লেখ করা হয়েছে, এই জনপদ বলতে শামকে বুঝানো হয়েছে। আব্দুল্লাহ ইবনে আব্বাস বলেন, এ জনপদ হলো, বায়তুল মুকাদ্দাস। প্রাচীন শামদেশ হলো বর্তমান সিরিয়া, জর্ডান, লেবানন ও ঐতিহাসিক ফিলিস্তিন।
তিন. তৃতীয় সম্মানিত শহর: হাদিসের আলোকে প্রমানিত যে, তিনটি শহর সম্মানিত; মক্কা, মদিনা ও ফিলিস্তিন বা বায়তুল মুকাদ্দাস। সহিহ বুখারিও মুসলিমে হজরত আবু সাইদ খুদরী (রা.) হতে বর্ণিত রসুল (সা.) বলেন, তিনটি মসজিদ ব্যতীত অন্য কোনো (জায়গা ইবাদাতের) উদ্দেশ্যে ভ্রমণে বের হওয়া যাবে না- মসজিদুল হারাম, মসজিদুল আকসা এবং আমার এই মসজিদ।অন্য হাদিসে এসেছে, মসজিদুল আকসায় ১ রাকাত নামাজ আদায় অন্যান্য মসজিদের তুলনায় ৫০০ গুণ, মসজিদুল হারাম এবং মসজিদুন নববী ব্যতীত (বুখারি, মুসলিম)। আর এক হাদিসের বর্ণনায় এসেছে, 'কাবা শরিফ তথা মাসজিদুল হারামে নামাজে এক লাখ গুণ সওয়াব, মদিনা শরিফে মসজিদে নববিতে নামাজে পঞ্চাশ হাজার গুণ সওয়াব, বায়তুল মুকাদ্দাসে নামাজে পঁচিশ হাজার গুণ সওয়াব।
বায়তুল মোকাদ্দাস মসজিদ এবং তার আশপাশের এলাকা বহু নবীর স্মৃতিবিজড়িত স্থান। এ পবিত্র নাম শুধু একটি স্থানের সঙ্গে জড়িত নয় বরং এ নাম সব মুসলমানের ঈমান ও সংস্কৃতির অবিচ্ছেদ্য অঙ্গ। এখানে ঘুমিয়ে আছেন অসংখ্য নবী-রসুল (আঃ)। মুসলিমদের সব দল, উপদল, মাজহাব এ ব্যাপারে একমত যে, ইসলামি দৃষ্টিকোণ থেকে বায়তুল মুকাদ্দাস, মসজিদে আকসা এবং সমগ্র ফিলিস্তিনের মর্যাদা ও মাহাত্ম্য অনেক উচ্চ। এর সংরক্ষণ, পবিত্রতা রক্ষা করা শুধু ফিলিস্তিনিদের নয়; বরং সব মুসলিমের ওপর দায়িত্ব। ঐতিহাসিকভাবেই এটি মুসলমানদের পবিত্র স্থান। মুসলমানরা তাদের পবিত্র ভূমি, প্রথম কিবলা ও তৃতীয় পবিত্রতম মসজিদ দ্রুত ফিরে পাক- এটাই আমাদের কামনা।

*(লেখক: মৎস্য-বিজ্ঞানী ও অধ্যাপক, খুলনা বিশ্ববিদ্যালয়, পোস্ট-ডক্টরাল ভিজিটিং ফেলো, সিডনী)*





# জল্লাদ প্রণব মুখার্জির অপকৃতি

# বাংলাদেশের রাজনীতি ভারতের কূটনীতি ২

সত্যানন্দ চৌধুরী



চৌকশ সমরনায়ক ও সফল রাষ্ট্রনায়ক এর অপর নাম বীরোত্তম শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান।

বাংলাদেশের অকুতোভয় সেনানায়ক, স্বাধীনতার ঘোষক, বীর মুক্তিযোদ্ধা, সফল রাষ্ট্রনায়ক তদুপরি ব্যক্তিগত লোভ-লালসা, দুর্নীতি, স্বজন-প্রীতি ও নৈতিক স্খলনের বিন্দু-কণা যার রক্তের মধ্যে নিহিত ছিল না অর্থাৎ সমুদ্রের তলদেশ সম গভীর দেশপ্রেম ও অনন্ত আকাশ ছোঁয়া সততা ছিল যার চরিত্রের অন্যতম বৈশিষ্ট (এমনকি জীবদ্দশায় তাঁর প্রতিপক্ষ মহল থেকেও এই নিয়ে কোন প্রশ্ন তুলার সুযোগ পায় নাই) তিনি হলেন বাংলাদেশের কালজয়ী নেতা শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান। প্রসঙ্গত উল্লেখ্ না করলেই নয়, সকল প্রকার স্বজন প্রীতির উর্ধে থাকার অভিপ্রায় পোষণ করতেন বিধায় রাষ্ট্র ক্ষমতায় আসীন হয়ে রাষ্ট্রপতি জিয়া তাঁর নিজ বাসায় নিকট আত্বীয়-স্বজনদের প্রবেশাধিকার নি্যিদ্ধ করে দিয়েছিলেন। এমন কি একবার রাষ্ট্রীয় সফরে যুক্তরাষ্ট্র অবস্থান কালে হোটেল কক্ষে তাঁর আপন ছোট ভাই (চির-কুমার) কামাল আহমেদকেও দেখা দেয়ার সুযোগ না দিয়ে যে বিরল দৃষ্টান্ত রেখে গেছেন তাহা জিয়ার নির্মোহ চারিত্রিক বৈশিষ্টের অন্যতম নিদর্শন প্রমান করে বৈকি। শুধু কি তাই? রাষ্ট্র-ক্ষমতায় বসে নিজ পরিবার আর নিকট আত্বীয়-স্বজনদের মন্ত্রী-মিনিস্টার বানানোর নজির কিংবা সরকারী কোন উচ্চ পদে বিশেষ বিবেচনায় নিয়োগ-পদোন্নতি দিয়ে ক্ষমতার অপব্যবহার করার কোন প্রকার অপবাদ তাবৎ রাষ্ট্রনায়কদের মধ্যে কেবল মাত্র জিয়াউর রহমানের গায়েই স্পর্শ করতে পারে নাই। তাহাছাড়া রাষ্ট্রপতির হওয়ার পুর্বের কথাও যদি বলি? তিনি ছিলেন সামরিক বাহিনীর কেবল উচ্চ পদস্থ নয় সর্বোচ্চ এক জেনারেল। আর জেনারেল পদমর্যাদার অফিসার অবসর জীবনে পরিবার নিয়ে বসবাসের জন্য ঢাকায় একখন্ড জমি কিংবা ফ্ল্যাট কিনে রাখেন নাই এমন ২য় আরেকজন জেনারেল বাংলাদেশে আজোবধি খুঁজে পাওয়া যাবে না বলেই আমার দৃঢ় বিশ্বাস।

অথচ এই মহানেতা জিয়ার নির্মম হত্যাকাণ্ডের সহিত পর্দার অন্তরালে কলকাঠি নাড়া ভণ্ড এরশাদ ক্ষমতায় বসে কি না করেছে? বিচারপতি সাত্তারের কাছ থেকে ক্ষমতা কেড়ে নেয়ার পর সর্বস্থরে কৃচ্ছতা সাধনের ডাক দিয়ে স্বৈরাচারী-স্বেচ্ছাচারী-স্বজনপ্রীতি আর মহা-দুর্নীতিতে আকণ্ঠ নিমজ্জিত হয়ে রেকর্ড গড়ে ছিলেন। যেমন প্রথমেই ফার্স্ট লেডি হিসাবে নূতন এক পদ সৃষ্টি করে তাঁর স্ত্রী রওশন-কে বসিয়েছিলেন যার প্রটোকল ছিল প্রধান বিচারপতি কিংবা মন্ত্রী এমনকি তৎকালীন উপ-রাষ্ট্রপতিরও (মওদুদ আহমেদ) উপরে। সরকার নিয়ন্ত্রিত বেতার-টেলিভিশন-প্রিন্ট মিডিয়ায় রাষ্ট্রপতি এরশাদের পর পরই ফার্স্ট-লেডি রওশন কোথায় কি উদ্ভোধন করতে গিয়ে কি বলেছেন সেই খরর স্থান পেত। তদুপরি রাষ্ট্রপতি থাকা কালীন তাঁর ছোট ভাই জি এম কাদেরকে রাষ্ট্র মালিকানাধীন যমুনা অয়েল কোম্পানীর শীর্ষ কর্মকর্তা হিসাবে পদায়ন করা ও সরকারী চাকুরী থেকে অবসরে যাবার পর জাতীয় পার্টির এমপি বানানো। রাষ্ট্রপতির আসনে অধিষ্ঠিত থেকে স্ত্রী রওশন এরশাদের নামে রাজধানীর বাণিজ্যিক এলাকা কাউরান বাজারে জনতা টাওয়ার নির্মান এবং নিজ বাসার সিন্ধুকে তিন কোটি টাকার ও বেশী নগদ আবিষ্কার ইত্যাদি লুটপাট আর অনিয়মের কথা ছিল সর্বজন বিদিত। তাহাছাড়া এই ভন্ড এরশাদের অবৈধ নারী লিপ্সু, একাধিক নারীর সহিত প্রণয় লীলা ও নৈতিক স্খলনের চটকদার কেচ্ছা-কাহিনী বর্ননা করে আমার লিখার কলেবর আর বাড়াতে চাই না।

অপরদিকে ভোট ডাকাতি আর বিনা ভোটে জোর করে রাষ্ট্র ক্ষমতা দখল করে নেয়া শেখ হাসিনার স্বজনপ্রীতি-স্বেচ্ছাচারিচা-লুটপাটের কাহিনী দেশবাসীর অজানা থাকার কথা নয়। যেমন তিনি রাষ্ট্রীয় সফরে বিদেশ ভ্রমণ কালে চার্টার বিমানে দল-বল চেলা-চামণ্ডাদের বিশাল বহর নিয়ে বেডানো এমনকি ভাগিনার সাথে দেখা করার জন্য সুদুর ফিনল্যান্ডে বিশাল বিমান উড়িয়ে নিয়ে রাজকীয় কায়দায় দেশ বিদেশ ঘুরে বেড়ানোর কাহিনী আর বিলাস বহুল বুলেট ফ্রুফ লিমুজিন গাড়ির ব্যবহার পৃথিবীর সেরা ধনকুবের বৃটিশ-সৌদি-ব্রুনাই এর রাজ-রানীদেরকেও হার মানায়।

যাহোক এবার, মূল কথায় ফিরে আসি। **১৯৭১** সালে স্বাধীনতা যুদ্ধ কালীন সময়ে আমি মাত্র ৬ষ্ঠ শ্রেণীতে পড়া ছোট্ট এক স্কুল বালক হলেও এর আগে 'মাদ্রাসা' শিক্ষায় দুই বছর কাটিয়ে আসার সুবাদে শারীরিক আকার ও বুদ্ধি-বিবেচনায় ছিলাম ৮ম শ্রেনীর বালকদের মতোই, সেই বিবেচনায় আমার নিজ চোখে দেখা মুক্তিযুদ্ধের অনেক স্মৃতি মোটেও ভুলে যাবার কথা নয়।

প্রিয় পাঠক,(আমার ব্যাক্তিগত কৃতিত্বের কিছু না হলেও) বাংলাদেশের অবিসংবাদিত ও সফল রাষ্ট্র নেতা শহীদ জিয়ার যে ২-টি বীরত্ব ও বেদনাময় স্মৃতির আমি অন্যতম সাক্ষী তাহা হল-

**১৯৭১** সালের ২৬ মার্চ কালুরঘাট বেতার কেন্দ্র থেকে দেয়া মেজর জিয়ার কণ্ঠে স্বাধীনতার ঘোষণা আমার নিজ কানে শুনা-"প্রিয় দেশবাসী, আমি মেজর জিয়া বলছি, আমি দেশের অস্থায়ী রাষ্ট্রপ্রধান হিসাবে বাংলাদেশের স্বাধীনতা ঘোষণা করছি....................."

তবে এর পরের দিন অর্থাৎ ২৭ মার্চ তিনি তাঁর ঘোষণায় সংশোধন এনে বলেন "প্রিয় দেশবাসী, আমি মেজর জিয়া বলছি, আমি মুক্তিবাহিনীর অস্থায়ী সর্বাধিনায়ক হিসাবে ...... শেখ মজিবুর রহমানের পক্ষে বাংলাদেশের স্বাধীনতা ঘোষণা করছি.................।"

[মুক্তিযুদ্ধের অন্যতম সেক্টর কমান্ডার ও বাংলাদেশের প্রথম সেনাপ্রধান কে এম সফিউল্লাহ তাঁর Bangladesh At War (Dhaka, Academic Publishers, 1989) গ্রন্থের ৪০-৪৫ পৃষ্ঠায় স্পষ্ট করে এ কথাই বলে গেছেন- "মেজর জিয়া ২৫শে মার্চের রাত্রিতে পাকিস্তান সামরিক বাহিনীর বিরুদ্ধে সদলবলে বিদ্রোহ ঘোষণা করেন এবং তাঁর কমান্ডিং অফিসার জানজুয়া ও অন্যদের প্রথমে গ্রেফতার ও পরে হত্যা করে পাকিস্তান বাহিনীর বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করেন। পরে ২৬শে মার্চে তিনি স্বাধীনতার ঘোষণা দিয়ে পাকিস্তান সামরিক বাহিনীর মোকাবিলার জন্য সবাইকে আহবান করেন"

তাহাছাড়া ভারতীয় সেনাবাহিনীর (অবঃ) মেঃ জেঃ সুখান্ত সিং তাঁর The Liberation of Bangladesh, Vol-1 (Delhi: Lancer Publishers, 1980) গ্রন্থের ৯ পৃষ্ঠায় লিখেছেন "ইতিমধ্যে ২৬শে মার্চ চট্টগ্রাম বেতার থেকে একজন বাঙ্গালি অফিসার মেজর জিয়ার কণ্ঠস্বর ভেসে আসে"

অথচ শেখ হাসিনা শহীদ জিয়ার দেয়া ২৬ মার্চের ঘোষণাকে আড়াল করে চট্টগ্রামের আওয়ামী নেতা, তাঁর হান্নান কাকার ভুয়া ঘোষণা তত্ত্ব দ্বারা প্রতিস্থাপন পূর্বক ভারত পোষা আওয়ামী লেখক শ্রেনীর মাধ্যমে মনের মাধুরী মিশানো ইতিহাস রচনা করে বাজারজাত করার প্রাণান্তর চেষ্টার কোন ক্রুটি করে নাই। কেননা হাসিনাই প্রথম আবিষ্কার করেন তাঁর পিতা শেখ মুজিব নাকি ২৫ মার্চ গ্রেফতার হওয়ার পূর্বে স্বাধীনতার ঘোষণা চট্টগ্রাম বেতার থেকে সম্প্রচার করার জন্য স্থানীয় আওয়ামী নেতা 'হান্নান' সাহেবকে নির্দেশ দিয়ে গিয়েছিলেন। তাই শেখ হাসিনার ভাষায় ২৬ মার্চ এই হান্নান কাকাই প্রথম স্বাধীনতার ঘোষণা পাঠ করেছিলেন, তবে যদিও তাহা শেখ হাসিনা ছাড়া আর কেউ শুনতে পায় নাই। যদি তাই হবে অর্থাৎ শেখ মুজিব নির্দেশ দিয়ে গিয়েছিলেন, তবে রেডিও স্টেশন ত চট্টগ্রাম ছাড়াও তখন আমার জানা মতে অপর দুই বিভাগীয় শহর যেমন রাজশাহী, খুলনা এমনকি সিলেট শহরেও ছিল। আর এই শহর গুলিতেও হান্নান কাকার ন্যায় অনুরূপ স্থানীয় আওয়ামী নেতা যেমন 'মান্নান কাকা' কিংবা 'নান্নান কাকার' কোন অভাব ছিল বলে ধরে নেয়া যায় না। তবে সেই সব শহর থেকেও প্রচার করার জন্য তিনি বলে যান নাই কেন? মুদ্দা কথা ২৬ মার্চ যেহেতু দেশের স্বাধীনতা দিবস আনুষ্ঠানিক ভাবে পালন করা হয় তাই অত্যন্ত সুকৌশলে এই ২৬ মার্চে দেয়া জিয়ার ঘোষনার কথা ইতিহাস থেকে যে করেও হোক মুছে ফেলতে হবে এই হল তাঁদের কথা।

২৫ মার্চ **১৯৭১** রাতে চট্রগাম বন্দরে সোয়াত জাহাজ থেকে অস্ত্র খালাসের দায়িত্ব পালন কালে দূরদর্শী অড়িৎকর্মা ও চৌকশ সেনা অফিসার মেজর জিয়া আঁচ করতে পেরেছিলেন এই অস্ত্র নিরীহ বাঙ্গালীদের হত্যা করার জন্য ব্যবহার করা হবে যাহা কোনভাবেই হতে দেয়া যায় না। তাই এই অস্ত্র খালাসের দায়িত্ব পালনকালে (শেখ মুজিবের নির্দেশের অপেক্ষা না করে) স্বপ্রনোদিত হয়ে তাঁরই কমান্ডিং অফিসার কর্নেল জানজুয়া সহ আরও কয়েকজন পাকিস্তানী সেনাকে ব্রাশ ফায়ারে হত্যা করে মেজর জিয়া we revolt বলে পাকিস্তানী বাহিনীর বিরুদ্ধে বিদ্রোহ ঘোষণা করেন এবং এরেই ধারাবাহিকতায় পরদিন অর্থাৎ ২৬ মার্চ কালুরঘাট বেতার থেকে তিনি (শেখ মুজিবের নির্দেশের অপেক্ষা না করে) স্বপ্রনোদিত হয়েই প্রথম স্বাধীনতার ঘোষণা দিয়ে ইতিহাসের পাতায় স্থান করে নিয়েছেন।

তাহাছাড়া কর্নেল জানজুয়া সহ একাধীক পাকিস্তানী সেনাকে হত্যা করার মাধ্যমে আমাদের ৯ মাস স্থায়ী মুক্তিযুদ্ধে সর্বপ্রথম কোন শত্রু সেনাকে গুলি করে হত্যা করার বীরত্বময় দৃষ্টান্ত কেবল মেঃ জিয়া ছাড়া অন্য কোন মুক্তিযোদ্ধা কিংবা সেক্টর কমান্ডারগনের কেউই দেখাতে পারেন নাই। অথচ এই মুক্তিযুদ্ধ কালীন সময়ে পাকিস্তানী বাহিনীর হাতে বন্দি অবস্থায় আমোদ-ফুর্তি আর সন্তান প্রসব, সন্তান লালন-পালনে ব্যাস্থ থাকা (কেননা জয়ের জন্ম ২৭ জুলাই **১৯৭১**) ভোট ডাকাতি করে প্রধানমন্ত্রীর আসন দখল করা, গুম-খুনের সর্দার শেখ হাসিনা আজ যদি ইতিহাস বিকৃত করে বলে- "জিয়া কি যুদ্ধ ময়দানে গিয়ে কখনো যুদ্ধ করেছে? কেউ কি দেখেছে জিয়া একটা গুলি ছুঁড়েছে?" তাতে বিস্মিত হওয়ার কি আছে?]

অতঃপর স্বাধীনতা অর্জনের দশক পার না হতেই র-এর সুদূর প্রসারী পরিকল্পনা আর মীরজাফরের বংশোদ্ভূত দেশীয় কিছু উচ্চাভিলাষী ও প্রতিহিংসা পরায়ণ সামরিক-বেসামরিক নেতাদের (হাসিনা-এরশাদ-মঞ্জুর গং) যোগসাজশে ৩০ শে মে, **১৯৮১** সালে এক ব্যর্থ সামরিক অভ্যুত্থানে জিয়াউর রহমান চট্টগ্রাম সার্কিট হাউজে নিহত হওয়ার পর তাঁর মরদেহ শহর থেকে প্রায় ২০ কিঃ মিঃ দূরে চট্টগ্রাম প্রকৌশল বিশ্ববিদ্যালয় (চুয়েট) ক্যাম্পাস সংলগ্ন এক নির্জন পাহাড়ের পাদদেশে বলা যায় অনেকটা মাটি-চাপা দিয়ে বা দায়সারা গোছের কবর দিয়ে রাখা হয়েছিল।

হত্যাকাণ্ড ঘটনার দুই দিন পর, কবরের সন্ধান পেয়ে সেনাবাহিনীর কয়েকজন কর্মকর্তার উপস্থিতিতে স্থানীয় লোকদের সহায়তায় তাঁর মরদেহ কবর থেকে উঠানো হয়েছিল। তবে একই কবরে পাশাপাশি তিনটি মরদেহ!!! কবরের চারিপাশে শত-শত মানুষের ভিড় যার মধ্যে অধিকাংশই ছিল ঐ চুয়েটের ছাত্র আর আমিও ছিলাম এরই মাঝে একজন। গর্ত খুরা শেষে এক পর্যায়ে কে নামবে গর্তের ভিতরে মরদেহ তুলার জন্য? কিছুটা ইতস্তত বোধ ও ভয় যেন কাজ করছিল মাটি-খোঁড়া লোকদের মধ্যেও। হটাৎ চোখের পলকেই দেখা গেল অত্যন্ত ডানপিটে স্বভাবের ছাত্র হিসাবে চুয়েট ক্যাম্পাসে ব্যাপক ভাবে খ্যাত (কেননা বিষধর সাপ ধরার টেকনিকও তার জানা ছিল) আমাদেরই অনুজ (বরিশালের) সেই সোয়েব বাসুরি (হাবলু) সবার আগে গর্তে নেমে পড়ল!!! অতঃপর আরো কয়েজনের সহায়তায় একে একে তিনটি মরদেহই গর্ত থেকে উপরে উঠানো হল। কিছুটা বিকৃত হয়ে গেলেও তিনটি মরদেহের মধ্যে মাথায় হালকা চুল সমেত প্রশস্ত ললাটের চেহারা দেখে নিয়ে জিয়ার মরদেহ সনাক্ত করতে আমাদের কোনই বেগ পেতে হয় নাই। আমার চোখে এখনো ঝল-ঝল করে ভাসছে বুলেটের আঘাতে ঝাঁঝরা করে দেয়া ক্ষণজন্মা এক মহান নেতার নিথর মরদেহের সেই বীভৎস ও দুর্লভ স্মৃতি!!! আফসোস!! হতভাগা বাংলাদেশ হারালো এমন এক মহান নেতা যার বিকল্প আগামী আরও ১০০ কোটি বছরেও বাংলাদেশের ভাগ্যে জুটবে কিনা তা কে জানে?

মাত্র ৪ (চার) বছর দেশ চালনার সুযোগ পেয়ে জিয়াউর রহমান ভারতের তাবেদারী থেকে মুক্ত করে বাংলাদেশেকে বানিয়েছিলেন সার্বভৌম এক দেশে এবং পৌঁছে দিয়েছিলেন দেশকে তলা বিহীন ঝুড়ির তকমা থেকে আন্তর্জাতিক ভাবে এক মর্যাদাশীল আসনে। সৌদি আরব এবং চীনের স্বীকৃতি আদায় এবং ইরাক-ইরান যুদ্ধ মীমাংসায় ওআইসি হতে মনোনীত অন্যতম মধ্যস্থতাকারী হিসাবে নাম লিখিয়ে তিনি আর্ভিভুত হয়েছিলেন ৫৭-টি দেশ সমন্বিত সমগ্র মুসলিম-বিশ্বের অসাধারণ জনপ্রিয় এক বিশ্ব-নেতা হিসাবেও বটে। তাহাছাড়া দক্ষিণ পূর্ব এশিয়ার আঞ্চলিক সহযোগিতা জোট সার্কের আবির্ভাব ছিল এই মহানেতা জিয়ার রাষ্ট্র-নায়কোচিত চিন্তা চেতনারই ফসল। অতঃপর জিয়ার এই অসাধারণ সাফল্যে ঈর্ষান্বিত দেশের অশুভ চক্র আর আধিপত্যবাদি ভারতের চাণক্য কারসাজিতে ক্ষণজন্মা এই নেতা অকালে নির্মমভাবে নিহত হলেও তাঁর প্রতিষ্ঠিত রাজনৈতিক দল বিএনপি বেশ দাপটের সাথেই রাজনীতির মাঠে টিকে ছিল কোটি-কোটি মানুষের ভালবাসা আর সমর্থন নিয়ে। যেমন নিরপেক্ষ সরকারের অধীনে অনুষ্ঠিত **১৯৯১** সালের নির্বাচনে একক সংখ্যাগরিষ্ঠতা এবং **২০০১** সালে নির্বাচনে ভূমিধ্বস বিজয় অর্থাৎ দুই-তৃতীয়াংশের বেশী আসনে জিতে সরকার গঠন যার উজ্জ্বল দৃষ্টান্ত।

অথচ ভাগ্যের কি নির্মম পরিহাস! মহান নেতা জিয়ার সহধর্মিণী খালেদার অদূরদর্শিতা, রাষ্ট্র-নায়কোচিত মেধাহীনতার সুযোগ কাজে লাগিয়ে আবারো র-এর অশুভ চক্রান্ত আর কূট-কৌশলের কাছে ক্রমাগত মার খেয়ে দেশের বৃহত্তম ও সবচেয়ে জনপ্রিয় দল বিএনপি আজ মাটিতে পড়ে গড়াগড়ি খাচ্ছে!!

***চলবে***



# সমকালীন দুষ্ট রাজনীতি

ড. মো: নুরুল আমিন

একজন পুলিশ সদস্যের মৃত দেহ পরে আছে রাস্তায়। এটা নিয়ে ব্যপক শোকের সৃষ্টি হয়েছে। তিনি একজন বাবা, সন্তান, স্বামী ইত্যাদি। আমিও এই পুলিশের মৃত্যুতে ব্যথিত। সে আমার ভাই, চাচা বা আত্নীয় হতে পারতো! কিন্তু এই পুলিশ সদস্যের মৃত্যুর জন্য দায়ী কে? আওয়ামী লীগ? বি এন পি? ফকরুল সাহেব? কাদের সাহেব? আমি মনে করি এই মৃত্যুর জন্য দায়ী হচ্ছে বাংলাদেশের রাজনীতি। জনগণের গলা চেপে ধরা রাজনীতি।

রাজনীতি হচ্ছে রাজ্য বা রাস্ট্র পরিচালনার নীতি। রাস্ট্র হচ্ছে জনগণের একটি প্রতিষ্ঠান। সমস্ত জনগন সমানভাবে এর মালিক। ফকির, ধনী, চাষা, মেজর, এস পি, ডিসি, আমলা, কামলা সবাই সমানভাবে রাস্ট্রের মালিক। তাই সবার ভোট একটি করে। কিন্তু এই প্রতিষ্ঠান চালাতে লোকজন লাগবে। তাই জনগণ ভোট দিয়ে তার রাস্ট্র বা প্রতিষ্ঠানকে চালাতে কিছু প্রতিনিধি নির্বাচিত করে। রাস্ট্র পরিচালনায় কিছু নিয়মের প্রয়োজন। সে লক্ষ্যে তৈরী করা হয় সংবিধান, আইন। তাই জনগণের ভোটে নির্বাচিত হয়ে মেম্বার, চেয়ারম্যান, এম পি, মন্ত্রী, প্রধানমন্ত্রী, সবাই হন দায়িত্বপ্রাপ্ত সাংবিধানিক কর্মচারী। এরা হলেন দায়িত্ব প্রাপ্ত। কিন্তু দায়িত্ব পেয়ে এরা হয়ে যান ক্ষমতা প্রাপ্ত। দায়িত্ব প্রাপ্ত হলে অর্পিত দায়িত্বের জন্য মালিকের কাছে জবাবদিহি করতে হয়। কিন্তু বাংলাদেশের রাজনীতিতে উনারা ক্ষমতাপ্রাপ্ত হন বিধায় জনগণকে পাত্তা দেয়না। অর্থাৎ জনগণকে রাস্ট্রের মালিক মনে করেননা। উনারা নিজেরাই ক্ষমতাধর প্রভু হয়ে জনগণের উপর জুলুম শোষণ চালান। এই কাজে তারা রাস্ট্রের অন্যান্য প্রতিষ্ঠান পুলিশ, সেনা, বিচার বিভাগ, প্রশাসন সবকিছুকেই নিজেদের আয়ত্ত্ব করেন। নিজেদের ফরমায়েশ পালন করবে এমন ব্যক্তিকে পদে বসান। আফসোস ঐ পদ গৃহীত চাটুকাররা নিজেদের পকেট ভর্তি ও পদ রাখতে ক্ষমতাশীন দলের লেজুড়বৃত্তি করেন। ক্ষমতাশীনদের অন্যায় হুকুমকে তলব করেন এবং যথারীতি সেটাকে সরকারি আদেশ বলে চালিয়ে দেন। কিন্তু সরকারি আদেশ নাকি সরকারি দলের আদেশ এই বিষয়টি তারা পার্থক্য করতে পারেনা।

আগেই উল্লেখ করেছি রাস্ট্র নামক প্রতিষ্ঠানটির মালিক হচ্ছে জনগণ। তাহলে সরকারি চাকুরীজীবিরা কে? কনস্টেবল, সিপাহি, দারোগা, ওসি, এসপি, আইজিপি, ই এন ও, ডিসি, ভিসি, অফিসার, প্রফেসর সবাই ঐ রাস্ট্র নামের প্রতিষ্ঠানটির কর্মচারী। যেটাকে সংবিধানে বলা হয় প্রজাতন্ত্রের কর্মচারী। একই সাথে এরা নিজেরাও একজন জনগণ। সে অর্থে তারাও রাস্ট্রের মালিক শ্রেনীর। তাই চাকুরীজীবিদের দায়িত্ব আরও বেশি। তারা একইসাথে রাস্ট্রের মালিক এবং সেবা প্রদানে দায়িত্ব প্রাপ্ত কর্মচারী। কিন্তু চাকুরী পাবার পরে সরকারি চাকুরীজীবি অনেকেই রাস্ট্র এবং সরকার, সরকার এবং সরকারি দল, ইত্যাদির পার্থক্য করতে পারেনা। অথবা পার্থক্য করতে পারলেও সিস্টেম এমন হয়ে দাড়িয়েছে যে সে সরকার এবং সরকারি দলের মধ্যে পার্থক্য করতে পারেনা অথবা পার্থক্য করতে চায়না। তাই প্রায়শই সরকারি দলের দ্বারা আদেশপ্রাপ্ত হয়ে সেটাকেই সরকারি আদেশ মনে করে জনগণের উপর নির্যাতন করে।

উদাহরণ স্বরূপ গত ২৮ অক্টোবর ২০২৩ বিরোধী দলের উপর পুলিশের অকস্মাৎ আক্রমণ। এতে সাধারণ জনগণের সাথে একজন পুলিশ সদস্যের মৃত হয়েছে। এখন সরকারি দলের পক্ষ থেকে এই খবরটাকে ফলাও করা হচ্ছে। বুঝাতে চাচ্ছেন যে বিরোধী দলের উগ্রতার কারনে এই পুলিশের মৃত্যু হয়েছে। অনেকেই আবার পুলিশের মৃত্যুতে ক্ষোভ প্রকাশ করে বলছেন পুলিশের কি দোষ? সে সরকারি আদেশ মানতে বাধ্য। প্রশ্নটা এখানেই ? আদেশ কি সরকারের নাকি সরকারি দলের? আর সরকারের আদেশও যদি হয় তবে আদেশটা কি সাধারণ জনগণের বা মালিকের উপর চড়াও হওয়া। একটু বিবেচনা করে দেখুন মালিক পক্ষ যাকে দায়িত্ব দিয়েছে রাস্ট্র পরিচালনার কর্মচারী হিসেবে, সেই কর্মচারী আক্রমণ চালায় মালিকের উপর। বিষয়টা অনেকের কাছে ইউটপিক্যাল মনে হতে পারে।

কেউ কেউ ছি ছি করে বলছেন সরকারি পোষাকধারী পুলিশকে পিটিয়ে হত্যা করা হয়েছে। এটা নিয়েই অনেকে সরব। কিন্তু এই সরকারি পোষাকধারী পুলিশ যখন জনগণকে গুলি করে তখন আপনি সরব না কেন? অবশ্যই সব মৃত্যুই কষ্টের। হোক সে পুলিশ, হোক সে জনগন। কিন্তু আপনাদের বয়ান কেন এক তরফা!

কেউ কেউ মনে করেন বা বলার চেষ্টা করছেন পুলিশ আক্রমণ করতেই পারে। এটা তাকে আদেশ দেয়া হয়েছে। কিন্তু জনগণ কেন উগ্র হবে? আমারও প্রশ্ন সেটাই। জনগণ কেন উগ্র হবে? কিন্তু একটু গভীরভাবে চিন্তা করে দেখুন একজন মালিক কখন রাগ করে! কর্মচারী যখন মালিকের সেবা না করে উল্টো মালিকের উপর আক্রমন করে তখন এমন কোন মালিক আছে যে চুপ করে থাকবে? তাই বছরের পর বছর যখন প্রজাতন্ত্র বা রাস্ট্রের দ্বায়িত্বপ্রাপ্ত কর্মচারীরা মালিককেই দমন করতে চায়, মালিকের উপর জুলুম, নির্যাতন, অত্যাচার চালায় তখন মালিকপক্ষ এক পর্যায়ে সহ্য করতে না পেরে উগ্র হয়ে উঠে। তাহলে জনগণকে উগ্র বানানোর জন্য পুরো দোষী জুলুম, শোষণ ও জোড়পুর্বক ক্ষমতায় থাকা শোষক শ্রেণির। জনগণকে ক্ষেপিয়ে উগ্র বানিয়েছেন ঐ জালিম শোষক শ্রেণী। এখন একটি উদাহরণ দেই। উন্নত দেশে যেমন নরওয়ে, ফিনল্যান্ড, জাপান, সুইজারল্যান্ড, অস্ট্রেলিয়া, ক্যানাডা ইত্যাদি দেশে জনগন খুব সহজে উগ্র হয়ে ভাংচুর চালায় না। কারণ কি? ঐ সব পুলিশও উগ্র আচরণ করেনা। কোন বিদ্রোহ দমনে যতটুকু সম্ভব শান্তিপুর্ন ভাবেই জনগণকে বাধা দেয়। তাই পুলিশ ও জনগণ কেউ মারা যায় না! দুই একটি বিচ্ছিন্ন ঘটনা ঘটে গেলেও তার সুষ্ঠু তদন্ত ও বিচার হয়। দোষী পুলিশ বা জনগণ বা সরকারি দলের সমর্থক বা যেই হোক তাকে শাস্তি পেতে হবেই। কিন্তু বাংলাদেশে কি দেখি? কোন ভাবে যদি প্রমান করতে যে দোষী ব্যক্তি সরকারি দলের সমর্থক তবে মুক্তি! বিরোধী দলের হলে বিশেষ স্থানে গরম ডিম দিয়ে অত্যাচার করা হয়, আংগুল উপরে ফেলা হয়, পুরুষ লিংগ থ্যাথলে পিটানো হয়। একজন দোষী হলেও তো তাকে নির্যাতন করার আইন বিশ্বের কোন দেশেই নেই, বাংলাদেশেও নেই। এজন্য আদালত আছে। কিন্তু সেই আদালতটা পর্যন্ত নিরপেক্ষ আছে কিনা সেটাও বিবেচ্য। জনগণের শেষ ভরসা যে আদালত সেই আদালতটাও সরকারি দলের পক্ষে কাজ করে ? অপরাধী সরকারি দলের সমর্থক হলে বেকুসুর খালাস। আর অপরাধ না করেও বিরোধী দলের সমর্থক হলে ডান্ডা বেরি! আর অপরাধী হলে সাজা নিশ্চিত। এত সব জুলুম শোষণ সহ্য করার পর জনগণ চায় তার রাস্ট্রের দ্বায়িত্বপ্রাপ্ত সরকারকে পরিবর্তন করতে। কিন্তু সেই পরিবর্তন করতে প্রয়োজন হয় ভোটের। সেই ভোটের অধিকারটাও নেই জনগণের! একেমন বিচার! জনগণ বা মালিক চাচ্ছে তার কর্মচারী বদলাতে। আর কর্মচারীরা একজোট হয়ে বলবে "না"। আগেই জোর করে ভোট কেটে নিয়ে জোরপূর্বক ক্ষমতা কেড়ে নেয়! তারপর উচু গলায় বলেন " জনগণ আমাদেরকে নির্বাচিত করেছে "! অবাক বিষয়! তাহলে যারা সরকারকে বদলাতে চায় তারা কারা? তারা কি জনগণ নয়? তখন শুনা যায়, ওরা অমুক, ওরা অমুক পন্থী, ওরা অমুক চেতনার। সমস্যা কি ভাই! ওরা মালিক পক্ষ। ওদের দেয়া দ্বায়িত্ব পালনে ব্যর্থ হলে ওরা তো চাইবেই আপনাকে বদলাতে। ওদেরকে ওদের রাস্ট্রের পরিচালক নির্বাচন করতে দিন। রাস্ট্র তো জনগণের। জনগণ কাকে বাছাই করতে চায় সেটা তার ব্যাপার। আপনি আমি জোরপূর্বক ক্ষমতা কেড়ে নিয়ে থাকতে চাই কেন? কেন বলি, আমাদের হাতে দ্বায়িত্ব না থাকলে দেশ এটা হবে, সেটা হবে! সেটা জনগণকেই বুঝতে দেন। তাদের উপর ছেড়ে দেন। এতে আপনাদের আপত্তি কোথায়?

আর জনগণ? সেটার সংগা কি? জুলুমবাজ ফেসিস্ট শাসকরা এই জনগণের ডেফিনিশনটাও বদলে দিয়েছে! সরকারি দলের সমর্থক হলে সে জনগণ। আর বিরোধী দলের সমর্থক হলে সে যেন জনগণ নয়! তাদেরকে বিভিন্ন নামে সংগায়িত করা হয়। লাল, নীল, সাদা, কালো, হুলুদ ও ডোরাকাটা বিভিন্ন বিভিন্ন নাম। আর একটি বিশেষ দলের নামে তকমা লাগিয়ে দিতে পারলে তো কথাই নেই। তাকে দিনে দুপুরে পিটিয়ে মারলেও তার বিচার নেই! এই হচ্ছে যখন জনগণের অবস্থা তখন আর সে কত মুখ বুজে থাকবে? একদিন তো উগ্র হবেই। এখানে একটি পরিস্কার করে বলছি। জনগণের উগ্র আচরণকে সাপোর্ট করছি না। কারন দেশ কারো একার নয়। এটা সব জনগণের সম্পদ। তাই যে কেউ ইচ্ছে করলেই উগ্র হয়ে বে আইনি কাজ করতে পারেনা। কিন্তু একটি দেশের অধিকাংশ জনগণ যখন জুলুম শোষণ সহ্য না করে শোষক শ্রেণির বিরুদ্ধে আন্দোলন করে তখন সেটা গন অভুথ্যান হয়ে যায়। বিশ্বের কোন দেশেই গন অভুথ্যান অপরাধ নয়। কিন্তু জনগণের উপর অত্যাচার চালানোর হুকুম দেয়া, লগি-বইঠা, লাঠি, ঝাড়ু নিয়ে আসার হুকুমজারি করা ফৌজদারি অপরাধ। কিন্তু বাস্তবতা কি? বি এনপির ফকরুল সাহেব যখন শান্তিপুর্ন সমাবেশের ঘোষণা দিয়েছেন। তার কোন বক্তব্যে উস্কানিমূলক উক্তি ছিলো না। কিন্তু তাকে গ্রেফতার করা হয়েছে হুকুমের আসামী হিসেবে। অন্যদিকে, ওবায়দুল কাদের সাহেব হুমকি ও উস্কানিমূলক বক্তব্য দিয়ে বলেই চলেছেন, "বি এন পির অবস্থা শাপলা চত্তরের চেয়েও খারাপ হবে।" একইসাথে মেয়র তাপস বলছেন সবাইকে লগি-বইঠা নিয়ে এসে আগের মতোই গনতন্ত্র রক্ষা করতে! উল্লখযোগ্য যে, ২০০৬ সালের ২৮ সালে দিনে দুপুরে লাঠি দিয়ে পিটিয়ে কয়েকজন মানুষকে খুন করে তার উপর নেচেছিলো এই আওয়ামীলীগ। এখন আমরা আবার কি দেখলাম ২০২৩ সালের এই ২৮ অক্টোবরেই লাঠি দিয়ে বাস ভাংগা হচ্ছে, পুলিশ পাশেই! এটা কি নাশকতা নয়? পুলিশের সামনে সরকারি সমর্থকরা লাঠি, পিস্তল উঁচিয়ে ধরলে পুলিশ নিশ্চুপ। কিন্ত নিরস্ত্র জনগণ বা বিরোধী দলের সমর্থকরা স্লোগান দিলেই পুলিশের একশন, লাঠিচার্জ, গুলি, সাউন্ড গ্রেনেড, টিয়ারশেল আর কতকি! কই, আপনারা সুশিক্ষিত সুশীল সমাজের বয়ান কোথায়? এরকম সবক্ষেত্রেই যদি আপনি একতরফা হয়ে যান তবে ভুক্তভোগীরা কি করবেন? না, আমি বলিছি না তারা আইন নিজের হাতে তুলে নিবে। কিন্তু, সরকারি দলের সমর্থকরা যখন আইন নিজের হাতে তুলে নেয় তখন আপনি নিশ্চুপ কেন?

তাই সাবধান। জনগণের উগ্র আচরণের বিচার বিশ্বের কোন আদালত করতে পারেনি। কিন্তু যারা জনগণকে উগ্র হতে বাধ্য করে তাদের বিচার হয়।

আরেকটি বিষয় লিখে আজকের লেখা শেষ করছি। যেহেতু জনগন হচ্ছে মালিক। তাই প্রতিটি জনগণ চায় তার নিজের মতো করে স্বাধীনভাবে, ঝামেলামুক্ত জীবন যাপন করতে। সে চায় তার তথ্য, তার গোপনীয়তা সুরক্ষিত থাকুক। আর এই কাজের জন্য সে দায়িত্ব দেয় দায়িত্বপ্রাপ্তদের। কিন্তু বাংলাদেশে কি দেখা যায়! গভীর রাতে হোটেল তল্লাসি, তুমি কোন দলের, এ দল নাকি বি দল? ঢাকায় আসার কারণ কি? রাস্তাঘাটে আচমকা থামানো হয়? আইডি, পাসপোর্ট দেখান। অর্থাৎ নিজের দেশের ভিতর চলতে গেলেও ভিসা পাসপোর্ট লাগে! আইন শৃঙ্খলা রক্ষার জন্য করা হলে ঠিক আছে। কিন্তু যখন উদ্দেশ্য হয় সরকারি দলের নিরাপত্তা দেয়ার নিমিত্তে বিরোধী দলের সমাবেশকে বাধা দেয়া তখন প্রশ্ন উঠবেই। এই রাজনীতি জনগনের কল্যাণের জন্য নাকি সাধারণ শান্তি প্রিয় জনগণের রক্ত পান করার জন্য!

# সিডনিতে আরেকজন বাংলাদেশীর মৃত্যু

**সুপ্রভাত সিডনি রিপোর্ট**




গত ২৫ নভেম্বর শনিবার ২০২৩ আব্দুর রাজ্জাক নামে একজন সিডনি প্রবাসী বাংলাদেশী ইন্তেকাল করেন। ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন। নব্বই দশকের সকলের কাছে তিনি সৎ এবং ভালো লোক,ভদ্রলোক হিসেবে অত্যান্ত সুপরিচিত ছিলেন। মৃত্যুকালে বয়স হয়েছিল ৬০ বছর। অস্ট্রেলিয়ান মুসলিম ওয়েলফেয়ার সেন্টারে মরহুম আব্দুর রাজ্জাক ভাইয়ের নামাজের জানাজা অনুষ্ঠিত হয়েছে আনুমানিক দুপুর ১ টা ৩০ মিনিটে। জানাজা শেষে তাকে নাড়াল্যান্ড কবরস্থানে দাফন করা হয়। সিডনি প্রবাসী বাংলাদেশীরা জানাজা ও দাফনে উপস্থিত ছিলেন। কবরস্থানে মরহুমের জন্য দো'য়া করেন এ এম ডব্লিউ সি ইসলামিক সেন্টারের ইমাম হাফেজ মাওলানা আব্দুল হাদী তানভীর।

মরহুমের মৃত্যুতে অস্ট্রেলিয়া বাংলাদেশ কমিউনিটিতে শোকের ছায়া নেমে আসে। আল্লাহ্পাক উনাকে জান্নাতুল ফেরদৌস দান করুন এবং মরহুমের পরিবারকে শোক সহ্য করার তৌফিক দান করুন (আমিন)-সুপ্রভাত সিডনি পরিবার থেকে এ কামনা করি।





এরশাদ আলী দুলাল | মাসুদ রানা, নাটোর | মাহবুবার রহমান, মিঠাপুকুর

# ক্রসফায়ারের বিপরীতে গুপ্তহত্যাকেই কি বেছে নিয়েছে আওয়ামী লীগ?

আহমেদ আফগানী

বাংলাদেশে রাজনীতির কারণে খুন করে ফেলা এখন ডাল-ভাতে পরিণত হয়েছে। ২০০৯ সালে বিতর্কিত নির্বাচনের মধ্য দিয়ে ক্ষমতায় অধিষ্ঠিত হয় আওয়ামী লীগ। ক্ষমতায় এসে আওয়ামী সরকার তাদের ঐতিহ্য অনুসারে গুম খুন শুরু করে। শেখ হাসিনার এই আমলে গুম হওয়া মানুষের সংখ্যা ৬১৪। ক্রসফায়ারে খুন হওয়া মানুষের সংখ্যা ৩৮৭৩।

২০২০ সালের ৩১ জুলাই সেনাবাহিনীর অবসরপ্রাপ্ত মেজর সিনহাওকে ক্রসফায়ারে হত্যা করে টেকনাফ থানার ওসি প্রদীপ কুমার দাস। এই ঘটনায় সেনাবাহিনী ও পুলিশ মুখোমুখি হয়ে পড়ে। ফলশ্রুতিতে ওসি প্রদীপ গ্রেপ্তার হয় ও সে বিচারের মুখোমুখি হয়। এই ঘটনার প্রেক্ষিতে ক্রসফায়ারের হার অনেক কমে যায়। কিন্তু পুরোপুরি বন্ধ হয় নি।

২০২১ সালের ১০ ডিসেম্বর পুলিশ ও র‍্যাবের সাত শীর্ষ কর্মকর্তার ওপর মার্কিন নিষেধাজ্ঞা প্রয়োগ হয়। এর প্রেক্ষিতে ক্রসফায়ার প্রায় বন্ধ হয়ে যায়। ধীরে ধীরে হাসিনার গণহত্যা ও মানবতাবিরোধী অপরাধের বিরুদ্ধে পশ্চিমাদের নিষেধাজ্ঞা বাড়তে থাকে। এর কারনে শেখ হাসিনা আগের মতো ক্রসফায়ার ও গুম খুন চালাতে পারছে না।

মার্কিন ভিসানীতির সুযোগ নিয়ে ২০২৩ সালের ১০ জুন প্রকাশ্যে সমাবেশ করে জামায়াতের ঢাকা মহানগরী দক্ষিণ শাখা। এর মাধ্যমে মূলধারার রাজনীতিতে আবারো প্রভাব তৈরি করে জামায়াত। এর ধারাবাহিকতায় জামায়াত আলোচনায় আসে। কিন্তু তারপরও কয়েকমাস সভা-সমাবেশ করার বৈধ অধিকার হাসিল করতে পারেনি জামায়াত। সব শেষে ২০২৩ সালের ২৮ অক্টোবর শাপলা চত্বরে সমাবেশ করার অনুমতি না পেয়ে লাখো জনতাকে হাজির করে জামায়াত অনেকটা জোর করে আরামবাগে বিশাল সমাবেশ করে।

আর এতেই ক্ষিপ্ত হয় শেখ হাসিনা সরকার। কিন্তু ভিসানীতির কারণে তার হাত বাঁধা পড়ে আছে। আগের মতো যাচ্ছেতাইভাবে ক্রসফায়ার দেওয়া যাচ্ছে না। গত ১৫ বছরে জামায়াতের ২৪৬ জন নেতা-কর্মীকে হত্যা করে শেখ হাসিনা তথা আওয়ামীলীগ। এর মধ্যে ক্রসফায়ারের নামে পুলিশ গুলি করে হত্যা করে ৮৬ জনকে। গুম করেছে জামায়াতের ২৫ জনকে। এর মধ্যে ৫ জন এখনো নিখোঁজ। বাকীদের মধ্যে কয়েকজনকে ফেরত পাওয়া গেছে, অন্যদের লাশ সনাক্ত করা গেছে।

জামায়াত নেতা-কর্মীদের রিমান্ডের নামে অবর্ণনীয় নির্যাতন করা হয়েছে। জামায়াত নেতাকর্মীদের রিমান্ডের দিন যোগ করলে তা হয় ৯৬৩৬৭ দিন। বছরের হিসেবে তা ২৬৮ বছর! পুলিশের নির্যাতনে পঙ্গু হয়েছেন জামায়াতের ৫২০৪ জন নেতাকর্মী। আওয়ামী লীগ ও পুলিশের আক্রমণে মারাত্মক আহত হয়েছেন (যাদের হাসপাতালে থাকতে হয়েছে) ৭৫১৮৯ জন।

জামায়াতের বিরুদ্ধে মামলা হয়েছে প্রায় ১৫ হাজার। এসব মামলায় গ্রেপ্তার হয়েছেন ১১০৪৭২ জন নেতা কর্মী। এর মধ্যে নারী রয়েছেন ১৭৬৩ জন। জামায়াতের ওপর অবর্ণনীয় নির্যাতন চালিয়ে ও জামায়াতের প্রথম সারির প্রায় ১১ নেতাকে হত্যা করে আওয়ামীলীগ চেয়েছিলো দলটিকে বিলুপ্ত করে দিতে। কিন্তু জামায়াত ২৮ অক্টোবরের মহাসমাবেশে জানান দিয়েছে তারা হারিয়ে যায় নি বরং আরো সংগঠিত হয়েছে।

পশ্চিমা চাপে রাষ্ট্রীয় শক্তি ব্যবহার করে পুলিশ দিয়ে গুম খুন করতে না পেরে এখন শেখ হাসিনা গুপ্তহত্যার আশ্রয় নিয়েছে। যাতে এই হত্যার দায় সরকারের ওপর না পড়ে। জামায়াত বাংলাদেশের তৃণমূলে শক্তিশালী হওয়ায় তারা রাজধানীর বাইরে জামায়াত নেতাদের বিরুদ্ধে গুপ্তহত্যা শুরু করেছে।

অন্যদিকে সরকারের প্রধান বিরোধী শক্তি বিএনপিও চূড়ান্ত আন্দোলনের ডাক দিয়ে টানা অবরোধ চালিয়ে যাচ্ছে। এমতাবস্থায় বিরোধী শিবিরে ভয় পাইয়ে দেওয়ার জন্য আওয়ামী সরকার এক ঘৃণ্য পদক্ষেপ নিয়েছে। তারা বিরোধীদের গুপ্তহত্যা করছে। এই গুপ্তহত্যার মূল টার্গেট জামায়াতে ইসলামীর নেতাকর্মীরা।

২৮ অক্টোবরের পর থেকে ১০ নভেম্বর পর্যন্ত এই ১২ দিনে হত্যার উদ্দেশ্যে আক্রমণের শিকার হয়েছেন ১২ জন জামায়াত নেতা কর্মী, ১ জন বিএনপি কর্মী। এর মধ্যে ৮ জন মারাত্মক আহত হলেও কোনোরকম প্রাণে বেঁচে যান। ৫ জন মৃত্যুবরণ করেন। ২৯ অক্টোবর রাজশাহীতে এরশাদ আলী দুলাল ও গোলাম কাজেম আলী খুন হন অজ্ঞাত আততায়ী দ্বারা। এরশাদ আলী দুলাল পল্লী চিকিতসক। গোলাম কাজেম আলী রাজশাহী মেডিকেলের চর্মরোগ বিশেষজ্ঞ। দুই জনেই জামায়াতের রাজনীতির সাথে জড়িত ও জনপ্রিয় ব্যক্তিত্ব।

এই প্রবন্ধটি যখন লিখছিলাম সে দিনই অর্থাৎ ১০ নভেম্বর বাংলাদেশ জামায়াতে ইসলামীর নাটোর জেলার সিংড়া উপজেলার ১১ নং ছাতার দিঘি ইউনিয়ন সেক্রেটারি হাফেজ আব্দুর রাজ্জাককে (৬০) জুম্মার নামাজ পড়ে বাড়ি ফেরার পথে কালিগঞ্জ কলেজের পাশে একটি সাদা মাইক্রোবাসে ৭/৮ জন সন্ত্রাসী উঠিয়ে নিয়ে নন্দীগ্রামের রাস্তায় ভাগবাতন- কল্যাপাড়া রাস্তার পাশে ফেলে নির্মমভাবে পিটিয়ে দুই পা ভেঙ্গে দিয়ে সন্ত্রাসীরা গাড়িতে করে চলে যায়।

৩০ অক্টোবর জামায়াত কর্মী ও শ্রমিক মাঝে ব্যাপক জনপ্রিয় ভোলার অটোচালক শফিকুল ইসলামকেও একই কায়দায় ছুরিকাঘাত করে হত্যা করা হয়। ৩ নভেম্বর নাটোরের যুবদল কর্মী মাসুদ রানাকে সাদা মাইক্রোবাসে তুলে নিয়ে হত্যা করে সন্ত্রাসীরা।
৫ নভেম্বর রাত নয়টার দিকে রংপুরের মিঠাপুকুর উপজেলার পায়রাবন্দ ইউনিয়ন চেয়ারম্যানকে হত্যা করে সন্ত্রাসীরা। তিনি জামায়াতের মনোনীত ও নির্বাচিত চেয়ারম্যান ছিলেন। জনপ্রিয় এই জামায়াত নেতাকে বটি দিয়ে কুপিয়ে হত্যা করা হয়।

হটস্পট নাটোর ও রাজশাহী
নাটোরের নলডাঙ্গায় আরো চারটি অজ্ঞাত সন্ত্রাসীদের আক্রমণের ঘটনা ঘটে। প্রত্যেকটি ঘটনায় ভিকটিম ছিল জামায়াত নেতা। নাটোরে মোট পাঁচজন জামায়াত নেতা ও ১ জন বিএনপি নেতার ওপর হত্যার উদ্দেশ্যে আক্রমণ চালানো হয়। এর মধ্যে বিএনপি নেতা মাসুদ রানা ইন্তেকাল করেন। মারাত্মকভাবে আহত জামায়াতের ৫ নেতা হলেন, ফজলুর রহমান (নাটোর নলডাঙ্গা উপজেলা জামায়াতের সেক্রেটারি), আলাউদ্দিন (নলডাঙ্গা নরশৎপুর ওয়ার্ড জামায়াত নেতা), নুরশাদ আলী (নলডাঙ্গার ভট্টপাড়া মসজিদের ইমাম ও জামায়াত কর্মী), মোশাররফ হোসেন (নাটোর নলডাঙ্গা উপজেলার খাজুরা ইউনিয়ন জামায়াতের আমির) ও হাফেজ আব্দুর রাজ্জাক (সিংড়া উপজেলার ১১ নং ছাতার দিঘি ইউনিয়ন জামায়াতের সেক্রেটারি)

গুপ্তহত্যার সূচনা হয় রাজশাহী থেকে। এরশাদ আলী দুলাল ও গোলাম কাজেম আলীকে খুন করার পর সেখানে আরো দুইজনকে হত্যার উদ্দেশে আক্রমণ করা হয় একই স্টাইলে। তাদের একজন রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ছাত্র অন্যজন রাজশাহী বিশ্ববিদ্যালয়ের আবাসিক চিকিৎসক মোঃ রাজু আহমেদ।

যেভাবে ঘটনার সূত্রপাত
ঘটনার শুরু গত ২৯ অক্টোবর। ওইদিন সন্ধ্যার পর পবা উপজেলার কিস্টোগ্রাম বাজারের নিজ চেম্বার থেকে ‘ফিল্মি স্টাইলে’ একটি সাদা মাইক্রোবাসে তুলে আনা হয় পল্লিচিকিৎসক এরশাদ আলী দুলালকে। তিনি জামায়াতের কর্মী। রাজশাহীর সিটিহাট এলাকায় নিয়ে তাঁর দুই ঊরুতে ছয়টি ছুরিকাঘাতে হত্যা করা হয়। পুলিশ ও তদন্ত দল বলছে, সুদক্ষ পেশাদার সন্ত্রাসীর হাতেই দুলাল খুন হন। তাঁকে তুলে নেওয়ার সময় আশপাশের লোকজন এগিয়ে গেলে গুলি ও ককটেল ছুড়তে ছুড়তে মাইক্রোবাসটি সটকে পড়ে।

ওই ঘটনার তিন ঘণ্টা পর রাত পৌনে ১২টার দিকে রাজশাহী শহরের বর্ণালীর মোড়ে চর্ম ও যৌনরোগ বিশেষজ্ঞ চিকিৎসক ডা. গোলাম কাজেম আলী আহমদকে ছুরিকাঘাতে হত্যা করা হয়। এই হত্যাকাণ্ডেও ব্যবহার হয় সাদা মাইক্রোবাস। ডা. কাজেম রাজশাহী মেডিকেল কলেজ শাখা শিবিরের সাবেক সভাপতি।

পুলিশের তদন্ত কর্মকর্তারা বলছেন, মাইক্রোবাসটির কোনো নম্বর প্লেট ছিল না। এ কারণে সিসিটিভি ক্যামেরার ভিডিওতে রাজশাহী-ঢাকার পথে চলে যেতে দেখলেও তারা চিহ্নিত করতে পারেননি। ৩ নভেম্বর একইভাবে লালপুরের বিলমাড়িয়া ইউনিয়ন যুবদল নেতা মাসুদ রানাকে সাদা মাইক্রোবাসে তুলে নিয়ে যায় একটি দল। তারা নির্জন স্থানে নিয়ে মাসুদকে রড দিয়ে পিটিয়ে ডান হাত ও ডান পা ভেঙে দেয়। চাকু দিয়ে শরীর ক্ষতবিক্ষত করার পর মৃত ভেবে একটি গর্তে ফেলে চলে যায়।

বেশিরভাগ ঘটনায় সাদা নম্বরহীন মাইক্রোবাসের সংশ্লিষ্টতা পাওয়া গেছে। প্রত্যেকটি ঘটনায় কুপিয়ে হত্যা করার চেষ্টা করা হয়েছে। প্রত্যেকটি ঘটনায় ভিকটিম বিরোধী রাজনীতির সাথে যুক্ত, বিশেষত জামায়াতের সাথে যুক্ত। নিশ্চিতভাবে বলা যায় কোনো ঘটনায় বিচ্ছিন্ন নয়। এটা পরিষ্কার যে, গণতন্ত্র প্রতিষ্ঠা ও মানুষের ভোটাধিকার প্রতিষ্ঠার জন্য চলমান আন্দোলনকে ভীত সন্ত্রস্ত করতে হাসিনা সরকার তার সন্ত্রাসীদের লেলিয়ে দিয়েছে। পাশাপাশি গণগ্রেপ্তার ও রিমান্ডের নামে নির্যাতন তো চলছেই।

# সিডনিতে বাংলাদেশী ১০ বছরের শিশুর লিফটে আটকে মৃত্যু







**সুপ্রভাত সিডনি রিপোর্ট**

গত ১লা নভেম্বর ২০২৩ রোজ বুধবার স্কুলের লিফটে আটকে পড়ে দশ বছরের বাংলাদেশী কোমলমনা ছাত্র। Wahroonga তে অবস্থিত প্রতিবন্ধী শিশুদের জন্য স্থাপিত সেন্ট লুসি স্কুল লিফটে আটকে পড়ে আপার নর্থ সোরের এ স্কুলে।

নিউ সাউথ ওয়েলস পুলিশ জানিয়েছে, একটি শিশু লিফটে আটকে পড়ার খবরের সাথে সাথে ওয়াহরুঙ্গার সেন্ট লুসি স্কুলে জরুরি পরিষেবাগুলিকে ডাকা হয়েছিল। কুরিং-গাই পুলিশ এরিয়া কমান্ডের সাথে যুক্ত অফিসাররা লিফটের নিচে আটকে পড়া শিশুটিকে উদ্ধার করতে গিয়েছিলেন। ফায়ার অ্যান্ড রেসকিউ এনএসডব্লিউ ছেলেটিকে বের করে নিয়ে যাবার চেষ্টা করেছিল, কিন্তু দুঃখজনকভাবে সে ঘটনাস্থলেই মারা যায়। ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন।

উক্ত ক্যাথলিক ডোমিনিকান স্কুলটি কিন্ডারগার্টেন থেকে ১২ বছর পর্যন্ত প্রায় ২৩০ জন শিক্ষার্থীর জন্য সেবা করে। স্কুল এক বিবৃতিতে বলেছে: “আজ বিকেলে আমাদের এক ছাত্রের মর্মান্তিক মৃত্যুর বিষয়টি নিশ্চিত করার জন্য সেন্ট লুসি স্কুল খুবই দুঃখিত। আমরা তদন্তকারী পুলিশকে সহযোগিতা করছি এবং আজ আর কোনো বিবৃতি দিতে পারছি না।"

স্কুল কর্তৃপক্ষ জানিয়েছেন, "আমরা এই কঠিন সময়ে আমাদের সহ -কর্মীদের এবং পরিবারের জন্য শোক প্রকাশ করার জন্য প্রাইভেসি এবং ফ্রি স্পেস চাই, আমরা আমাদের সুন্দর ছাত্রকে সব সময় স্মরণ করি ।"

“পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত বিদ্যালয়টি শিক্ষার্থীদের জন্য বন্ধ থাকবে" বলে জানিয়েছেন কর্তৃপক্ষ।

এ ধরনের একটি মর্মান্তিক ঘটনায় অস্ট্রেলিয়া প্রবাসী সমগ্র বাংলাদেশী মহলে শোকের ছায়া নেমে এসেছে। সুপ্রভাত সিডনি জান্নাতি ছেলের বাবা -মায়ের প্রতি জানাচ্ছে অসীম সমবেদনা। আল্লাহ্পাক এ সংকটময় অবস্থাতে অসহায় পরিবারটিকে ধৈর্য্য ধরার তৌফিক দান করুন (আমিন) ।

# অস্ট্রেলিয়া প্রবাসী ব্যবসায়ীদের অনন্য নাম ASIA

*শেষ পৃষ্ঠার পর*

১শ টিরও বেশি খ্যাতনামা মাইগ্রেশন এজেন্ট এবং শিক্ষা পরামর্শদাতা সেখানে উপস্থিত ছিলেন। অস্ট্রেলিয়ার বিভিন্ন প্রান্ত থেকে, বিভিন্ন এলাকা থেকে বিভিন্ন ভাষাভাষীর এক মিলন মেলায় পরিণত হয়। এ দিনটিকে স্মরণীয় করে রাখার জন্য বিভিন্ন মনোমুগ্ধকর আয়োজন উপস্থিত সকলের দৃষ্টি আকর্ষণ করেছে।

অস্ট্রেলিয়া থেকে প্রকাশিত একমাত্র বাংলা পত্রিকা সুপ্রভাত সিডনি (মিডিয়া গ্রুপ) এ প্রতিষ্ঠানের মার্কেটিং প্রধান শাইমুম সামির সাথে কথা বলে অনেক মূল্যবান তথ্য জানতে পায়। যা হয়তো আগামীতে প্রকাশ করা হবে। উক্ত প্রতিষ্ঠানের ডাইরেক্টর হাফিজ উদ্দিন ও কুর্তি সিংদা,সিইও অঙ্কিতা, প্রশাসনিক প্রধান জয় ছাড়াও বিভিন্ন প্রতিষ্ঠানের প্রধান উপস্থিত ছিলেন।

সুপ্রভাত সিডনি মিডিয়া গ্রুপ থেকে উপস্থিত ছিলেন জনপ্রিয় ইউটিউব প্রেজেন্টার এএনএম মাসুম ও সিইও এমএ ইউসুফ শামীম। বাংলাদেশী সফল প্রাতিষ্ঠানিক ব্যবসায়ী রায়ান রহমান এবং তার সুদক্ষ টিমকে সুপ্রভাত সিডনির পক্ষ থেকে জানাই একরাশ শুভেচ্ছা ও অভিনন্দন।




















# Obesity Increases the Risk for Many Health Problems

Columnist Nozaina



According to the survey, more than half of the world will be obese by 2035. This year the World Obesity Federation predicts that more than 4 billion people or 51% of the world will be obese within the next twelve years. The rate of obesity is rising quickly, particularly among lower-income countries and children. The rate of obesity is expected to increase in almost all countries in the coming years. Being obese increases the risk of numerous health issues, specifically if you carry extra fat around your waist. Healthy body weight prevents these problems, makes them go away, or stops them from getting worse.




**Hypertension:**
Hypertension is also called high blood pressure. It is a condition in which blood flows through blood vessels with a greater force than normal. Large body size increases the blood pressure because the heart has to pump harder to supply the blood to all the cells of the body. Kidneys help to regulate blood pressure. Excess body fat damages the kidney. Hypertension strains the heart, damages blood vessels, and increases the risk of kidney disease, stroke, heart attack, and death. Enough weight loss may lower high blood pressure and prevent related health issues.

**Type 2 Diabetes:**
Type 2 diabetes occurs when the blood sugar level is too high. Nine out of ten people with type 2 diabetes are obese. Over time, high blood sugar levels can lead to eye problems, kidney disease, stroke, heart disease, nerve damage, and other health issues. If you are at risk of type 2 diabetes, you may delay or prevent diabetes by reducing 5-7% of your starting weight.

**Heart Disease:**
The term heart disease is used to describe numerous heart problems that affect the heart, such as angina, heart attack, heart failure, or an abnormal heart rhythm. Being obese increases the risk of developing conditions that can cause heart issues such as high blood glucose, hypertension, and high blood cholesterol. Excess body weight puts a burden on the heart. The heart has to work harder to send blood to all the cells in the body. Adequate weight loss may reduce these risk factors for heart disease.

**Stroke:**
A stroke is a life-threatening condition that happens when a part of your brain does not receive enough blood flow. This happens when blood vessels are blocked or bleeding in the brain. Without a steady blood supply, brain cells in that area start to die due to lack of oxygen. Being obese increases blood pressure. High blood pressure is the leading cause of stroke. Weight loss helps to lower blood pressure and other risk factors for stroke, including high blood cholesterol and high blood glucose.

**Fatty Liver Diseases:**
Fatty liver diseases develop when the level of fat builds up in the liver. It can lead to severe liver damage cirrhosis or liver failure. These diseases include NASH (nonalcoholic steatohepatitis) and NAFLD (nonalcoholic fatty liver disease). Obese people are mostly affected by NASH and NAFLD. People who have insulin resistance, metabolic syndrome, type 2 diabetes, and unhealthy levels of fat in the blood may also suffer from NAFLD and NASH. Losing at least 3% to 5% of body weight may reduce fat in the liver.

**Metabolic Syndrome:**
A group of conditions that increase the risk for stroke, diabetes, and heart disease. You must have at least three of the below-mentioned conditions to be diagnosed with metabolic syndrome.

- Hypertension
- Large waist size
- High level of glucose in the blood
- High level of triglyceride in the blood
- Low level of HDL (Good Cholesterol) in the blood

Metabolic syndrome is closely associated with less physical activity and obesity. Healthy lifestyle changes help to control weight and may help to reduce and prevent metabolic syndrome.

**Cancer:**
Cancer is a group of associated diseases. In cancer body cells start to grow out of control or abnormally. Sometimes cancer cells spread to other body parts. Obesity increases the risk of developing various kinds of cancer. Obese men are at great risk for developing rectum, prostate, and colon cancer. Cancers of the inner lining of the uterus, gall bladder, and breast are common among obese women. The risk of various types of cancer such as kidney, colon, breast, and ovarian cancer is lower in those adults who gain less weight as they get older.

**Mental Health Problems:**
Being obese may also affect mental health and also increase the risk of developing depression, low self-esteem, eating disorders, body image problems, and long-term stress. Studies reveal that obese people face weight-related bias at work and school, which may affect their quality of life. Weight loss improves the symptoms of depression, and improves self-esteem and body image.

**Breathing Problems:**
Excess weight can affect how well your lungs work and increase the risk of breathing problems. Sleep apnea can happen while you are sleeping. In sleep apnea, upper airways are blocked causing irregular breathing or even stopping breathing for a short period. Untreated sleep apnea may increase the risk of diabetes and heart disease. In adults, obesity is the common cause of sleep apnea. More fat stored around the neck makes the airways smaller. A small airway may cause snoring or make breathing difficult. Weight loss helps to reduce sleep apnea or make it go away.
Asthma is a long-term chronic condition that affects the airways in the lungs. The airways are tubes that carry air out and into the lungs. Asthma makes airways narrow and inflamed. You may cough, wheeze, or feel tightness in your chest. Obesity increases the risk of asthma. Weight loss helps to manage asthma symptoms.

**Osteoarthritis:**
A common long-lasting health issue that causes swelling, pain, stiffness, and decreased motion in joints. Obesity is the leading risk factor for osteoarthritis in knee, ankle, and hip. Obesity may increase the risk of osteoarthritis by putting extra pressure on your cartilage and joints. Excess body fat increases the level of those substances in the blood that cause inflammation. Inflamed joints may increase the risk of osteoarthritis. Weight loss may reduce stress on the lower back, and knee, hip, and lessen inflammation in the body.

# সিডনি প্রবাসী একজন বাংলাদেশির ইন্তেকাল

**সুপ্রভাত সিডনি রিপোর্ট**




গত ১১ নভেম্বর শনিবার ২০২৩ হৃদ- ক্রিয়া বন্ধ হয়ে কাজী রিয়াদ নামে একজন বাংলাদেশী ইন্তেকাল করেন। ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিওন। মৃত্যুকালে মরহুমের বয়স হয়েছিল মাত্র ৪৬ বছর। তিনি সিডনির পেনান্ট হিলস নামক স্থানে দুই পুত্র ও স্ত্রীসহ বসবাস করতেন।
গত ১৭ নভেম্বর শুক্রবার ২০২৩ ল্যাকেম্বার আলী ইব্ন আবু তালেব (বড় মসজিদ নামে সুপরিচিত) জানাজা শেষে রকউড কবরস্থানে দাফন করা হয়।
কাজী রিয়াদকে আল্লাহ সুবহানাতায়ালা জান্নাতুল ফেরদৌস দান করুন এবং তার পরিবারকে এ শোক সহ্য করার তৌফিক দান করুন (আমিন) সুপ্রভাত সিডনি পরিবারের পক্ষ থেকে এ দোয়া করছি।

সুপ্রভাত সিডনি
The Leading Australian Bangladesh Monthly Community Newspaper । সত্যের সাথে সব সময়

# রেফারেন্ডাম ও কিছু কথা



শামসুল ইসলাম টুকু

সম্প্রতি অষ্ট্রেলিয়ার ৬টি রাজ্যে রেফারেন্ডাম ভোটে ‘নো’ ভোটের কাছে “ইয়েস”ভোট পরাজিত হয়েছে। “ইয়েস” এর পক্ষে পড়েছে ৩৯.২% ভোট এবং “নো” এর পক্ষে পড়েছে ৬০.৮% ভোট এবং মোট ভোট গননা হয়েছে ৮০.৫% ।সবচেয়ে বেশী ইয়েস ভোট পড়েছে ভিক্টোরিয়া রাজ্যে ৪৪.৯% এবং সবচেয়ে ইয়েস ভোট কম পড়েছে কুইন্সল্যান্ডে ৩১%। ভোটের এই ফলাফল বেশকিছু গুরুত্বপুর্ন বার্তা বহন করে । যা নিয়ে আলোচনা করা যায় ।প্রথম কথা হচ্ছে অষ্ট্রেলিয়ায় ভোট প্রদান বাধ্যতামুলক । কিন্তু ভোটের ফলাফলে দেখা যাচ্ছে ১৯.৫% ভোটার ভোটদানে বিরত থেকেছেন যা অষ্ট্রেলিয় আইনের রীতিমত বরখেলাপ । কিন্তু তাদের বিরুদ্ধে সরকার কোন ব্যবস্থা গ্রহন করেছে কি ? অথবা তাদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহন কি যুক্তিযুক্ত হতে পারে । যদি তারা বলেন ভোট না দেওয়াটাও একটি গনতান্ত্রিক অধিকার । তাদের ইচ্ছের বিরুদ্ধে সরকারের যে কোন ব্যবস্থা গ্রহনই হবে পীড়নমুলক । ভোট না প্রদানের ব্যাপারটিও একটি জনমত হিসেবে চিহ্নিত করা যেতে পারে ।

অষ্ট্রেলিয়া সংসদে আদিবাসী ও টরেস স্ট্রেইট দ্বীপবাসী মানুষদের অধিকার নিশ্চিত করতে ভয়েস বা কণ্ঠ প্রতিষ্ঠার জন্য অষ্ট্রেলিয়ার নাগরিকদের কাছে উদাত্ত আহবান জানান এমপ্লয়মেন্ট এন্ড প্লেস রিলেশন মন্ত্রী টনি বার্ক এম পি। তিনি বলেছিলেন অষ্ট্রেলিয়ার সংবিধানে এদেশের আদিবাসী এবং টরেস স্ট্রেইট দ্বীপবাসী মানুষদের শেষ পর্যন্ত স্বীকৃতি এবং সংসদে ভয়েস বা কণ্ঠ ভোটের মাধ্যমে তাদের জীবনে প্রত্যক্ষ্য ফলাফল সৃষ্টি করে এমন বিষয়গুলোতে তাদের কথা শোনার সূযোগ হবে। কারন দীর্ঘকাল যাবৎ তারা বেশ শোচনীয় অবস্থায় রয়েছে। বিশেষত স্বাস্থ্য , শিক্ষা, কর্মসংস্থান ও বিচারের ক্ষেত্রে। এই পরিস্থিতিকে সংশোধন করতে সর্বোত্তম সূযোগ হচ্ছে এই রেফারেন্ডাম । যা অষ্ট্রেলিয় সমাজকে অধিকতর শক্তিশালী ও ঐক্যবদ্ধ করবে । পাশাপাশি আদিবাসীদের জীবনকে উন্নত করার সুযোগ সৃষ্টি হবে । আর এক্ষেত্রে আমরা সবাই ঐক্যবদ্ধ হলে নতুন ইতিহাস তৈরী এবং ন্যায় নির্ভর ভবিষ্যত সম্ভব । টনি বার্ক এমন একটি মানবিক আহবান রাখলেও তা রেফারেন্ডাম ভোটে তার বিপরীত ফল হলো । অষ্ট্রেলিয়াবাসীর ৬০.৮% মানুষ “ণো” ভোট দিয়েছে । সেখানকার সামাজিক অবস্থা প্রমান করেছে এই বিপুল সঙ্খ্যক সাদা মানুষ আজও মনে মনে বর্নবৈষম্য লালন করে। এটি সরকারের সদিচ্ছার প্রতি একটি প্রচন্ড আঘাত। কুইন্সল্যান্ড রাজ্যে তো রীতিমত ৬৯% “নো ” ভোট পড়েছে। এই নো ভোটের প্রভাব সমাজে কতটুকু প্রভাব বিস্তার করবে তা বলা মুস্কিল এবং অষ্ট্রেলিয়ার সংবিধান ও গনতান্ত্রিক মুল্যবোধ কতটা সমুন্নত রাখা যাবে তা প্রশ্নবোধক হয়ে উঠেছে ।

যে দেশের একজন সাবেক প্রধানমন্ত্রী কেভি রুড ২০০৮ সালের ১৩ ফেব্রুয়ারী অষ্ট্রেলিয়ার পার্লামেন্টে দাঁড়িয়ে আদিবাসীদের কাছে আনুষ্ঠানিকভাবে ক্ষমা প্রার্থনা করে বিল পাশ করেন আদিবাসীদের সাথে অতীতের অমানবিক আচরনের জন্য ।কোন অনুষ্ঠান করার প্রারম্ভে অঙ্গভঙ্গি করে গান গেয়ে আদিবাসীদের এদেশের প্রথম মানুষ বলে স্বীকৃতি দেয় । অষ্ট্রেলিয়ার একটি রাজ্য নিউ সাউথ ওয়েলসের সংসদে ধর্মীয় বৈষম্যের বিরুদ্ধে এবং কোন ধর্মকে অবমাননার বিরুদ্ধে ঐতিহাসিক ডিস্ক্রিমিনেশন এমেন্ডমেন্ড বিল পাশ করা হয় সেই দেশে আদিবাসী ও টরেস স্ট্রেইট দ্বীপবাসীর সাংবিধানিক ও মানবিক প্রশ্নে ‘নো’ ভোট একটু বিচিত্র ব্যাপারই বটে ।অনেকে বলছেন বিষয়টি গনভোটে না দিয়ে সংসদে আইন পাশ করিয়ে নিলেই এই বিভাজনের চিত্রটা বেরিয়ে আসতোনা । বরং পরবর্তী প্রজন্ম বিষয়টিকে সাংবিধানিক অধিকার হিসেবেই মেনে নিত ।তবে গনভোট হবার ফলে সাদাদের মনের গভিরে লুকিয়ে থাকা বর্নবৈষম্য স্পষ্ট হয়েছে।

সরকারের পক্ষ থেকে এই গনভোটের আহবান জানানো হলেও ‘ইয়েস’ ভোটের জন্য প্রচার প্রচারনা তেমন গুরুত্ব পায়নি । বরং ‘নো’ভোটের প্রচারনা লক্ষ্যনীয় ছিল । আগামীতে আদিবাসীদের মানুষ হিসেবে বিচার করার ক্ষেত্রে দীর্ঘকাল ব্যপী মোটিভেশনাল কর্মসূচী চালাতে হবে ।মানবিক রাষ্ট্র হিসেবে বিশ্বের কাছে প্রমান করতে হলে সরকারের সুনির্দিষ্ট ভুমিকা অতি আবষ্যক ।বিশ্বায়নের কথা শুধু মুখে বললেই চলবেনা কর্মক্ষেত্রে প্রমান করা জরুরী । সেকুলার হবার দাবীটাও বাস্তবে প্রমান করতে হবে । ‘নো’ভোটের কাছে ‘ইয়েস’ ভোটের পরাজয় প্রকারান্তরে সরকারের মানবিক প্রস্তাবের পরাজয় । সেটা যতই গনতান্ত্রিক বলা হোক না কেন ।এখানে গনতন্ত্র যেন অমানবিক হয়ে উঠেছে । আদিবাসীদের উপর দীর্ঘ ২০০ বছরের অধিক সময়ের অত্যাচার , নির্যাতন্ , হত্যা , অপহরনের বিরুদ্ধে ক্ষোভ তো আদিবাসীদের মনে থাকতেই পারে । তারাই বরং সাদাদের বর্জন ঘৃনা করতে পারে । সেখানে সাদাদের নেতিবাচক ভোট হাতে গোনা গুটি কয়েক আদিবাসীদের কিছু মৌলিক অধিকার থেকে আনুষ্ঠানিকভাবে বঞ্চিত করলো । কেউ কেউ বলেন রেফারেন্ডাম মুলত একটা নাটক বিশ্ববাসীর কাছে গনতান্ত্রিক হবার । কিন্তু এর ফলে আদিবাসীদের মৌলিক অধিকার প্রতিষ্ঠার ক্ষেত্রে যে দুরত্ব সৃষ্টি হলো তা বলার অপেক্ষা রাখেনা । একটি দেশের কিছু মানুষ বা গোষ্ঠি অশিক্ষিত ও মৌলিক অধিকার বঞ্চিত থাকুক তা সরকারের জন্যই অসন্মানের । নিকট ভবিষ্যতে এই দুরত্ব দূর করতে হলে প্রয়াত কেভিন রুডের মত উদারমনা বলিষ্ঠ প্রধানমন্ত্রীর দরকার ।




# Genocide of Palestinians by Israel

Shakil Ahmad

The Israeli PM Benjamin Netanyahu has a history of massacre of Palestinians. He is blinded by revenge, so killing innocent Palestinians under the cover of Hamas. With the support of insane Joe Biden, Israel has violated all human rights and crossed all the limits of war crimes by bombing hospitals, mosques, churches, schools and killing thousands of innocent civilians. In millions, the people protested around the world but it couldn't shake the partnership between Biden & Natanyahu. Biden, the collaborator in war crimes, who initially gathered support of the West for the massacre of the Palestinians by Israel and now undercover of diplomacy gaining more time to allow Israel for the extinction of the Palestinians. By placing the world's largest aircraft carriers & nuclear submarine in the Red Sea, the US is not only protecting Israel but also deterring others not to rescue the Palestinians.

It's a height of hypocrisy that all the world leaders stood against Russia for it's attack on Ukraine and ICC-Int'l Criminal Court immediately issued the warrant for Russian President Putin. But it's an extreme of impotence that all the world leaders are now just watching genocide of innocent Palestinians but not pressing Israel for an immediate ceasefire and allow the required humanitarian aid to the 2.2m Palestinians. If the world could unite against Hitler, why wouldn't it unite against Israel now? It's a total deception that Israel is bombing to recover it's 220 captives and to eliminate Hamas. It appears that the purpose of bombing hospitals, schools, relief facilities and killing of journalists and relief workers is to kill the Palestinians and to encroach their settlements into Gaza as well.

Unfortunately, they forgot the past Israeli & American wars, which created only the fighters who yet destroy their peace and interests at home and abroad. History is evident that whose loved ones were killed by the aggressors, they took up arms for their revenge. Also, in the presence of support of the expats for their lands, how the occupiers can live in peace? So, the war criminals must surrender their ego and econo-political interests for the sake of global peace and humanity.

In the recent genocide since October 7, reportedly around 11,000 people are killed, 25,000 are injured and around 5,000 are buried under the rubble. Whereas over 4,000 children are killed, over 1.5 m people are displaced. Out of 40 hospitals, 32 are bombed and incapacitated whereas around 700,000 Gazans are homeless. Additionally, 7,000 Palestinians are detained and tortured extra-judicially. Also aid convoys are bombed to disrupt the rescue & relief efforts. About 90% of the Gazan are living without water, food, medicines and fuel. Obsessed with genocide, Netanyahu has cut off the water, power & communication and slaughtering the Palestinians and they are hardly rescued. Around 5,000 women are expecting to deliver babies and around 500 infants are in the incubators who may also die soon as there is no fuel for hospital generators. The UN, UNRWA, UNICEF, WHO, WFP & Red Cross are crying for help but due to support of the West, Israel doesn't care about their human appeals.

The US and all others must knock their conscience and force Israel for an IMMEDIATE CEASEFIRE, allow minimum 500 trucks a day of aid including fuel, exchange of prisoners and withdrawal of the Israeli forces.

# ক্যাম্বেলটাউনে প্যালেস্টাইন জনগণের সমর্থনে শান্তি সমাবেশ অনুষ্ঠিত





*১ম পৃষ্ঠার পর*

সংস্থা সমূহ যুদ্ধ বন্ধ করার আহ্বান জানিয়ে আসছেন, তিনি তাদের সাথে সুর মিলিয়ে বলেন এ যুদ্ধ এ মুহূর্তে বন্ধ করা উচিত । বর্তমান পরিস্থিতিতে ইসলামো ফোবিয়া বেড়ে যাওয়ার কারণে কেউ যদি ক্ষতিগ্রস্ত হন, তবে কাউন্সিলের সাথে যোগাযোগ করার পরামর্শ দেন । তিনি সরকারকে স্মরণ করিয়ে দেন, আপনারা যে কোন সরকারকে বা দেশকে সাপোর্ট করতে পারেন তবে অস্ট্রেলিয়ার নাগরিকদের কষ্টার্জিত অর্থ যে কোন স্থানে দিতে পারেন না। তিনি অনুষ্ঠানে আমন্ত্রিত বক্তা এবং নাগরিক সমাজকে ধন্যবাদ জানান ।

অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন, শেখ মোহাম্মদ রিয়াল, ইমাম মিন্টো মসজিদ; সাঈদ খলিল, সাধারণ সম্পাদক ইফম ; শেখ হামিদুল্লাহ, ইমাম ম্যাককুয়ারিই ফিল্ডস মসজিদ; আফগান কমিউনিটি নেত্রী মীনা সিকান্দার; আঙ্কেল ডেভিড কেলি, এবরিজিনাল লিডার; ইসমাইল ডেভিড, সি ই ও জাতীয় যাকাত ফাউন্ডেশন অস্ট্রেলিয়া; বিশিষ্ট শিক্ষাবিদ শিবলী আব্দুল্লাহ এবং শেখ কায়সার।বিভিন্ন কমিউনিটির গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন, এব্রোজিনাল,আরব, পাকিস্তানি, সাউথ আফ্রিকান, লেবানিজ, ফিজি, ভারতীয়, বাংলাদেশীসহ অনেকে স্বতঃস্ফূর্তভাবে পতাকা, ফেস্টুন, ছোট ছোট ব্যানার নিয়ে উপস্থিত ছিলেন। বাংলাদেশী সিনিয়র সিটিজেন অফ অস্ট্রেলিয়ার লীডার হোসেন আরজু, ডাক্তার মোহাম্মদ ইলিয়াস, ডাক্তার নাসরিন সুলতানা,করিম ইকবাল,আক্তার সৈয়দ বাদল, নুরুল আমিন। এছাড়াও উপস্থিত ছিলেন ড.শফিকুর রহমান,আসাদ চৌধুরী সেলিম,ইমরান,আরজু প্রমুখ।ইসরাইলের গণহত্যা, নির্বিচারে শিশু হত্যার বিরুদ্ধে তাদের বক্তব্য উপস্থাপন করেন এবং অতিসত্বর যুদ্ধ বন্ধ করার আহ্বান জানান । সেই সাথে বক্তারা অস্ট্রেলিয়ার জনগণকে সরকারের উপর অব্যাহতভাবে চাপ প্রয়োগের আহ্বান জানান এবং অস্ট্রেলিয়ার ভবিষ্যৎ নেতা নির্বাচনে নিজেদের অবস্থান স্পষ্ট আহ্বান জানান ।

অনুষ্ঠানের প্রধান আয়োজক এবং কমিউনিটি ইয়ুথ এন্ড সিটিজেন ডেভেলপমেন্ট অর্গানাইজেশন ইনক্ এর সভাপতি আব্দুল্লাহ ইউসুফ শামীম সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন। বিশেষ করে ক্যাম্বেলটাউন সিটি কাউন্সিল অথরিটি,নিউ সাউথ ওয়েলস পুলিশ ডিপার্টমেন্ট, বিভিন্ন দেশীয় বক্তা, কমিউনিটি ভয়েস, সেচ্ছাসেবক, মিডিয়াসহ আগত সকল পরিবারকে ধন্যবাদ জানান ইউসুফ শামীম।

*১৩-এর পৃষ্ঠায় দেখুন*

















# ক্যাম্বেলটাউনে প্যালেস্টাইন জনগণের সমর্থনে শান্তি সমাবেশ অনুষ্ঠিত

১২-এর পৃষ্ঠার পর























# Crude detail on Daniel Ricciardo's helmet can't be unseen




Daniel Ricciardo's helmet for his return at the United States Grand Prix this weekend has raised eyebrows.

In his first race weekend after missing five races with a broken hand, the Australian made a slightly clunky return on Saturday morning, qualifying 15th for Monday morning's race at the Circuit of the Americas.

The Texas venue has long been one of the 34-year-old's favourite destinations on the Formula 1 calendar — embracing everything, particularly the food and fashion, about the southern Lone Star State.

Watch every Practice, Qualifier & Race of The 2023 FIA Formula One World Championship Live and Ad-Break Free in racing on Kayo Sports. Join now and start streaming instantly >

It's why his helmet for the event is traditionally one of his most daring on the Formula 1 calendar.

The helmet he plonked on his noggin on Saturday morning has certainly caused plenty of chatter — both positive and negative.

Some Formula 1 fans were left snickering with suggestions the artistry used to illustrate flames on the "burnt orange" helmet actually looked like cartoon sperm racing across it.

One conversation on the official Formula 1 Reddit page quickly turned X-rated when fans joked they couldn't unsee the "tadpoles" swimming across the helmet.

Fortunately, most of the other details about the helmet have been mostly well-received by the Honey Badger's army of fans.The man himself is stoked with the design.

The helmet's colour scheme is in-line with Ricciardo's passionate support of the Texas Longhorns college football team.

The back of his helmet wraps the whole theme together nicely with a cartoon honey badger dressed in full Longhorns football gear.

Ricciardo earlier this week showed his love for the design in a video shared with his Instagram followers.

"Howdy y'all, this is Austin, 2023, helmet for me," he said.

"We're going Longhorns. We have the burnt orange. We have the honey badger. He's now the quarterback. He's looking pretty good. They're having a great season as well. 5-1 at the moment. Lets keep it going and I'll do my best to represent on track."

He signed off by using the University of Texas at Austin's trademark "Hook 'em" chant.



He was still smiling on Saturday despite his struggles in qualifying.

Ricciardo was potentially denied a spot in Q3 after his best lap time was wiped out as a result of an 'exceeding the limits' violation during Q2.

Because of the violation for running wide of the track when exiting a corner, Ricciardo will start from 15th on Monday morning. His teammate Yuki Tsunoda qualified 11th, missing out on a spot in Q3 by less than 0.1 seconds.

It was a drama-filled session which ended with Ferrari's Charles Leclerc taking advantage of Max Verstappen's mistakes to snatch pole position.

One of Verstappen's first flying laps was hampered when teammate Sergio Perez appeared to get in his way. A lap that would have been enough to claim pole position was also deleted because of a 'track limits' violation.


Sky Sports commentator David Croft described the mistake as "costly, costly, costly for Max Verstappen".

সুপ্রভাত সিডনি
The Leading Australian Bangladesh Monthly Community Newspaper। সত্যের সাথে সব সময়


সিডনিবাসীর জন্য কবর অতি স্বল্প মূল্যে!

Muslim Lawn

Kemps Creek Memorial Park has a dedicated lawn for the Muslim community with peaceful rural vistas.





*Part of the local community*

Call us on **02 9826 2273** from 8.30am-4pm
Visit www.kempscreekcemetery.com.au

Kemps Creek Memorial Park

Get 3 fee-free money transfers with code
**3FREE**




Proudly supporting you to send money back home safely, quickly, and affordably.

WorldRemit

*95% of our July 2022 money transfers were authorised within 60 minutes.
WorldRemit Pty Ltd, Level 3, 60 Martin Place, Sydney, NSW 2000, Australia. ABN No. 23 154 871 011. WorldRemit Pty Ltd is Registered with AUSTRAC for remittance services.


Need Tax Return?
Accounting & Tax should not be so difficult, visit us and see how we can make the difference…
TAX TIME AHEAD
QUALITY SERVICE ASSURED AT LOWEST PRICE
FREE TAX RETURN ASSESSMENT
Taxation Solutions Partnership / Individuals / Company / Trust / Superfund
Business development and management Bookkeeping & Many more
CHARTERED ACCOUNTANTS AUSTRALIA + NEW ZEALAND
bfsPARTNERS
SIMPLIFYING ACCOUNTING
OUR PARTNERS
Zaber Ahamed
Chartered Accountant
Registered Tax Agent
Registered SMSF Auditor
Justice of Peace in NSW
Tanvir Hasan
Chartered Accountant
Registered Tax Agent
Justice of Peace in NSW
Find us on Facebook
Level 5, 189 Kent Street Sydney 2000
www.bfspartners.com.au

## MAKSUDA CATERING PTV LTD



**A N M MASUM**
OWNER
0433075555



ABN: 61656957
34 Railway Parade, Lakemba
Shop #4, 232 South Terrace, Bankstown Nsw 2200
myrtal_900@yahoo.com

## BEST MOWING & RUBBISH REMOVAL

ABN 69 584-649 899



**KAMAL**
MOWER & RUBBISH REMOVALIST
YOUR LOCAL MOWER
0434 058 982
0406 642 711
kmlhoseen@gmail.com

বাংলায় কথা বলে কাজ করার সুযোগ!

**OUR PRICES ARE GOOD - OUR WORK IS BETTER**

Thank you for your business

**BEST MOWING & RUBBISH REMOVAL**

**OUR SERVICES ARE:**

❐ MOWING & GARDENING ❐ PRESSURE WASH CLEANING ❐ LANDSCAPING ❐ RUBBISH REMOVAL ❐ SMALL TREE CUTTING ❐ END OF THE LEASE CLEANING ❐ GUTTER CLEANING ❐ TURF/GRASS SOLUTIONS

**CALL US 0406 642 711 / 0434 058 982**

## TAX I SMSF I BUSINESS ADVISORY I BUSINESS ACCOUNTING

**ONE STOP SOLUTION FOR YOUR BUSINESS**

**LOOKING TO SET UP AN SMSF?**

**Call 02 8041 7359**



GROW WITH US

- TAX AND GST
- SELF MANAGED SUPER FUND
- BUSINESS ACCOUNTING
- BUSINESS ADVISORY
- NEW BUSINESS DET UP
- ALL TYPES OF STATUTORY AND NON-STATUTORY REPORTING

**GET**
High Quality professional services with a competitive price!

Kinetic Partners
**Kinetic Partners**
Chartered Accountants
132 Haldon Street Lakemba, NSW 2195
E: info@kineticpartners.com.au, www.kineticpartners.com.au


AUS BEST
MECHANICAL & TYRE SERVICES
0404 365 172
স্থান পরিবর্তন
Relocated
Bashit: 0404 365 172
BATTERIES
BRAKES
CLUTCHES
FULL ENGINE SERVICES
PINK SLIPS
RADIATORS
TYRES
ROTATE & BALANCE TYRES
WHEEL ALIGNMENT
Contact: 0404 365 172
442 Punchbowl Rd, Belmore (Inside Metro Patrol Station)
Suprovat Sydney Copy Right Protected


দারউইচ কোয়ালিটি মিটস
DARWICH BUTCHERY
We are specalized In Akika, Sadaqa Qurbani
Darwich Quality Meats
Our Chicken, Lamb, Goat, Beef all hand Slaughtered.
রেষ্টুরেন্ট ও ক্যাটারিং এর জন্য স্পেসাল প্রাইজ
Goat $300
Lamb $270
Beef $350
Whole lamb 6 way cut $210
DARWICH BUTCHERY
حلال
تتقدم ملحمة درويش من أبناء الجالية العربية والإسلامية خاصة بأحرّ التهاني بمناسبة حلول عيد الأضحى المبارك أعاده الله عليكم باليمن والبركات
Custer parking available at rear via Gillies Lane.
We cater for all occasions.
We specialise in Akika, Sadaqa and Qurbani.
Free local delivery for all orders over $60.00
حلال HALAL Certified
Phone Number: 9759 2603
শীঘ্রই যোগাযোগ করুন ঃ
New time table for our Business:
Monday to Saturday 07:00 AM-09:00 PM
Sunday 07:00-05:00 PM
Mohamed: 0414 687 786, A.C.N: 251 22 168 996 Tel: 02 9759 2603
Address: 77 Haldon St, (Opposite Commonwealth Bank) Lakemba, NSW 2195
2 KG Beef Curry $17
2 KG Lamb/Goat Curry $ 25
3 Chicken (size 9-10) $15
5 KG Nuggets/Burger $50
Suprovat Sydney Copy Right Protected

# The first proper Multicultural Islamic Centre in Tamworth

Tamworth is a city in northeast New South Wales known for the annual Tamworth Country Festival, which draws big-name international acts. The Australian Equine and Livestock Events Centre on the city's southern outskirts hosts horse-related events. Nearby is the Big Golden Guitar Centre with its giant guitar statue and wax museum. The central Tamworth Regional Gallery houses local textiles and art.

Tamworth is situated on the Peel River within the local government area of the Tamworth Regional Council, it is the largest and most populated city in the region, with a population of 63,920 in 2021, making it the second largest inland city in New South Wales. Tamworth is 318 km (198 mi) from the Queensland border and is located almost midway between Brisbane and Sydney.

Many Muslims professionals living there including doctors, engineers, businessmen. The multicultural Muslims community deposited for a Islamic Centre. Please come forward & support generously.





# 5 Ways to Prepare for Your Sports Season

Competitive sports are a lot fun. They help you stay healthy, meet new people, and teach you about teamwork. If you've never played a sport before, it's a chance to try something new. But sports also take a lot of hard work and practice. So starting a new season might make you feel a little nervous.

**Here are some ways to help you get ready for the first day:**

**GET IN SHAPE:**
Being in shape will help you have an easier start to your sport season. Start by writing down an exercise plan. If you're having trouble coming up with a plan or workouts, ask your coach, gym teacher, or trainer for advice. If you can't make it to a gym or don't have a lot of time, there are lots of exercise apps and online workouts you can try at home.
Write down your goals for the week and the workouts you plan to do. Schedule specific workout times. This will help you stay motivated and stick to your exercise plan. It will also help you keep track of what activities you did. If you liked a certain workout, make a note next to it so you can repeat it another week.



**SET REALISTIC GOALS:**
While you get ready for the start of your sports season, think of what you want to achieve. Your goals may be general, like making the team or getting in shape. But smaller, specific goals are easier to achieve and can build toward your bigger goal. Be sure to write down your goals and discuss them with your parent or coach — they can support you. If you reach your goal, set new goals to work toward. Having goals can be a great motivator!

**CHECK YOUR GEAR**
If you're returning to your sport, try on your equipment to make sure it still fits and works for you. If you're new to a sport, ask your coach what you'll need. You can buy your gear secondhand or borrow it from siblings or friends to save money. Make sure all your gear is clean and safe to use. If you're unsure, ask your coach to look at it before the first day of practice.

**CONSIDER A SPORTS CAMP**
Sports camps help new and experienced players practice skills before the season starts. College players, coaches, or other professionals usually teach the camps. Most include drill sessions, then scrimmages toward the end of the day. Drill work helps improve skills. Scrimmaging with other campers lets you practice those skills in real-game situations. Scrimmages also can help you get the feel of playing on a team if it's something you're not used to. Many schools and colleges offer sports camps and clinics during the summer and on the weekends during the school year.

**SEE YOUR DOCTOR**
Your school or team will need you to get a sports physical before allowing you to try out or play. Because everyone needs to get checked to play, doctors are busiest at the beginning of sports seasons. Ask your mom or dad to set up an appointment before your season starts. That gives the doctor plenty of time to fill out your paperwork so you can start your sport on time. If you wear glasses, consider visiting your eye doctor to check your prescription and get the right protective eyewear.

Whether you're training with a team or on your own, remember to include rest time into your schedule. Make sure you take at least 1–2 days off per week from competitive sports and training. Take at least 2 months off each year from any particular sport to prevent repetitive stress injuries.





সুপ্রভাত সিডনি
The Leading Australian Bangladesh Monthly Community Newspaper। সত্যের সাথে সব সময়

# অষ্ট্রেলিয়ার স্বাস্থ্য ব্যবস্থা ও বাংলাদেশের চিত্র

শামসুল ইসলাম টুকু



অষ্ট্রেলিয়া একটি কল্যান রাষ্ট্র তা বলার অপেক্ষা রাখেনা । নেই কোন রাজনৈতিক অস্থিরতা বা সহিংসতা , রয়েছে গতিশীল অর্থিনীতি , সকল ধর্ম ও জাতির মেলবন্ধনে আছে একটি সুন্দর সুশৃঙ্খল ,সামাজিক ব্যাবস্থা ।বাংলাদেশে বসে থেকে তা বোঝা সম্ভব নয় । প্রায় ২ কোটি ৫৪ লক্ষ জন- অধ্যুসিত অষ্ট্রেলিয়া ৬ টি রাজ্যে বিভক্ত । নিউ সাউথ ওয়েলস , ভিক্টোরিয়া , ওয়েষ্টার্ন অষ্ট্রেলিয়া , সাউথ অষ্ট্রেলিয়া , কুইন্সল্যান্ড ও তাসমানিয়া । গত ৭ আগাষ্ট সন্ধ্যায় সিঙ্গাপুর এয়ারলাইনসের বিমানে নিউ সাউথ ওয়েলসের রাজধানী সিডনী শহরে এসে পৌচেছি । আমার ছেলে এখানেই একটি সরকারী অফিসে পানি ব্যাবস্থাপনা প্রকৌশলী হিসেবে কর্মরত। সেই সুবাদে আমরা স্বামী স্ত্রী এক বছরের ভিসা পেলেও মাত্র ৭৫ দিনের জন্য বেড়াতে এসেছি । এখানে এসেই আমাকে স্বাস্থ্য বিভাগের শরনাপন্ন হতে হয়েছে । এখানকার স্বাস্থ্য বিভাগ কত যে উন্নত ও সুশৃঙ্খল তা সরাসরি না দেখলে বিশ্বাস করতে পারতামনা । তারই সামান্য উদাহারন তুলে ধরতে চাই আমাদের দেশের স্বাস্থ্য বিভাগের উদ্দেশ্যে ।

এখানে আসার পুর্বে প্রায় ১৫/১৬ দিন যাবৎ পেটের পীড়ায় ভুগছিলাম । পাতলা পায়খানা হচ্ছিল দিনে ৩ থেকে৫ বার পর্যন্ত । নিয়ম অনুযায়ী স্যালাইন পানি পান করছিলাম । কিন্তু কোন ভাবেই নিয়ন্ত্রন হচ্ছিলনা । অবশেষে ডাক্তারের পরামর্শে ১২ ঘন্টার বিরতিতে ২ টি ফিলমেট ট্যাবলেট সেবন করলাম ৬ আগাষ্ট বিমানে ওঠার আগে । বিমানে ৩ বার খাবার পেলাম কিন্তু রুচি না থাকায় ২/১ টা আইটেম খেয়ে ছেড়ে দিলাম । বিমানেও ৩/4 বার পিচকারী হয়ে গেল । সন্ধ্যা সাড়ে সাতটায় সিডনীর মিন্টোতে ছেলের বাসায় পৌছানোর সাথে সাথে প্রচন্ড গতিতে পায়খানা হয়ে গেল । পর মুহুর্তে শরীর কাঁপতে থাকলো । স্থির হয়ে দাঁড়াতে পারছিলামনা । মনে হলো বাংলাদেশে হয়তো ফিরে যেতে পারবোনা । রাতটা কোনভাবে কাটলো । সকালে ছেলে ডাক্তারের কাছে নিয়ে যেতে চাইলো । কিন্তু তখনো ধাতস্থ হতে পারিনি । বললাম সিপ্রসিন গ্রুপের কোন ক্যাপসুল পাওয়া গেলে ফার্মেসী থেকে নিয়ে এসো। এরপর ছেলের কথায় বুঝতে পারলাম অষ্ট্রেলিয়ার স্বাস্থ্য ব্যাবস্থার একটা সুশৃঙ্খল চিত্র । ছেলে বললো ডাক্তারের প্রেস্ক্রিপসান ছাড়া কোন ওষুধ কিনে পাওয়া যায়না । যা খুব সহজেই বাংলাদেশে পাওয়া যায় । যদিও এ ব্যবস্থাটি বাংলাদেশে চালু আছে কিন্তু পুরোপুরি বাস্তবায়ন হয়নি । ছেলের কথায় হতাশ হয়ে বললাম বিকেলে কোন হাঁসপাতালে নিয়ে চল । ছেলে ফোনে কার সাথে কথা বলে বিকেলে নিয়ে গেল ইংলেবার্ন এলাকার একটি মেডিক্যাল সেন্টারে । সেখানে সুন্দরভাবে সাজানো গোছানো রিসেপসান কক্ষে একটা কাউন্টারে বসে থাকা এক সুন্দর মহিলা রিসেপসনিষ্ট এর সাথে কথা বলে নিশ্চিত হলো ডাক্তারের সাথে আমাদের সাক্ষাতের সময় রাত ৮ টার পরে । ছেলেকে বললাম এটাতো কোন হাঁসপাতাল নয় এবং ইমারজেন্সি বিভাগ ও দেখছিনা । ছেলে বললো অষ্ট্রেলিয়ার নিয়ম হচ্ছে কোন অসুখ বিসুখ হলে প্রথমে যেতে হয় জিপির কাছে । অর্থাৎ জেনারেল প্রাকটিসিনারের কাছে যারা মুলত এমবিবিএস । এ ধরনের মেডিক্যাল সেন্টারগুলো রাজ্য সরকার কর্তৃক অনুমোদিত প্রাইভেট চিকিৎসা কেন্দ্র ও ফার্মেসী । এখানে প্রাথমিক চিকিৎসা দেওয়া হয় নির্দিষ্ট অর্থের বিনিময়ে এবং একইসাথে ওষুধ বিক্রি করা হয় । এই জিপির চিকিৎসা শেষ না হওয়া পর্যন্ত কোন কন্সাল্ট্যান্ট বা বিশেষজ্ঞ চিকিতসকেরা চিকিৎসা দেননা । এদিকে ইতোমধ্যে জিপির চিকিৎসা সহ রোগীর ইতিহাস অনলাইনে বিশেষজ্ঞ চিকিৎসকের কাছে পৌঁছে যায় । ফলে চিকিৎসা সহজতর হয় । এই শৃখলা বাঙ্গলাদেশের চিকিৎসা ব্যাবস্থায় অনুপস্থিত । বাংলাদেশে টাকা থাকলেই বিশেষজ্ঞ ডাক্তারের সাক্ষাত পাওয়া যায় । সেখানে দেখা যায় শত শত রোগীর ভীড় । লক্ষ লক্ষ টাকা গুনে নেন বিশেষজ্ঞ ডাক্তারেরা । চিকিৎসা হয় হ য ব র ল ।একজন রোগীকে যে সময় দেওয়া ও আন্তরিক আচরন করা দরকার তা দিতে পারেননা ।এতে রোগীরা ক্ষুব্ধ হয় ও চিকিৎসার জন্য ভারত সহ বিভিন্ন উন্নত দেশে পাড়ি জমায় । অষ্ট্রেলিয়ায় এসব সমস্যা পোহাতে হয়না রোগীদের । সরকারিভাবেও সে সূযোগ নেই ।তারা শত শত রোগীর চিকিৎসা দেননা একদিনে । খুবই সীমিত সংখ্যক রোগী দেখেন । একান্ত প্রয়োজন ছাড়া অনর্থক কোন প্যাথলজিক্যাল পরীক্ষার বাড়াবাড়িও নেই । শুধু তাইনয় যারা এদেশের নাগরিকত্ব পেয়েছেন তারা স্বাস্থ্য কার্ড পান এবং বিনে পয়সায় চিকিৎসা পেয়ে থাকেন । তবে কেউ ব্যক্তিগত ভাবে প্রাইভেট ক্লিনিক বা ডাক্তারের কাছে চিকিৎসা নিতে চাইলে সে পথ খোলা আছে । তবে তা অর্থের বিনিময়ে । এখানে যারা এখনো নাগরিক হতে পারেননি তারা স্বাস্থ্য ইন্সিউরেন্স করে থাকলে কিছুটা ছাড় পেয়ে থাকেন । ছেলে বললো এখানে সবচেয়ে বড় সুবিধা হচ্ছে জররী রুগী হলে ০০০ নম্বরে কল দিলেই মাত্র তিন মিনিটের মধ্যে এম্বুল্যান্স হাজির হয়ে যাবে ।দ্রুত হাঁসপাতালে পৌঁছে দেবে এবং তাৎক্ষনিক চিকিৎসার ব্যাবস্থা করবে ।এজন্য রুগীর অভিভাবকদের ব্যস্ত হতে হবেনা । এ সুবিধার কারন হচ্ছে প্রতিটি কাউন্সিলে ২/৩ টি করে আম্বুল্যান্স প্রস্তুত থাকে। এ সুবিধা আজও বাংলাদেশ দিতে পারেনি ।

যাইহোক আমি রাত ৮টার পর ডাক্তার দেখানোর সুযোগ পেলাম ডাক্তার অং কিউ নামে একজন বার্মিজ ডাক্তারের কাছে । তিনি আমার রোগ সংক্রান্ত নানা প্রশ্ন করলেন , জ্বর ও প্রেসার মাপলেন , পেটটা টিপে টুপে দেখলেন , অন্য কোন অসুখ আছে কিনা জিজ্ঞাসা করলেন । তারপরে প্রেস্ক্রিপসানে ১ টি ওষুধ লিখে দিলেন' লফেনক্সল' ডায়াফেনক্সিলেট হাইড্রক্লোরাইড গ্রুপের । প্রতিদিন ২টি করে ট্যাবলেট ৩ বার সেবন করতে। যদি প্রয়োজন হয় । সেইসাথে পরদিন পায়খানার নমুনা দিয়ে যেতে বললেন। এই মেডিক্যাল সেন্টারের ভেতরেই ফার্মেসী সেখান থেকে ওষূধ কিনলাম । ওষুধের প্যাকেটে আমার নাম সহ ওষুধ খাওয়ার পদ্ধতি সুন্দরভাবে প্রিন্ট করা আছে । অর্থাৎ ডাক্তার প্রেস্ক্রিপসান লেখার সাথে সাথে মেসেজটি ফার্মেসীতে পৌঁছে গেছে । এই যে সিস্টেম তা কি বাংলাদেশে বাস্তবায়ন হবে ? বাংলাদেশের ডাক্তারেরা রোগীকে ৫ মিনিট সময় দিতে পারেননা । আর রোগীর অসুখের বর্ননা দেওয়া শেষ না হতেই ডাক্তার ৫ থেকে ১০ টি ওষুধ লিখে শেষ করেন ।তারপুর্বে ৫/৭ টি অনর্থক প্যাথলজিক্যাল টেষ্ট এবং সেখান থেকে কমিশন বানিজ্যের কথা নাই বা বললাম। ডাক্তারের লেখা প্রেস্ক্রিপসান অনেক সময় পড়াই যায়না । তার উপরে ডাক্তারের চেম্বার থেকে বের হলেই দেখা যাবে বিভিন্ন ওষুধ কোম্পানির ১০/১৫ জন বিক্রয় প্রতিনিধি দরজা ঘিরে দাঁড়িয়ে আছে আপনার প্রেস্ক্রিপসানের ছবি নেওয়ার জন্য। যা একেবারে অনভিপ্রেত, অনাকাঙ্খিত ও অনধিকার চর্চা । অষ্ট্রেলিয়ায় যা কল্পনাই করা যায়না ।

পরদিন অর্থাৎ ৯ আগাষ্ট মেডিক্যাল সেন্টারে পায়খানার নমুনা দিয়ে আসা হলো । সেদিনই তা ল্যাবে পরীক্ষা করে তারা" সিগুলা ব্যাকটেরিয়া"সন্ধান পেলেন । তারা সাথে সাথেই বিষয়টি নিউ সাউথ ওয়েলসের জনসাস্থ্য বিভাগকে অবহিত করেছেন । ১০ আগাষ্ট জনস্বাস্থ্য বিভাগ থেকে আমাদের কাছে ফোন এলো । প্রায় ৩০ মিনিট ধরে তারা প্রশ্ন করলো । কোন ফ্লাইটে এসেছি , আসন নম্বর কত , কি কি খেয়েছি , বিমানের টয়লেট ব্যাবহার করেছি কিনা , এমন বেশ কিছু প্রশ্ন শেষে পরামর্শ দেওয়া হলো বাইরের অন্য কোন টয়লেট যেন ব্যাবহার না করি । এ ঘটনা থেকেও প্রমান হয় যে অষ্ট্রেলিয়া স্বাস্থ্য নিরাপত্তা বিষয়ে কত সচেতন ও যত্নবান । বাংলাদেশে ৫/১০ জন মারা না গেলে তা উদ্বেগজনক হয়না ।লফেনক্সল এর ৬টি ট্যাবলেট সেবন করার পরেও পায়খানা নিয়ন্ত্রন না হওয়ায় পুনরায় ১১ আগাষ্ট ওই মেডিক্যাল সেন্টারের ডাক্তার সুভাস মাঝি কে দেখালাম । তিনি আগের রিপোর্ট পায়খানার রিপোর্ট প্রভৃতি দেখে ৫টি এন্টিবায়টিক 'এজিথ্রোমাইসিন' সেবন করার পরামর্শ দিলেন । এক্ষেত্রেও একই পরিমাণ ডাক্তারী ফি ও ওষুধের দাম দিতে হলো ।

এবার ডাক্তারের ফি ওষূধের দাম নিয়ে আলোচনা করা যায় ।প্রত্যেকবারই ডাক্তারকে ফি দিতে হয়েছে ৭৫ অষ্ট্রেলিয়ান ডলার । যা বাংলাদেশী প্রায় ৫ হাজার ২৫০ টাকা । যেখানে বাংলাদেশে একজন বিশেষজ্ঞ ডাক্তার নেন এক হাজার টাকা । অর্থাৎ বাংলাদেশের ৫ গুন ।এদিকে ওষুধ লফেনক্সল ২০ ট্যাবলেটের এক পাতার দাম ১৬ ডলার বা বাংলাদেশী ১১২০ টাকা । বাংলাদেশে এই ট্যাবলেটের দাম সর্বোচ্চ ১৫০ টাকা । অর্থাৎ প্রায় ৮ গুন ।তেমনভাবে ৫ টি এজিথ্রোমাইসি ট্যাবলেটের দাম ৩০ ডলার বা বাংলাদেশী ২১০০ টাকা বা প্রতিটি ট্যবলেট ৪২৫ টাকা । যা বাংলাদেশে মাত্র ৫০ টাকা । অর্থাৎ প্রায় ৮ গুন ।এ ক্ষেত্রে একটি বিষয় উল্লেখ করা যেতে পারে । তাহলো , বাংলাদেশে ওষুধের মুল্য অনেক কম এবং মানসম্মত বলেও সুনাম আছে ও বিভিন্ন দেশে রপ্তানী হয় । তাই অষ্ট্রেলিয়া সরকার বাংলাদেশ থেকে ওষুধ আমদানী করে কমদামে রোগীদের জন্য সরবরাহ করতে পারে।

অষ্ট্রেলিয়ায় ওষুধের এই উচ্চ মুল্যে আমি উষ্মা প্রাকাশ করলে আমার ছেলে বললো এ দেশ যেমন নেয় তেমনই দেয় । নাগরিক সুবিধার কোন ঘাটতি রাখেনা । নাগরিক অধিকারের জন্য এখানে চিৎকার করতে হয়না । কোন সমস্যার বিষয়ে কাউন্সিলকে অবহিত করলে কাউন্সিল অতি দ্রুত সমস্যার সমাধান দেয় ।ডাক্তারের ফি এবং ওষুধের মুল্যের যে তুলনামুলক চিত্র তুলে ধরলাম তা এ কারনেই যে অষ্ট্রেলিয়া কল্যান রাষ্ট্র হিসেবে যারা এ দেশের নাগরিক বা অভিবাসী তারা বিনে পয়সায় সাধারন চিকিৎসা পেয়ে থাকেন। তবে জটিল চিকিৎসার জন্য রোগী বা রোগীর অভিভাবককে চিকিৎসা ব্যয় বহন করতে হয় ।সেক্ষেত্রেও কিছু সুবিধা পেয়ে থাকেন । কিন্তু যারা প্রথমে ছাত্র হিসেবে অথবা অভিবাসীর পিতা মাতা বা আত্মীয় স্বজন হঠাৎ করে বেড়াতে আসেন তাদের সাধারন চিকিৎসার জন্য উপরেল্লিখিত উচ্চ মুল্য পরিশোধ করতে হয় । এটা তাদের জন্য কঠিন ব্যয়সাধ্য হয়ে যায়। তাদের জন্য কি বিনে পয়সায় চিকিৎসা দেওয়া সম্ভব নয় ? অষ্ট্রেলিয়ার বিভিন্ন রাজ্য সরকার সহ অস্ট্রেলিয়া ফেডারেল সরকারের কাছে আমার বিনীত নিবেদন, বিষয়টি গভীরভাবে বিবেচনা করার জন্য। অস্ট্রেলিয়া সরকার ও রাষ্ট্র আরও মানবিক হোক এই প্রত্যাশা।

ইন্নালিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন
আল্লাহ উনাকে জান্নাতুল ফেরদৌস নসীব করুন
আমিন

# একটি মৃত্যু ও কমিউনিটিতে শোকের ছায়া


সুপ্রভাত সিডনি রিপোর্ট

বদিউজ্জামান সেলিম (৭০) ঢাকার মিরপুরে গত ২১ নভেম্বর ২০২৩ দিবাগত রাতে ইন্তেকাল করেন। ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন। মরহুমের মৃত্যুতে অস্ট্রেলিয়া প্রবাসী বাংলাদেশী কমিউনিটিতে সেকের ছায়া নেমে আসে।

এক সময় সেলিম ভাই হিসেবে সকলের কাছে অতি প্রিয় এ নাম, ১৯৮৮ সালে পাপুয়া নিউগিনি থেকে সিডনি আসেন। আপন ভাই লিয়াকত আলী স্বপন ও বোন জামাই ফরহাদ হোসেন ডালিম সিডনিতে বসবাস করেন এবং কমিউনিটিতে অতি পরিচিত।

মরহুম সেলিম ভাই জিয়া পরিষদের কোষাধ্যক্ষ ছিলেন (১৯৯৯), এছাড়াও ঢাকা কাবাব, ঢাকা বিরিয়ানি হাউসসহ বিভিন্ন ব্যবসায়ের সাথে জড়িত বিক্রমপুর নিবাসী সিডনির ইস্টার্ন সবার্বে বসবাস করতেন। ২০০৬ সালে দেশে ফিরে যান।

পারিবারিক জীবনে ২ ছেলে ও ২ মেয়ের পিতা ছিলেন। এক ছেলে ও এক মেয়ে সিডনির পাঁচবলে বসবাস করেন বলে জানা গেছে। তিনি অত্যান্ত মিশুক ও অমায়িক প্রকৃতির লোক ছিলেন। হাসি মুখে সবার সাথে কথা বলতেন। ধার্মিক সেলিম ভাইকে আল্লাহ্পাক জান্নাতুল ফেরদৌস দান করুন -এ দোয়া সুপ্রভাত সিডনি পি[পরিবারের পক্ষ থেকে।



# কলাম

**কায়সার আহমেদ**

সাংবাদিক ও কলামিস্ট

# দ্বাদশ সংসদ নির্বাচন : উত্তাল বাংলাদেশ



জ্বলছে ঢাকা, জ্বলছে সমগ্র বাংলাদেশ। বিএনপি ও তার সমমনা বিরোধী দলগুলোর তীব্র বিরোধীতা ও প্রতিরোধের মাঝে, প্রধান নির্বাচন কমিশনার কাজী হাবিবুল আউয়াল গত ১৫ই নভেম্বর বাংলাদেশের দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনের তফশীল ঘোষনা করেন। তার ঘোষিত তফশীল অনুযায়ী মনোনয়নপত্র দাখিলের শেষ সময় ১৭ই ডিসেম্বর। ১৮ই ডিসেম্বর থেকে বৈধ প্রার্থীরা ও তাদের দল প্রচার শুরু করতে পারবে। নির্বাচনের তারিখ ৭ই জানুয়ারী ২০২৪। তিনি জানান যে সাংবিধানিক বাধ্যবাধকতার জন্যে তাকে সময় মত নির্বাচন এর আয়োজন করতেই হবে।

তফশিল ঘোষনার পর থেকে ভোটগ্রহন সকল কার্যক্রম নির্বিঘ্ন ও নিরপেক্ষ করার পদক্ষেপ নেয়া শুরু করেছে নির্বাচন কমিশন। বাংলাদেশকে নিরপেক্ষ নির্বাচন উপহার দেয়ার উদ্দেশ্য নিয়ে, এবারই দেশের ইতিহাসে প্রথমবারের মত নির্বাচন পূর্বে অনিয়ম প্রতিরোধ ও নিয়ন্ত্রনের লক্ষ্যে ৩০০টি সংসদীয় আসনে একজন যুগ্ম জেলা জজ বা প্রয়োজনরোধে সিনিয়র সহকারী জজ বিশিষ্ট ৩০০টি নির্বাচনি অনুসন্ধান কমিটি গঠন করার নির্দেশ দেয়া হয়েছে। ইতিমধ্যে নির্বাচন কমিশনের সম্মতি না নিয়ে প্রশাসন ও আইনপ্রয়োগকারী সংস্থার কোন সদস্যকে বদলি না করার নির্দেশ দেয়া হয়েছে সকল সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে। এদিকে জাতীয় নির্বাচনের তফশিল প্রত্যাখান করে সমগ্র দেশের বিভিন্ন স্থানে বিএনপি ও তার সমমনা দলগুলোর আহ্বানে চলছে অবরোধ, ককটেল বিস্ফোরণ, বাসে আগুন, ট্রেন লাইনে অগ্নিসংযোগ। এমনকি পুলিশের গাড়ীতে চলছে হামলা।

এদিকে সরকারী দল আওয়ামী লীগ সাধারন সম্পাদক ওবায়দুল কাদের বিরোধী দলকে মত পাল্টে নির্বাচনে অংশগ্রহনের আহ্বান জানিয়ে বলেন, দরজা খোলা আছে, আসুন অংশগ্রহণমূলক নির্বাচনে প্রতিদ্বন্দিতা করুন। তিনি আরো বলেন আমরা একা ক্ষমতায় যেতে চাই না। সবাইকে নিয়ে ভোটের লড়াইয়ে যেতে চাই। তিনি আরো বলেন দেশ সংবিধান মতেই চলবে তাই সংবিধানের বাইরে যাবার কোন সুযোগ নেই। সংলাপের বিষয়ে তিনি বলেন, আমরা সংলাপের পক্ষে। ২০১৮ সালে বিএনপির সংগে প্রধানমন্ত্রী শেখ হাসিনা স্বয়ং দুবার সংলাপ করেছেন। ২০১৪ সালের নির্বাচনের আগে ফোন করেছেন। কিন্তু প্রাক্তন প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া গালাগাল করেছেন। তার ছেলে মারা গেছে, তখন প্রধানমন্ত্রী গিয়েছেন, তাকে ঢুকতে দেয়া হয়নি। এবারও রাষ্ট্রপতি তাদের ডেকেছেন, নির্বাচন কমিশন ডেকেছেন। তারা সাড়া দেয়নি। এখন নির্বাচনের তফশিল হয়ে গেছে। এখন সর্বময় ক্ষমতা সংবিধান ও নির্বাচন কমিশন এর কাছে।

এদিকে বাংলাদেশের আসন্ন জাতীয় নির্বাচনের তফশিল ঘোষনার পর নিজেদের অবস্থান জানিয়েছে যুক্তরাষ্ট্র। মার্কিন পররাষ্ট্র দপ্তরের মুখপাত্র ম্যাথু মিলার বলেন, বাংলাদেশের জনগণের মতোই যুক্তরাষ্ট্রও বাংলাদেশে অবাধ, সুষ্ঠু ও শান্তিপূর্ণ নির্বাচন চায়। যুক্তরাষ্ট্রের পররাষ্ট্র দপ্তরের বাংলাদেশের নির্বাচনি তফশিল ঘোষনা পরবর্তী সংবাদ সম্মেলনে বাংলাদেশে বিরোধী দলগুলোর প্রতিবাদ-বিক্ষোভ উপেক্ষা করে ৭ই জানুয়ারী সংসদ নির্বাচনের তারিখ ঘোষনা করা হয়েছে। যুক্তরাষ্ট্রের রাজনৈতিক সমঝোতার আহ্বানকে উপেক্ষা করা হয়েছে। প্রধান বিরোধী সহ বেশ কিছু রাজনৈতিক দল এটি প্রত্যাখান করেছে এবং তাদের বিরুদ্ধে দমন-পীড়ন চলছে। এই অবস্থায় একটি অবাধ, সুষ্ঠু ও বিশ্বাসযোগ্য নির্বাচন আয়োজন এবং সরকারকে জবাদিহির আওতায় আনতে যুক্তরাষ্ট্রের অবস্থান কি হতে পারে?

জবাবে মার্কিন কর্মকর্তা ম্যাথু মিলার বলেন, বাংলাদেশের আগামী নির্বাচন নিয়ে আমরা ধারাবাহিক যে বার্তা দিয়ে এসেছি তার কোন পরিবর্তন হয়নি। বাংলাদেশের জনগণ যা চায়, যুক্তরাষ্ট্রও তাই চায়। আর সেটি হলো শান্তিপূর্ণ অবাধ, নিরপেক্ষ ও সুষ্ঠু নির্বান অনুষ্ঠান। তিনি আরো বলেন যুক্তরাষ্ট্র বাংলাদেশে আলাদা করে কোনো একক রাজনৈতিক দলকে সমর্থন করে না; যুক্তরাষ্ট্র একটি রাজনৈতিক দলের উপর অন্য রাজনৈতিক দলকে প্রাধান্য দেয় না। যুক্তরাষ্ট্র সকল পক্ষকে সংযম প্রদর্শন, সহিংসতা এড়াতে এবং শান্তিপূর্ণভাবে অবাধ ও সুষ্ঠু নির্বাচনের পরিবেশ তৈরি করতে একসাথে কাজ করার আহ্বান জানায়। এদিকে তফশিল ঘোষনার পর থেকেই দেশব্যাপি চলছে লাগাতার অবরোধ, হরতাল, মিছিল। বিভিন্ন সভা-সমাবেশ করছে বিএনপি জামায়াতে ইসলামী সহ সমমনা দলগুলো।

এদিকে ২২শে নভেম্বর রাশিয়ার পররাষ্ট্র মন্ত্রনালয়ের মুখপাত্র মারিয়া জাখারোভারের নিয়মিত সংবাদ সম্মেলনে দাবী করেন যে স্বাধীন বাংলাদেশ, বিদেশি শুভাকাংখীদের সহযোগিতা ছাড়াই বিদ্যমান আইন অনুযায়ী ২০২৪- এর ৭ই জানুয়ারীর দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন করতে সক্ষম বাংলাদেশ। বাংলাদেশ কর্তৃপক্ষের প্রতি এমন আত্মবিশ্বাস আছে রাশিয়ার। তিনি আরো বলেন, বাংলাদেশের অভ্যন্তরীণ রাজনৈতিক প্রক্রিয়াকে প্রভাবিত করার চেষ্টা করে যাচ্ছে যুক্তরাষ্ট্র এবং তার মিত্ররা।

এই প্রসঙ্গে রাশিয়ান মুখপাত্র আরো বলেন, অক্টোবরের শেষের দিকে বাংলাদেশে নিযুক্ত মার্কিন রাষ্ট্রদূত পিটার হাস এবং বিরোধীদলের শীর্ষ নেতাদের বৈঠকের বিষয়ে খবর পাওয়া গেছে। বৈঠকে তারা দেশে ব্যাপক সরকার-বিরোধী বিক্ষোভ সংগঠিত করার পরিকল্পনা নিয়ে আলোচনা করেছেন বলে জানা গেছে। এ ধরনের কর্মকান্ড বাংলাদেশের আভ্যন্তরীণ বিষয়ে হস্তক্ষেপের চেয়ে কম কিছু নয়। তিনি আরো বলেন যে মার্কিন যুক্তরাষ্ট্রের আচরণ নগ্নভাবে ভিয়েনা কনভেনশনের লংঘন এবং এটিকে ওয়াশিংটন ও তার মিত্রদের পক্ষ থেকে একটি স্বাধীন রাষ্ট্রের অভ্যন্তরীণ বিষয়ে হস্তক্ষেপ করার শামিল।

ঢাকাস্থ মার্কিন রাষ্ট্রদুত পিটার হাসকে নিয়ে রাশিয়ান মুখপাত্রের উপরোক্ত অভিযোগের পরিপ্রেক্ষিতে মার্কিন পররাষ্ট্রমন্ত্রনালয় থেকে প্রতিক্রিয়ায় জানানো হয় যে রাশিয়ান মুখপাত্র ইচ্ছেকৃতভাবে যুক্তরাষ্ট্রের পররাষ্ট্রনীতি ও পিটা হাসের বিভিন্ন বৈঠক বিষয়াদি ভুলভাবে উপস্থাপন করেছেন। বাংলাদেশের কোন রাজনৈতিক দলকে যুক্তরাষ্ট্র সমর্থন করে না।

এদিকে রাশিয়ান মুখপাত্রের উপরোক্ত বক্তব্যের জবাবে বিএনপি কেন্দ্রীয় যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী বিএনপির সমাবেশ আয়োজনে কোনো বিদেশি কূটনীতিক সহায়তা করেছেন, এমন অনাকাংখিত ও অনভিপ্রেত অভিযোগ ইতিপূর্বে উথ্বাপিত হয়নি। এ ধরনের বাস্তবতা-বিবর্জিত বক্তব্য বাংলাদেশের জনগণের গণতন্ত্র পুনরুদ্ধারের আকাংখার বিরোধী। কার্যত: মিস জাখারোভার দৃষ্টিভঙ্গি গণতন্ত্রকামী জনগনের স্পৃহাকে অবমূল্যায়নের মাধ্যমে, দুর্নীতিগ্রস্থ আওয়ামী লীগ সরকরের ফ্যাসিস্ট শাসনব্যবস্থাকেই সমর্থন করছে। তিনি আরো বলেন রাশিয়ান পররাষ্ট্র মন্ত্রনালয় বিষয়ক মুখপাত্রের বিবৃতি গণতন্ত্রকামী বাংলাদেশিদের অনুভূতিকে প্রচন্ড আঘাত করেছে। নিজেদের অধিকার হারিয়ে, আজ নিজ দেশে পরাধীন আওয়ামী বলয়ের বাইরের সব মানুষ। হাজার-হাজার পরিবার আজও শোকাহত, যাদের স্বজনরা শহিদ হয়েছেন ফ্যাসিস্ট হাসিনা সরকারের দমন-নিপীড়নে। আজও গণতন্ত্র, বাকস্বাধীনতা ও আইনের অনুশাসন প্রতিষ্ঠার জন্য নিজেদের জীবনবাজি রেখে, হামলা-মামলায় জর্জরিত হয়ে, রাজপথে আন্দোলন করছেন লাখ লাখ মানুষ।

রিজভী আরো বলেন, ইতিহাসের এই সন্ধিক্ষণে বাংলাদেশের জনগন কৃতজ্ঞতার সাথে স্বীকার করে বিশ্বের গণতান্ত্রিক দেশগুলোর ইতিবাচক সমর্থনকে, যার উদ্দেশ্য গণতন্ত্র, সুশাসন, অর্থনৈতিক সমৃদ্ধি ও মানবাধিকার নিশ্চিত করা। দেশের মানুষ এও প্রত্যাশা করে যে, গণআকাংখার বিরুদ্ধে গিয়ে অন্য কোন বিদেশি রাষ্ট্র, ফ্যাসিস্ট শেখ হাসিনা সরকারের জনবিচ্ছিন্ন ও গণ-বিরোধী অপশাসনকে অযাচিত সমর্থন করবে না। পারস্পরিক ব্যবসা-বাণিজ্য রাশিয়ার অবদানকে আমরা গভীরভাবে স্বীকার করি এবং দুই দেশের জনগনের মধ্যে বিদ্যমান সৌহার্দপূর্ণ সম্পর্কের মূল্যায়ন করি।

বিএনপির প্রত্যাশা রাশিয়া বাংলাদেশের জনগণের গণতান্ত্রিক মূল্যবোধ, স্বাধীনতার সংকল্প ও মহান আত্মত্যাগের উপযুক্ত সম্মান করবে। গণমানুষের ভোটাধিকার, মানবাধিকার ও বাকস্বাধীনতাসহ অন্যান্য মৌলিক অধিকার পুনরুদ্ধারের জন্য চলমান সংগ্রামে রাশিয়ার সমর্থন ঐক্যবদ্ধ বাংলাদেশকে উদ্বুদ্ধ করবে। আর তাই বিএনপি বিশ্বাস করে ও আশাবাদি যে বাংলাদেশে গণতন্ত্র পুন:প্রতিষ্ঠার জন্যে গণতন্ত্রমনা আন্তর্জাতিক সম্প্রদায়ের পাশাপাশি রাশিয়াও ইতিবাচক ভূমিকা রাখবে।

এদিকে নির্বাচনে দলের মনোনয়ন ফরম বিক্রির উদ্বোধনকালে প্রধানমন্ত্রী শেখ হাসিনা স্পষ্টত:ই বলেন দিয়েছে দেশের সংবিধান সমুন্নত রেখে ভোটের মাধ্যমেই সরকার পরিবর্তন হবে। তিনি বলেন আমরা চাই জনগনের ভোটাধিকার অব্যাহত থাকুক। যারা নির্বাচন বানচালের জন্য অগ্নিসংযোগ করছে, তাদের প্রতিহত করতে দেশবাসীকে সতর্ক থাকার আহ্বান জানিয়ে বলেন, দীর্ঘ সংগ্রামের মধ্য দিয়ে আমরা জনগনের ভোটাধিকার প্রতিষ্ঠা করেছি। সুতরাং যারা সন্ত্রাসবাদের মাধ্যমে নির্বাচন ও গণতান্ত্রিক ব্যবস্থাকে বানচালের চেষ্টা করছে, তাদের সম্পর্কে জনগনকে সচেতন থাকতে হবে।

তিনি আরো বলেন, ভোটের অধিকার দেশবাসীর অধিকার। ভোট দিয়ে তারা তাদের পছন্দমতো নেতা নির্বাচন করবে, যারা সংসদে বসবে, আইন পাশ করবে, রাষ্ট্র পরিচালনা করবে। যদি কেহ নির্বাচন বানচালের চেষ্টা করে, অগ্নিসন্ত্রাস অব্যাহত রাখে, তার পরিণতি ভালো হবে না বলে হুঁশিয়ারি উচ্চারণ করেন। নির্বাচনকে বানচাল করতে অগ্নিসন্ত্রাস করে, মানুষকে পুড়িয়ে মারে, এত সুন্দর রাস্তাঘাট, মেট্রোরেল থেকে শুরু করে থার্ড টার্মিনাল সবকিছু আমাদের সরকার করেছে; এগুলো যারা ধ্বংস করতে যাবে আমি জনগনকে আহ্বান করছি তাদের হাত ভেঙ্গে দিন, তাদের প্রতিরোধ করুন। যাদের জনগনের প্রতি আস্থা নেই তারাই নির্বাচন বানচালের চেষ্টা করছে। বিএনপির মহাসমাবেশ-পরবর্তী হরতাল-অবরোধ চলাকালে সমগ্র বাংলাদেশে প্রচুর সহিংসতার ঘটনা ঘটেছে। পুলিশ সদর দপ্তরের সূত্রে জানা যায় যে এর মধ্যে ৩১০টি ভাঙচুর এবং ৩৭৬টি অগ্নিসংযোগ হয়েছে।

সম্প্রতি সিলেট সফরকালে জেলা প্রশাসক ও জেলা রিটার্নিং অফিসারের কার্যালয়ে নির্বাচন কমিশনার আনিছুর রহমান বলেন যে সাংবিধানিক বাধ্যবাধকতা থাকায় যথাসময়ে নির্বাচন করতেই হবে। তবে বিশেষ কোন দল নির্বাচন অংশগ্রহনে আগ্রহ দেখালে এখনো তফশিল পেছানোর সুযোগ রয়েছে। তারা নির্বাচনে এলে আমরা বিবেচনা করবো। কারণ পরে যথেষ্ট সময় আছে। তবে এখন পর্যন্ত কারও কাছ থেকে সেরকম কোনো সাড়া পাওয়া যায়নি।

২৩-এর পৃষ্ঠায় দেখুন

সুপ্রভাত সিডনি
The Leading Australian Bangladesh Monthly Community Newspaper। সত্যের সাথে সব সময়

# দ্বাদশ সংসদ নির্বাচন ঃ উত্তাল বাংলাদেশ



*২২-এর পৃষ্ঠার পর*

তিনি বলেন, নির্বাচন কারো জন্যে অপেক্ষ করবে না। সাংবিধানিক বাধ্যবাধকতার জন্য নির্বাচন করতে হবে, না হয় সাংবিধানিক শূন্যতা সৃষ্টি হবে।

তিনি বলেন, নির্বাচন কমিশন চাচ্ছে নির্বাচনে সকল দলের অংশগ্রহণ। কিন্তু কোনো দল না এলে নির্বাচন কমিশনের কিছু করার নেই। তবে কমিশন আশা করছে নির্বাচনে সকল দলের অংশগ্রহন। ইতিহাস ঘাটলে দেখা যাবে শতভাগ দল কখনোই নির্বাচনে অংশগ্রহন করেনি। অধিকাংশ দল নির্বাচন করলেই নির্বাচনি আমেজ চলে আসে। কমিশনে নিবন্ধিত ৪৪টি দলের সবাই নির্বাচনে অংশগ্রহন করুক সেটাই আমরা চাই। বিভিন্ন চলমান রাজনৈতিক কর্মচূচি চলছে, সেটাকে কেন্দ্র করে বিচ্ছিন্নভাবে কিছু ঘটনা ঘটছে বটে তবে তাতে নির্বাচনি পরিবেশ বিঘ্ন হওয়ার মতো নয়।

বাংলাদেশে যে দলগুলো নির্বাচন কমিশনে নিবন্ধিত সেগুলো হলো: লিবারেল ডেমোক্রেটিক পার্টি - (এলডিপি), জাতীয় পার্টি - (জেপি), বাংলাদেশ সাম্যবাদী দল- (এমএল), কৃষক শ্রমিক জনতা লীগ, বাংলাদেশের কমিউনিস্ট পার্টি, বাংলাদেশ আওয়ামী লীগ, বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি), গণতন্ত্রী পার্টি, বাংলাদেশ ন্যাশনাল আওয়ামী পার্টি, বাংলাদেশের ওয়ার্কার্স পার্টি, বিকল্পধারা বাংলাদেশ, জাতীয় পার্টি, জাতীয় সমাজতান্ত্রিক দল (জেএসডি), জাকের পার্টি, বাংলাদেশের সমাজতান্ত্রিক দল (বাসদ), বাংলাদেশ জাতীয় পার্টি (বিজেপি), বাংলাদেশ তরিকত ফেডারেশন, বাংলাদেশ খেলাফত আন্দোলন, বাংলাদেশ মুসলিম লীগ, ন্যাশনাল পিপলস পার্টি (এনপিপি), জমিয়তে উলামায়ে ইসলাম বাংলাদেশ, গণফোরাম, গণফ্রন্ট, বাংলাদেশ ন্যাশনাল আওযামী পার্টি (বাংলাদেশ ন্যাপ), বাংলাদেশ জাতীয় পার্টি, ইসলামিক ফ্রন্ট বাংলাদেশ, বাংলাদেশ কল্যাণ পার্টি, ইসলামী ঐক্যজোট, বাংলাদেশ ফেলাফত মজলিশ, ইসলামী আন্দোলন বাংলাদেশ, বাংলাদেশ ইসলামী ফ্রন্ট, বাংলাদেশের বিপ্লবী ওয়ার্কার্স পার্টি, খেলাফত মজলিশ, বাংলাদেশ মুসলিম লীগ (বিএমএল), বাংলাদেশ সাংস্কৃতিক মুক্তিজোট (মুক্তিজোট), বাংলাদেশ ন্যাশনালিস্ট ফ্রন্ট (বিএনএফ), জাতীয়তাবাদী গণতান্ত্রিক আন্দোলন (এনডিএম), বাংলাদেশ কংগ্রেস, তৃণমূল বিএনপি, ইনসানিয়াত বিপ্লব বাংলাদেশ, বাংলাদেশ জাতীয় সমাজতান্ত্রিক দল (বাংলাদেশ জাসদ), বাংলাদেশ জাতীয়তাবাদী আন্দোলন (বিএনএম) ও বাংলাদেশ সুপ্রীম পার্টি (বি,এস,পি)।

বাংলাদেশে তিনটি তত্বাবধায়ক সরকার পরিচালিত তিনটি নির্বাচন মোটামুটি সুষ্ঠু ও নিরপেক্ষ হয়েছিলো। তারপরও যে দল ক্ষমতায় আসতে পারেনি, তারা নির্বাচনকে প্রশ্নবিদ্ধ করেছেন। ১৯৯১ সালে অনুষ্ঠিত নির্বাচনে বিএনপি ১৪০টি আসনে জয় লাভ করে সরকার গঠন করলে বাংলাদেশ আওয়ামী লীগ ৮৮টি আসন পায়। তখন আওয়মী লীগ নেত্রী দাবী করেন নির্বাচনে সুক্ষ কারচুপি হয়েছে।

অন্যদিকে ১৯৯৬ সালে জুন মাসে আওয়ামী লীগ ১৪৬ আসনে জয় লাভ করে সরকার গঠন করলে বিএনপি পেয়েছিলো ১১৬টি আসন। তখনো বিএনপি সোচ্চার ছিলেন যে নির্বাচনে কারচুপি হয়েছে। এখানে উল্লেখ্য যে ১৯৯৬ সালের নির্বাচন তত্বাবধায়ক সরকার গঠনের বিতর্কে আওয়ামী লীগ নির্বাচন বয়কট করলে, বিএনপি সরকার আওয়ামী লীগকে বাদ দিয়ে ফেব্রুয়ারী ১৫ তারিখে একটি নির্বাচন করে সরকার গঠন করলেও আওয়ামী লীগ তীব্র আন্দোলন গড়ে তুললে সেই সরকার পদত্যাগ করে নতুন নির্বাচন অনুষ্ঠিত করে।


# HELP PALESTINIE INNOCENT PEOPLE





**The innocent people of Palestine are crying for basic needs such as food, Water, Medicine & Shelter. Please help those who are suffering, we are always with oppressed kids & elderly people who are desperately looking for help. May Allah swt accept all of your contributions. Please mention 'Pln donation' when you deposit. You may deposit it to:**

**CYCDO, BSB: 062 191 ACCOUNT: 1102 7026**

# আহমদ রাজু'র নীল ঠোঁটে ঘুমঃ একটি নিবিড় পর্যবেক্ষণে গল্পপাঠ

উদয় শংকর দুর্জয়

গল্পকার আহমদ রাজু'র গল্প পড়ার পর মাথার মধ্যে চিন্তাগুলো ঘুরপাক খায়। গল্পগুলো কি আসলে লেখার জন্য লেখা নাকি পারিপার্শ্বিক ঘটনা তাঁকে তাড়িত করেছে তাঁকে দিয়ে লিখিয়ে নেয়ার জন্য? রাজু সেসব গল্পের পথ দিয়ে হেঁটেছেন যে গল্পগুলো আমাদের চারপাশের ঘটে যাওয়া নিত্যদিনের; যার কোনো প্রতিকার নেই, বরং অনবরত ঘটে চলেছে। রাজু সেসব অনবরত ঘটে যাওয়া ঘটনাবলী থেকে এমন কিছু নিগূঢ় আখ্যান তুলে এনেছেন তা সত্যি আলোচনার যোগ্য। পাশাপাশি তাঁর ভাষার ব্যবহারের শৈল্পিকতা এবং পাঠকের উপলব্ধিগত দিক থেকে কতটা উতরে গেছে সেগুলোর দিকে আলোকপাত করা।




'এখানে আঁধার শুরু' গল্পে দেখিয়েছেন সংসারে দ্বন্দ্ব-সংঘাত না থাকলেও তৃতীয় ব্যক্তির আপন ইচ্ছায় উপকার করতে আসা মানে স্বার্থ সিদ্ধির সরকাঠি সঙ্গে আনা। একদিন সব তছনছ করে দিয়ে উধাও হয়ে যাওয়া। এই গল্পে মসজিদের ইমাম যখন সৌদি প্রবাসী সাহেব আলীর বউ হরিণার সাথে ছলনা করে সবকিছু নিয়ে পালিয়ে যায় তখন সাহেব আলী নুরো বৈরাগীর চায়ের দোকানে বসে বন্ধুদের সাথে প্রবাসের গল্প করায় ব্যস্ত। একদিকে নতুন করে ঘর বাঁধার মিথ্যে স্বপ্নে বিভোর অন্যদিকে ক্লেদাক্ত জীবন পেছনে রেখে আবার আপন মানুষটাকে কাছে পাওয়ার বাসনা। দুটো চাওয়া দু'জনের এবং দু'রকমের। রাজু শুধু গল্পের চরিত্রদের ছবি এঁকে এঁকে চলেছেন আর পাঠক তার নির্যাস শুষে আনন্দ পাচ্ছেন। এখানেই গল্পকারের সার্থকতা।

নারীর সম অধিকারের কথা বললেও সমাজপতিরা এখনও নারীকে ভোগের বস্তু হিসেবে দেখে। তাদেরকে দমিয়ে রাখার জন্য সব ধরণের কৌশল প্রয়োগ করতে পুরুষ সিদ্ধহস্ত। 'প্রেমিকার মন' গল্পে সুজাতা আর 'থিয়েটারের মেয়ে' নীনিতারা স্বামীর কাছে আত্মসম্মান জলাঞ্জলি দিতে দিতে হেরে যায়।
এই পঁচে যাওয়া নষ্ট সমাজের গলিতে মুখোশধারী ভালো মানুষের বাস। দিনে তারা নেতার আসনে, অন্যের দোষ বিচারের ক্ষেত্রে নিজেদেরকে মহান করে উপস্থাপনার প্রচেষ্টা আর রাতের অন্ধকারে স্টেশনের পাগলি রুহির ওপর শারীরিক ক্রিয়া চরিতার্থ করে দশ টাকার নোট গুঁজে দিয়ে বাড়ি ফিরে তাড়াতাড়ি ঘুমিয়ে যাওয়া। কারণ তাদের (জব্বার মুনশি আর রণজিত পালের) সকালে মালো পাড়ায় একটা সালিস রয়েছে। এই দু'টি বাক্যের মধ্য দিয়ে সমাজের সামগ্রিক অরাজকতার কথা সুস্পষ্টভাবে উপস্থিত হচ্ছে। এখন আসা যাক এই গল্পের কৌশল: রাজু কিন্তু কোনো চরিত্রকে পাঠকের কাছে পরিচয় করিয়ে দিচ্ছেন না, কে দোষী আর কে নিরাপরাধী সনাক্ত করছেন না, নিজে কোনো মন্তব্য রেখে যাচ্ছেন না। পাঠকের কাছে ঘটে যাওয়া প্রেক্ষাপট তুলে ধরছেন নিজস্ব ভাষা এবং কথোপকথন দিয়ে।

একটি চিত্রকর্ম ও অস্পষ্ট রহস্য এবং মায়া গল্প দুটোতে রয়েছে পরাবাস্তবতার ছাপ। গল্প দু'টির শুরুতে তেমন আঁচ করা যায় না, পরবর্তীতে গল্পকার কীভাবে পাঠকের কাছে রহস্যের ধোঁয়াশা ছড়িয়ে দেবেন। গল্পের জয়তী মৃত্যুর পর একদিন অরিন্দমকে কৌশলে আটকে আসল চুরির ঘটনা জানিয়ে দেয়। এই সত্য উৎঘাটনের জন্য দীর্ঘ সময় ধরে অপেক্ষা করতে হয় পাঠককে। গল্পটি বাস্তবতার ভেতর দিয়ে চলা শুরু করলেও গল্পকার একটু রহস্যের ভেতরে নিয়ে যান।
গল্পের প্লট তৈরি করার জন্য কাল এবং পরিবেশ বেছে নিয়েছেন খুব সচেতনভাবে। তিনি জানেন, গল্প যেন গালগল্প না হয়ে যায়। রহস্যের মধ্যে থেকে পাঠক যেন গল্পের আবহকে উপলব্ধি করতে পারে সোৎসাহে। পাঠকের চারিপাশেই যেন চিত্রকল্প তৈরি হয় বা পাঠকের নিজের অতীতের কোনো ঘটনাকে মনে করিয়ে দিতে পারে।

রাজুর গল্পের ভাষা সহজ এবং সাবলীল; সরল রেখায় আঁকা শৈল্পিক বুননের ফসল ভরা মাঠ। তাঁর গল্পের শুরু আচমকাই, অর্থাৎ কথা নেই বার্তা নেই রাজু গল্পের প্রথমেই লিখে দিচ্ছেন- সুন্দরবন এক্সপ্রেসটা পার হবার সাথে সাথে আবারো সুনসান নীরবতা নেমে আসে সিঙ্গিয়া স্টেশনে 'গল্প - নিয়ন আলোয় স্বপ্নচোখ'। আচমকা আয়োজন নিয়ে গল্প শুরু হলে পাঠক যেন ফাঁদে পা না দিয়ে পারে না। গল্পকার তো এমনই চান, পাঠক কোমর জলে নেমে পড়ুক আর বাকীটা- গল্পই আকড়ে রাখবে সে-জলের মধ্যে।

এই গল্পগ্রন্থে বেশ কিছু আঞ্চলিক গল্প রয়েছে তাদের মধ্যে চক্রাঘাত, গহরজান, থিয়েটারের মেয়ে অন্যতম। যশোরের প্রান্তিক অঞ্চলে ভাষার যে একটা টান রয়েছে রাজু সেটা তুলে আনতে সক্ষম হয়েছেন। যারা যশোরের আঞ্চলিক ভাষা জানেন এই গল্পগুলো তাদের উপলব্ধির মাত্রা বাড়িয়ে দেবে।

'নীল ঠোঁটে ঘুম' রাজুর তৃতীয় গল্পগ্রন্থ। প্রকাশ পেয়েছে অনার্য পাবলিকেশন্স, ঢাকা থেকে, ২০২৩ এ। কুড়িটি গল্প দিয়ে সাজানো বইটি ২১৬ পৃষ্ঠার। গল্পগুলো পূর্বে বহু পত্রপত্রিকায় প্রকাশ পেয়েছে। রাজু বহুদিন যাবত গল্প লিখছেন। আমি তাঁর প্রথম গল্প পড়ি মায়া, প্রায় এক দশক আগে। গল্পটি এই গ্রন্থে অন্তর্ভুক্ত হয়েছে এবং আমি আবার পড়ে নিলাম। রহস্যে ঘেরা গল্পটির শুরুটা এমনই- দুই হাতের ব্যাগ দু'টি ধপাস করে ঘরের মেঝেতে রেখে বলল, 'চলে এলাম, এক্কেবারে তোমাকে কিছু না জানিয়ে।' রাজু এভাবেই গল্প শুরু করেন, যা আগেই বলেছি। পাঠক বাধ্য হবেন এর ভেতরে ঢুকতে এবং রহস্য ভেদ করতে। তবে তা হাড় হিম করা কঠিন কোনো ভূতের গল্প নয় আবার একেবারেই স্রেফ পার্থিব তাও না। 'নীল ঠোঁটে ঘুম' শিরোনামের গল্পটি রয়েছে একদম শেষে। সাংসারিক টানাপোড়েন যেন সব মায়াকে উপেক্ষা করে গল্পের চরিত্রকে নিরুদ্দেশের দিকে ধাবিত করে। মানুষ হয়ে ওঠে দিগবিদিক শূন্য। একসময় এই জাগতিক মায়াকে উপেক্ষা করা যায় না তাই ঘরের মানুষ আবার ঘরে ফিরে আসে। গল্পের শুরুটা একটা চলতি পথের মাঝ থেকে শুরু হয় যেখানে থাকে বহুদিনের হিসেব নিকেশ করা সম্পর্ক, আবার শেষটাও যেন তিনি ছেড়ে দিয়ে যান চরিত্রের মুখোমখি।

আহমদ রাজু'র গল্প পাঠককে আনন্দ দেবে এতে কোনো সন্দেহ নেই। চরিত্র, ঘটনা, আবহ, পরিবেশ বিচারের রাজুর কৌশল সুনিপুণ। তিনি জানেন, গল্পের কোনো সুতোয় রয়েছে নিস্তরনের ক্ষুধা আবার কোন শাখায় রয়েছে মধুর প্রণয়ের টান। তবে তার গল্পের মধ্যে বিষাদের কলতান উঠে এসেছে বারবার। মায়ের সম্পত্তি যখন ছেলেপুলেরা লিখে নেয় তখন মা হয়ে পড়ে ঝুট ঝামেলা, ভিটে থেকে বিদেয় করতে পারলেই বেঁচে যায় গহরজানের ছেলেরা আর তাদের বউরা। এই গহরজান গল্পের আঞ্চলিক কথন যেন বাস্তবতার সব অজানাকে জানান দিয়ে যায়।



# আয়না বাবা

নবী হোসেন নবীন

দু'দিক হতে দু'টি রাস্তা এসে গ্রামের মাঝখানে পরস্পরকে অতিক্রম করে দু'দিকে চলে গেছে। এ চৌরাস্তার পাশে একটা প্রকাণ্ড পুরাতন বটগাছ। এ গাছটার নিচে গড়ে উঠেছে একটা ছোট বাজার। তার ডাল-পালা হতে অসংখ্য শিকড়-বাকড় চর্তুদিকে জটার মত ছড়িয়ে একটা সন্ন্যাস ভাব ধারণ করে আছে। দিনে অন্তত দু'বার আমার বাজারে আসা হয়। কোনো কাজ না থাকলেও আসি চা পানের উছিলায় আড্ডা দিতে।
একদিন সকালে এসে দেখি সর্বাঙ্গে লাল সালু জড়ানো এক সন্ন্যাসী বটগাছের নিচে বসে গাঁজা টানছে। তার মাথার চুলে বটগাছের শিকড়ের মত লম্বা লম্বা জটা ঝুলছে। গলায় ঝুলছে কাঁঠালের বিচির মত বড় বড় দানার রঙ বরঙের বেশ কয়েকটি মালা। হাতে পরা লোহা ও তামার অসংখ্য বালা। খানিকটা জায়গা পরিস্কার করে নিয়ে এখানেই সে আস্তানা তৈরি করে নিয়েছে। দিনে দিনে এ আস্তানার যে শ্রীবৃদ্ধি ঘটছে তা এখন সহজেই নজরে পড়ে। চর্তুদিকে ঝুলে থাকা বটগাছের শিকড়ে এখন শোভা পাচ্ছে লাল ও হলুদ রঙের ফিতা এবং ছোট বড় অনেক রকম আয়না। আয়নার আধিক্যের কারণে এক সময় মানুষ তাকে আয়না বাবা বলে ডাকতে শুরু। সে নিজেও এ আয়না বাবা সম্বোধনটি বেশ পছন্দ করে।
ক্রমে ক্রমে গ্রামের এক শ্রেণির মানুষের সাথে তার সখ্যতা গড়ে উঠে। গাঁজাখোররা রাতে এসে গাঁজার আড্ডা জমায়। দিনের বেলায় কেউ আসে টোটকা নিতে, কেউ আসে হারানো জিনিস ফিরে পেতে, কেউ আসে ব্যর্থ প্রেমে সফল হতে, কেউ আসে আয়নায় নিজের ভূতভবিষ্যৎ জানতে। এভাবে এক সময় আয়না বাবা নামটা বাঁশিল গ্রাম হতে আশপাশের আরও আট দশটা গ্রামে ছড়িয়ে পড়ে।
আয়না বাবা কথা খুব কম বলেন। সব সময় একটা গুরুগম্ভীর ভাব বজায় রাখেন। গাঁজার কল্কি ছাড়া আর কোথাও চাঞ্চল্য দেখান না। আয়না বাবা একদিন বটতলায় বসে কল্কি টানছিলেন, এমন সময় গ্রামের কয়েক যুবক হাবুর বউ মুন্নিকে নিয়ে এল আস্তানায়। মুন্নি বিলাপ করে কাঁদছে। আয়না বাবা মুন্নির দিকে চোখ তুলে তাকাতেই এক যুবক বলতে লাগল, এই বেটির কানের দুল হারিয়ে গেছে। স্বামী তাকে বেজায় মার দিয়েছে, শুধু তাই নয় সে বলে দিয়েছে আজ সন্ধ্যার আগে কানের দুল নিয়ে আসতে না পারলে তাকে তালাক দিবে। আয়না বাবা গাঁজার কল্কিতে কষে আরও দুই টান দিয়ে কল্কিটা বটগাছের গোড়ায় ঠেস দিয়ে রেখে দিলো। মুন্নি এতক্ষণ দাঁড়িয়ে ছিল এবার সে ধপাস করে মাটিতে বসে পড়ে দুহাতে মাটি চাপড়িয়ে আরও বেশি জোরে ও সুরে কান্না শুরু করে দিলো। মুন্নির কান্না শুনে ততক্ষণে অনেক লোক বটতলায় এসে জড়ো হলো। আয়না বাবা তার সামনে পিছনে ও ডানে বামে অনেক আয়না থাকা সত্ত্বেও বট গাছের গোড়া হতে একটা কালো কাপড়ের থলে এনে তার ভেতর হতে বিশেষভাবে ফ্রেমে বাঁধানো একটা আয়না বের করল। আয়নাটি এক নজর দেখার জন্য মানুষ হুমড়ি খেয়ে পড়ল। আয়নার ফ্রেমটি রঙিন কাঠের বাধানো হলেও তার পিছনের পারদের প্রলেপ অস্বচ্ছ। এতে স্পষ্ট কিছু দেখা না গেলেও আবছা আবছা সব কিছুই দেখা যায়। কেউ কেউ বলা শুরু করে দিলো এটা বিশেষ কুদরতি আয়না। আয়না বাবা আয়নাটি ভালোভাবে পরখ করে বলল, আপনারা এমন এক জন বাচ্চা ছেলে নিয়ে আসুন যার এখনও গোঁপ -দাড়ি উঠেনি।
যে কথা সেই কাজ। দশ পনের মিনিটের মধ্যে এমন একজন নবালক বাচ্চা এনে আয়না বাবার সামনে হাজির করা হলো। আয়না বাবা ছেলেটির আপাদমস্তক পরখ করে তার বুদ্ধিমত্তা যাচাই করে নিলেন। তারপর ছেলেটিকে তার সামনে বসিয়ে নিজের গলা হতে একটা মালা খুলে ছেলেটির গলায় পরিয়ে দিলেন। তার শরীরে কয়েকবার ফু দিয়ে ছেলেটিকে অলৌকিক আয়নায় গয়েবি দৃশ্য দর্শনের যোগ্যতা অর্জনের চেষ্টা করলেন। তারপর সেই কুদরতি আয়নায় নিজের কাছে সংরক্ষিত বোতল হতে জেলির মত ঘন তেল মেখে আয়নাটিকে ঘষা কাঁচের মত অস্বচ্ছ করে ছেলেটির হাতে দিয়ে বললেন, খুব ভালো করে দেখ। যাকে দেখবে সে নারী না পুরুষ, বড় না ছোট, সবার সামনে সবই বলে দিবে। ছেলেটি অস্বচ্ছ পারদের প্রলেপ মাখা আয়নায় নিজের অস্পষ্ট ছবি দেখে নিজেকেই চিনতে পারল না। ততক্ষণে বটতলা লোকে লোকারণ্য হয়ে গেছে। হাজার প্রশ্ন বাণে জর্জরিত হয়ে সে এমন এক ব্যক্তির বর্ণনা দিলো যার সঙ্গে মুন্নির স্বামী হাবুর চেহারা মিলে যায়। চোর ধরার এমন কৌশল উপস্থিত জনতার কাছে চোরের পরিচয় স্পষ্ট না করে বরং আরও অস্পষ্ট করে দিলো। সে যাই হউক পরের দিন সকালে বাজারে এসে দেখি বটতলার সবকিছু পুড়ে ছাই। আয়না বাবাও আর নেই।

# BOYCOTT ISRAELI PRODUCT NOW!

The economic boycott of Israel aims to put pressure on Israel to comply with international law and to persuade private companies to end their participation in Israel's Genocide. McDonald's and Starbucks are among the targets of the nonviolent, but controversial, global protest. McDonald's and Starbucks are among numerous western companies facing consumer boycotts over the Gaza conflict. McDonald's found itself caught in the crossfire after an Israeli franchisee said it was providing thousands of free meals to the Israel Defense Forces.

Take Action now :Before buying dates: Check the country of origin on the package. Check the barcode. Avoid any products with a barcode beginning with 729.




















## হেমন্তকাল
### এম সোলায়মান জয়

পাকা ধানে মাঠ সেজেছে
গাইছে কৃষক গান,
লাউয়ের মাচায় ফিঙে নাচে
মন করে আনচান।

শীত আগমন সকাল বেলা
শ্বেত কুয়াশার জাল,
সরষে ফুলের হলদে বরণ
দেয় হেমন্তকাল।

মাঠে ঘাটে ঘাসের ঢগায়
শিশির কণা হাসে,
নবান্ন আর পিঠার মেলা
হেমন্ততে আসে।

শিউলি ছাতিম গন্ধ ছড়ায়
গাছে নতুন পাতা,
হলুদ গাঁদার ছড়া লিখে
খুকি ভরে খাতা।

## নীলাঞ্জনা নেই
### মনিরুল ইসলাম দোলা

নীল টিপ এলোকেশী
নীল শাড়ী গায়,
পাশাপাশি ছায়া হাঁটে
উঁচু হিল পায়।

বকুলের সুবাসিনী
গোধূলির বেলা,
দূরে কাছে কেউ নেই
কে একেলা?

পাখিদের ঘরে ফেরা
শেষ হলো যেই,
আনমনে চেয়ে দেখি
নীলাঞ্জনা নেই!

## আজান
### নাসরীন খান

আহ্বান এর দ্যুতি ছড়াচ্ছে
আকাশ বাতাস আলোকিত করে
ভোরের উদীপ্ত মহিমায়।

কল্যাণের জন্য এসো
সকল সৌন্দর্য যাঁর সৃষ্টি
আল্লাহ মহান একচ্ছত্র আধিপতি।

নিজেকে সমর্পিত করো
নিজেকে ক্ষুদ্র করো আরও ক্ষুদ্র
বিলীন কর তাঁর সন্তুষ্টিতে।

আহ্বান এতো সুমধুর
আহ্বান হয় এত কোমল
আহ্বান হয় চির কল্যাণের জন্য।

## গ্রামখানি আমার
### নূর মোহাম্মদ

আঁকা বাঁকা মেঠো পথ দিয়ে
যেতে হয় গ্রামের বাড়ি,
দুই ধারে সৌন্দর্য্য উছলে পড়ে
সব কিছুকেই ছাড়ি।

গ্রামখানি দেখতে অপরূপ
প্রকৃতি দিয়েছে সাঁজায়,
মনের আনন্দে ঘুরে বেড়ায়
গ্রামের রাখাল রাজায়।

সবুজ আভা ছড়িয়ে আছে
চোখ যায় যতদূর,
সন্ধ্যা হলে যাত্রাপালায়
বাঁজে সানাই সুর।

দেখতে অপরূপ সোনার মতন
আমার গাঁয়ের মাটি,
সুজলা সুফলা শস্য ফলে
সোনার চেয়েও খাঁটি।

সবুজের সমারোহে শান্ত প্রকৃতি
যেন উছলে পড়ে,
শান্তি নেমে আসে চাঁদনি রাতে
আমার কুঁড়ে ঘরে।

## অথৈ নোঙর
### নন্দিনী আরজু রুবী

অনন্ত শূন্যতা সরিয়ে ফিরে দেখছি,
অন্ধকার ক্রমশ গ্রাস করছে আলোর কিনারা...
অহংকার বেষ্টনীর সংসার
নির্দ্বিধায় ফিরিয়ে নিচ্ছে সমতার আভরণ!

তবুও, কুড়িয়ে নেবো ভেবে জীবন জুড়ে
অক্ষর আর পৃষ্ঠার মেলবন্ধন,
ছিঁড়েছি গিট-জট সুতোর আষ্টেপৃষ্ঠে
উপেক্ষা আর অবহেলার নির্জলা সম্পর্ক।

রক্তপাতহীন ব্যথা কিংবা কষ্টের অসারতা।
আকণ্ঠ দুঃখের তৃষ্ণা ভুলবো ভেবে,
আমরণ পুষে রেখেছি মুঠোয়, বীজধানের অঙ্কুর।

অবারিত মাঠ আর চষা মাটি তুলে নিচ্ছি পাঁজরে,
খোসায় মুড়িয়ে এই অজস্র আমি-
আরও একবার জন্ম নেব বলে...

লতাগুল্মের খেদোক্তি মুছে আঙুলে জড়াচ্ছি
আমিত্বের গভীরে প্রথিত শিকড়---
তীব্র-দগ্ধ অপেক্ষার এই পালাবদল শেষে শুধু...
গেঁথে নেবো, পরম্পরায় গ্রন্থিত- প্রকৃত কৃষকের
লাঙলের ফলায় ধুলো শরীরে মাটির ঋণ।

## অধরা শশী
### নুশরাত রুমু

কার্তিকের শেষে, জোছনার বেশে
ওগো শশী! তুমি দিও না আলো
প্রেম জাগে না মনে অভিযোগের ক্ষণে
পূর্ণিমা আমার লাগে না ভালো।

কালো দাগের মাঝে বেদনা যে বাজে
রূপোলী থালার চাঁদে-
চুপিসারে ওরে, শীত এল দোরে
মনটা বেঘোরে কাঁদে।

নারকেলশাখা ঝিকিমিকি বাঁকা
লুকোচুরি খেলে যায়
আমি দেখে হাসি, আঁখি জলে ভাসি
শশী, অধরাই থেকে যায়।

## কেবলই দিন কেটে যায়
### রফিকুল নাজিম

আমাদের ব্যালকনি থেকে এখন আর আকাশ দেখা যায় না
দেয়ালে দেয়ালে আড়াল পড়েছে চাঁদ ও জল-জোছনা
আলো ছায়ার এই শহরে মানুষের মুখ স্পষ্টতর হয় না আর
সোডিয়ামের আলোয় ঝাপসা হয়ে যায় রাতের বুক
তবুও জীবন হাঁটি হাটি পা পা করে চলে যায়,
এখানে মুখোশের আড়ালে বেঁচে থাকার দায়!

তবুও এখানে প্রেম আসে
ইট পাথরে লেখা হয় তুমুল প্রেমকাব্য
স্মৃতিস্তম্ভে শোক প্রস্তাব লিখে রাখে দহনকাল
প্রেমে অপ্রেমে আমাদের দিনগুলো তবুও কেটে যায়
লাভে লোকসানে দিন তো আমাদের কাটেই!

## হেমন্ত আসে সন্যাসী ধ্যানে
### রফিকুল ইসলাম

নিঃসঙ্গ সাধনায় শান্ত সৌম্য হেমন্ত দুপুর
সবুজের আয়ু ছিঁড়ে বাজে ঝরাপাতার নূপুর।
সন্যাসী ধ্যানে সাধে, উত্তরের বায়ুর বিষণ্ণতা
পথে পথে হলুদ পাতার ঘরছাড়া আকুলতা।
আহা-রে হেমন্ত-
কৃষাণীর নোলকের মতো নুঁয়েছে ধানের শিষে
ভরা ফসলের মাঠ এনেছে কার্তিকের শেষে।
অরণ্যের মাদকতা ফেলে নিয়ে গেছে অভিমান
ছাতিমের উদ্দাম গন্ধ ভুলে রেখে গেছে অবদান।
ফসল কাটা হলে সারা উৎসবে মাতে গাঁও পাড়া
নির্জন মাঠে, শিশিরে ভিজে, পড়ে আছে নাড়া।
শালিকের ঠোঁট খোঁজে ঝরা ধান, উদাস করে প্রাণ
বিরাণ মাঠে বাতাসে ভাসে এখনো ফসলের ঘ্রাণ।
আহা! এমনি হেমন্ত আসে-
একলা ঘরে ফেরা আলতো শীতের সন্ধ্যা রাতে
কখনও হেঁটে যাওয়া শিশির ভেজা ধুলিপথে,
নবান্নের উৎসবে, নগ্ন বুকের উপর হিম মধ্যরাতে
অগ্রাণের সোহাগ নামে কুয়াশার শুভ্র শাড়িতে।
মাকড়সার জাল, ঘাসের শিশির চুমা দেয় রোদে
শীর্ণ জলে দাড়কিনা মাছ ডাকে আমার কৈশোরে
জলসিঞ্চনে একা দাঁড়কাক দাঁড়িয়ে বিলের বাঁকে
সন্ধ্যার ডাকে বিকেলটা ধীরে, হয়ে আসে ফিকে।

## ভূমিকা
### সেলিনা জামান লীনা

হে জীবন,
চিলেকোঠা হতে অট্টালিকা, উত্থান আর পতন
শহর-নগর-গঞ্জ কতকিছুই তো দেখলে,
দেখলে ভাঙা গড়ার প্রভূত খেলা
প্রশ্ন চিহ্ন এঁকে দিয়ে বিতর্কিত হলে।
অদৃষ্টের বদনাম, সৎকর্মের কী দাম?
অনুতাপে ঝরে ঘাম,
ইচ্ছা অনিচ্ছায় কত স্নেহ ভাজন
রুদ্রমূর্তি বেশে ঘুচায় চিরবন্ধন।
উটকো বিলাস অনটন অশেষ
প্রশ্নের ভিড়, অপূর্ণতায় নিঃশেষ।
চেতনা সজাগ হতে জীবন মরুপ্রান্ত
যুদ্ধবিদ্ধ জর্জরিত সৈনিক ভারাক্রান্ত।
প্রজন্ম রদবদলে আপনজন হয় পর
বিশ্বাসে ধরে ফাটল, সংস্রব ভেঙ্গে চুর।
চেনা পরিজন করে অচেনার ভান
রক্তের বন্ধনে ধরে ঘুন,
কাঁদন আসে না তবু গহন দহন ছাতি
নিখাদ সাধন বুনে মুমূর্ষু জীবন মতি।

## হেমন্তের নিরব কান্না
### শাহানাজ শিউলী

কচি লাউয়ের মাচায় ছেঁড়া ছেঁড়া স্বপ্নগুলো ক্লান্ত দৃষ্টিতে তাকিয়ে থাকে সুনীল আকাশে।
মটরশুঁটি, হলুদগাদার পাঁপড়িগুলো শিশিরের কান্নায় ভিজে যায়।
কৃষাণীর পায়ের তালে তালে শোনা যায় না হেমন্তের ধান ভাঙার শব্দ
কাঁচা রোদ্দুরে নেই কোন নিভাঁজ মুখরতা।

ঝরা পাতার মরমর বেদনায় মোচড় দিয়ে ওঠে রৌদ্র ছায়া।
আঁধারের দগ্ধ তীব্র যন্ত্রণায় এপিট ওপিট করে পুড়তে থাকে রুটি সেকার মত।
নির্ঘুম বিছানা অঙ্গারে পুড়ে ছাই হয়।
ধানের মঞ্জরি ভিজে নিরব কান্নায়।
কুয়াশায় ঢেকে যায় সোনা রোদ্দুর।

## হেমন্তের মিষ্টি সকাল
### শারমিন নাহার ঝর্ণা

হেমন্তের মিষ্টি সকালবেলা
শিশির বিন্দু ঘাসে,
সকালে হালকা রোদ যেন
মিটিমিটি করে হাসে।

শিউলি তলায় শিউলি ফুল
খুব সকালে ঝরে,
শিশির কণা শিউলি ফুল
কথোপকথন করে।

পাকা ধান হাওয়ায় দোলে
শীতল বাতাস বয়,
খুব সকাল বেলা চারিদিক
কুয়াশা ঘেরা রয়।

সুপ্রভাত সিডনি
The Leading Australian Bangladesh Monthly Community Newspaper | সত্যের সাথে সব সময়



# উপলব্ধি
## ফারজানা ইয়াসমিন

আয়শা একজন ষাট বছরের বিধবা নারী। দুই ছেলে ও দুই মেয়ে তার। দুই ছেলেই চাকরির জন্য ঢাকায় থাকে। মেয়ে দুটোর বিয়ে হয়েছে বগুড়ায়। যেখানে আয়শার বাড়ি। যদিও মেয়েরা ঢাকায় থাকে এখন। স্বামীর মৃত্যুর পর আয়শা কোথায় থাকবে তা নিয়ে খুব আলোচনা হচ্ছে সন্তানদের মধ্যে। সবাই বাড়িতে এসেছে বাবার মৃত্যু বার্ষিকীর জন্য। আয়শা সবার মনোভাব বুঝতে পারছেন। মাঝে মাঝে কিছু কথা কানেও যাচ্ছে। কিন্তু কাউকে কিছুই বুঝতে দিচ্ছেন না।

শুধু সন্তানেরা না, অনেক আত্মীয় স্বজনরা অনেক কথা বলে যাচ্ছেন। সন্তানেরা এখন মা'কে কোথায় রাখবে? এখানেই রেখে যাবে হয়তো। মা এখন ঝামেলা সবার কাছে। আয়শা এসব কথায় কষ্ট পেলেও কোন উত্তর দেননি। কারণ সে তার সিদ্ধান্ত নিয়ে রেখেছে।

আয়শার বাড়িতে ছয় বছর ধরে কাজ করে রহিমা। স্বামী ছেড়ে চলে গেছে। একটা মেয়ে ও একটা ছেলে নিয়ে অনেক কষ্টের জীবন। মেয়ে নাদিয়াকে এসএসসি পর্যন্ত পড়িয়ে এখন বিয়ে দিতে চায়। ছাত্রী খারাপ না। আর্টস থেকে এ প্লাস পেয়েছে। কোনো প্রাইভেট পড়েনি। উল্টো টিউশনি করে নিজের খরচ জোগায়।

অনেক চিন্তা ভাবনা করার পর আয়শা নাদিয়াকে তার কাছে রেখে পড়ালেখা করার সিদ্ধান্ত নেয়। সে সিদ্ধান্ত নেয় নাদিয়াকে নিজের কাছে রেখে পড়ালেখা করাবেই। নিজের একাকীত্বও দূর হবে।

স্বামীর মিলাদ শেষে ছেলেমেয়েরা এক সাথে রাতে বসলো আয়শা কোথায় থাকবে এ বিষয়ে সিদ্ধান্ত নেওয়ার জন্য। খালিদা বলল, আমি এখানেই থাকবো। মাঝে মাঝে তোমাদের কাছে বেড়াতে যাবো। আমাকে নিয়ে চিন্তা করতে হবে না। আমি আমার ব্যবস্থা করে নিতে পারবো।

বড় ছেলে বলল, মা এভাবে তোমাকে রেখে গেলে মানুষ খারাপ বলবে আমাদেরকে। নানান কথা উঠবে। এটা হতে পারে না মা। তুমি আমাদের সাথে থাকলে আমরা চিন্তামুক্ত থাকতে পারি।

ছোট ছেলে বলল, মা তুমি আমাদের সাথে থাকলে তোমার মনও ভালো থাকবে। এখানে কে দেখবে তোমাকে? তাছাড়া তুমি আমার সাথে থাকলে রোহান, নিতুকে স্কুলে আনা নেওয়া করলেও তোমার সময় কাটবে। মানুষের সাথে মিশলে, বাহিরে গেলে তোমারও ভালো লাগবে।

আয়শা বলল, আমি তোমাদের জন্য অনেক করেছি। এই বয়সে আর দৌড়াতে পারবো না। আমার দায়িত্ব আমি পালন করে দিয়েছি। তোমাদের মানুষ করেছি। এখন তোমাদের সন্তানের দায়িত্ব তোমাদের। তাছাড়া আমি কম শিক্ষিত মানুষ। তোমরা অন্য চিন্তা ধারার। আমি তোমাদের থেকে দূরে থেকেই ভালো থাকতে চাই। তোমাদের বাবা আমার জন্য যা রেখে গেছে তাতে তোমাদের দারস্থ হতে হবে না কোনদিন ইনশাআল্লাহ। শুধু দোয়া কর আমার জন্য।

আয়শা আরও বলল, আমি আর একটা সিদ্ধান্ত নিয়েছি। তোমাদেরকে জানাতে চাই। আমি নাদিয়াকে আমার কাছে রাখব। তার সব দায়িত্ব আমার। আমি ওকে আমার কাছে রেখে পড়ালেখা করাবো। ও অনেক ভালো ছাত্রী। ও আমার সাথে থাকলে আমারও একজন সাথী হবে। আর বাজার করার জন্য একটা ছেলেকে রাখবো। কিছু টাকা দিলে বাজার করে দিবে প্রতি দিন। কাজেই কোনো চিন্তা নেই। আমি আমার সিদ্ধান্ত বদলাবো না। তোমরা মন চাইলে এসে দেখে যেও।

বড় ছেলে একটু রেগে বলল, মা তুমি অন্যের সন্তানের দায়িত্ব নিতে পারবে। কিন্তু নিজের নাতি-নাতনীদের সাথে থাকতে চাও না। এটা কেমন সিদ্ধান্ত তোমার?

আয়শা এবার স্পষ্ট উত্তর দেয়। বলে, তোমাদের সাথে কিছুদিন থেকে দেখেছি তোমার আমাকে কতটা ভালোবাসো বা সম্মান কর। আমি তোমাদের অনেক কিছু মানতে পারি না। তোমরাও আমার অনেক কিছু মানতে পারো না। আমি যাবো তোমাদের কাছে। খুব বেশি দিন তোমাদেরকে না দেখে থাকতে পারবো না।

মেয়েরা বলল, মা নাদিয়ার দায়িত্ব নেওয়ার কী দরকার ছিল? এই বয়সে এই উটকো ঝামেলা কেন মাথায় নিলে? এসব নিয়ে মানুষ কথা বলবে।

-আমি উত্তর দিব। তোমরা নিশ্চিন্তে চলে যাও। কোনো সমস্যা হলে তোমাদেরকে জানবো। আয়শা তার কথায় অনড়ভাবে থাকলো।

নাদিয়া খুব মনোযোগ দিয়ে পড়ালেখা করছে। আয়েশার সাথে সব কাজেই সাহায্য করে। আয়শা তার একাকী জীবনে একজন খুব ভালো মানুষ পেল।

# হেমন্তের রূপ মাধুরী
## জহিরুল হক বিদ্যুৎ

আধো আলো আধো ছায়ার মতো
শীত ও গ্রীষ্মের মিশেল অনুভবে,
রূপসী বাংলার এই সবুজ প্রান্তর
ছুঁয়ে দেয় অপরূপ মাধুরীর হেমন্ত।
হালকা কুয়াশার ধোঁয়াশা ভোরে
লাল কুসুমের মতো হেসে ওঠে সূর্য;
সেই হাসির ঝলকে ঝলমল করে
ঘাসের বুকে টলমলে শিশিরবিন্দু।
কৃষকের দুচোখে নতুন দিনের স্বপ্ন
ঘরে ঘরে পিঠা-পায়েসের পড়ে ধুম
নবান্নে বাউলগানের সুরে মাতে রাত
গ্রামে বসে মেলা, বসে নাগরদোলা।
গন্ধরাজ, কামিনী, মল্লিকার সৌরভ
আর অশোক, শিউলীর মায়া ছেড়ে
একদিন হেমন্ত ফিরে যায় নৈঃশব্দ্যে
বনভূমিতে ঝরাপাতার বিরহ সুর নিয়ে-

# নিষ্প্রাণ ঝরা ফুল
## সুপদ বিশ্বাস

জীবনটা বোধহয়-
ঘন আঁধারে ফোটা কোনো সুগন্ধি ফুল
ভ্রমরীর সাক্ষাতহীন নিরব কালক্ষেপণ।
মধুতে টইটম্বুর- ঝরে পড়ে ফোঁটাফোঁটা,
না দেখে কেউ সৌন্দর্য।

অতি নিরুপায়-
দূরের মিটিমিটি তারা'য় গড়ি সখ্যতা।
না মেলে স্পর্শ, নাহয় কোনো খুনসুটি।
নিজেকে ফুটিয়ে তুলি আপন মহিমায়,
ডুকরে কাঁদে নিষ্পাপ মন।

বৃথাই হাহাকার-
হইনি প্রেয়সীর যত্নে তোলা গাঁথা মালা।
না পড়েছি কোনো দেবীর চরণ তলে।
রাত শেষে যখন আমার দেখা মেলে
তখন নিষ্প্রাণ ঝরা ফুল!

# জাগো সমাজ
## তাজুল ইসলাম নাহীদ

সমাজে আজ নাইরে বিচার
কাঁদছে সবাই দুখে,
ইচ্ছে থাকলেও পারে না কেউ
বলতে তা আজ মুখে।

টাকার জোরে গায়ের জোরে
তেল কে করছে পানি,
গরিব পেলেই ধরে ধরে
বিচার করে আনি।

কে বলবে এসব কথা!
বললে রক্ষা নাই,
অসহায়রা কেঁদে মরছে
একটু পেতে ঠাঁই।

এভাবেই কী চলবে সমাজ
বিবেক পোড়ার গন্ধে?
নির্দোষীরা কাঁদবে কত
বাড়ি ছেড়ে বন্দে?

নেই কি কেহ বীর বাহাদূর
করতে এসব বন্ধ?
আর কতকাল থাকবে বলো
সেজে তোমরা অন্ধ!

# মন ছুটে যায়
## শাহীন খান

মিহি বাতাসের সুরে মন ছুটে যায় দূরে
মন ছুটে যায় বেতস বনে আলতা রাঙ্গা পায়
মন পাখিরা উড়ে বেড়ায় মধুর গীতি গায়।
দুলতে থাকে হাওর দিঘি খাল ও লতাপাতা
দুলতে থাকে প্রিয় কবির কলম এবং খাতা।
হৃদ মহুয়ার দেশে নাচে ফুলপরীদের দল
নদী সাগর নেচে ওঠে দারুণ ছলাৎছল।

আকাশ পাড়ে ভাসতে থাকে সুখ ঝলমল দ্যুতি
একটুকরো ঐ চাঁদ মামাটা জানায় অনুভূতি।
মন ছুটে যায় মন ছুটে যায়  মেঘেরা বলে কথা
বৃষ্টি হঠাৎ দেয় ভেঙ্গে দেয় গুমোট নিরবতা।
চারটা দিকে বয়ে চলে সুখ নামক এক বাও
গল্প গানে মাতোয়ারা স্বর্ণমাখা গাঁও।
ময়ূরপঙ্খি দোদুল দোলে হাসে শিশু মায়
ঘুঘুর ছানা মেলে ডানা ঘাসের আঙ্গিনায়।
মন ছুটে যায় মন ছুটে যায় কেবল জনশ্রুতি
তাই শুনে গো জানায় প্রীতি চাঁদ ও অরুণদ্যূতি।

# দোয়েল কোয়েল
## সৈয়দুল ইসলাম

আয়রে দোয়েল ময়না কোয়েল
আয়রে আমার গাঁয়,
সোনার নূপুর পরিয়ে দেবো
আদর করে পায়।

চিড়া মুড়ি খেতে দেবো
থালা ভরা ধান,
নেচে নেচে দিন কাটাবে
গাইবে সুখে গান।

যতন করে রাখবো ধরে
যেতে নাহি দেবো,
সুখে দুঃখে ভালোবেসে
আপন করে নেবো।

# প্রেক্ষাপট- ১০১
## শ্যামল বণিক অঞ্জন

সত্যের বাতিটা চিরদিন জ্বলে
এই কথা প্রবাদে আছে লোকে বলে!
সত্যেরও জয় নাকি হয় নিশ্চয়ই
সৎ ব্যক্তির মনে থাকে না তো ভয়!
আজকাল এই সবই হয়ে গেছে মিথ্যে
বাস্তব চিত্রটা দাগ কাটে চিত্তে!
সত্যের ঘরে আজ কোন আলো নাইরে
কোনঠাসা সৎজন ঘরে আর বাইরে!
সবখানে মিথ্যার দাপট-ই তো চলছে
মিথ্যার বাতিটাই ঝলমলে জ্বলছে!

# এই কার্তিকে
## শেখ সোহেল রেজা

আশ্বিন গেলো- কার্তিক এলো
পাকলো ক্ষেতের ধান,
মনের সুখে গাইছে চাষী
নবান্নের এই গান।

ঢেঁকিতে চাল গুড়ি করে
বানায় পিঠা পায়েস,
বারো মাসে তেরো পার্বণ
আমার বাংলাদেশ।

হিন্দু বাড়ি পূজা হয়
দেখতে যাই সবাই,
নাড়ু- চিড়া, পিঠা-পায়েস
সবাই মিলে খাই।

চাষীর বউ কুলায় নিয়ে
ঝাড়ে ধানের চাল,
জেলে ভাই মাছ ধরে
পেতে নতুন জাল।

# ট্রেন্স থেকে ফিরে এসে

রউফ আরিফ



*পূর্ব প্রকাশের পর-*

-এসব কি বলছিস তুই। তুই হাত না দিলে তো আমরা হালে পানি পাবো না।

আরমান কাজলের কলার চেপে ধরে। বেরো, বেরো বলছি। শালা চোর গুন্ডার দল। আমি পলিটিক্স করতে এসেছি। তোদের মতো চুরি ডাকাতি করতে নয়।

কাজল আরমানের রক্তচক্ষুকে আমলে না এনে শান্ত স্বরে বলে, অত উত্তেজিত হচ্ছিস কেন। মাথা ঠান্ডা কর। তা না হলে তুইও ডুববি, আমাদেরও ডোবাবি।

আরমান আর নিজেকে ধরে রাখতে পারে না। কাজলকে এক ধাক্কা দিয়ে ঘর থেকে বের করে দেয়। আরমানের মেজাজ দেখে কাজল আর দাঁড়াতে সাহস পায় না। তরতর করে নিচে নেমে যায়। কাজল চলে যাওয়ার পরে আরমান অস্থিরভাবে ঘরময় পায়চারি করে। দ্রুত সিদ্ধান্ত নিতে চেষ্টা করে, এখন তার কি করা উচিত।

না। এখন কোনো অবস্থাতেই পুলিশের হাতে ধরা দেওয়া উচিত হবে না। কারণ,

একবার পুলিশ কাষ্টুডিতে গেলে, তাকে বের করে আনা সহজ হবে না। তার কোনো আত্মীয় স্বজন নেই, যারা তার জন্য দৌড়াদৌড়ি করবে। একা রোজি কিছুই করতে পারবে না। কারণ, এইসব কেস কামারির অন্দধন্দ সে কিছুই বোঝে না।

রোজিকে একটা চিঠি লিখে রেখে তাকে এখনি বেরিয়ে পড়তে হবে। পরক্ষণই সিদ্ধান্ত পাল্টায়। না। চিঠি লেখা চলবে না। পুলিশ এসে যদি চিঠি পায় তাহলে রোজিকে হেনস্থা করবে। ফলে, রোজিকে চিঠি লেখা চলবে না। ওর সাথে দেখা করে সব খুলে বলতে হবে।

আরমান আর দেরি করেনা। ঘরে তালা লাগিয়ে বেরিয়ে পড়ে। গতকালের টাকাগুলোও সাথে নেয়। চাবিটা অঞ্জনা বৌদিকে দিতে গিয়ে বলে, বৌদি। আমি একটা ঝামেলায় পড়েছি। বিপদ না কাটা পর্যন্ত বসায় ফিরতে পারবো না। রোজিকে তুমি দেখো বৌদি। আমার মা বেঁচে থাকলে এই কথাটা আমি তাকেই বলতাম।

অঞ্জনা বৌদি বোবা হয়ে যায়। আরমানের দিকে বোকা বোকা চোখে চেয়ে থাকে। কোনো কথাই সে বলতে পারে না। আরমান যেমন এসেছিল তেমনি দ্রুত বেরিয়ে যায়।

১১.

রোজির এখন অফ পৃয়ড। সে লাইব্রেরিতে বসেছিল। ওর মনটা ভালো নেই। আজ ক'দিন সে খোলস আটা শামুকের মতো নিরবে কাজ করে যাচ্ছে। কারো সাথে তেমন কথা বলে না। আড্ডার টেবিলে আসর মাত করে না। এটা তার কলিগদের সবাই কমবেশি খেয়াল করেছে। তবে রোজিকে কেউ কোনো প্রশ্ন করে বিরক্ত করেনি। কারণ, রোজির কলিগরা সবাই তাকে পছন্দ করে।

রোজি লাইব্রেরিতে বসে উদাস মনে ভাবছিল। অদূরে বসেছিল সাব্বিরও। তারও এখন ক্লাস নেই। সে আড় চোখে রোজিকে দেখছিল আর ছেলেমেয়েদের হোম টাস্ক-এর খাতা দেখছিল। একসময় নিজের গাম্ভির্যের খোলস ছিড়ে বেরিয়ে এসে জিজ্ঞাসা করল, ক'দিন থেকে দেখছি তুমি হঠাৎ করে কেমন পাল্টে গেছ। বিষয়টা কি রোজি?

-না। তেমন কিছু না। এমনিই-

-আমাকে লুকোবার চেষ্টা করে লাভ নেই। তোমাকে আমি ছোটবেলা থেকে দেখে আসছি।

-তোমরা পুরুষ মানুষেরা, বিশেষ করে তোমাদের মতো কমপ্লিট ব্যাচেলর যারা, তারা মেয়েদের সমস্যা কি করে বুঝবে। মেয়েদের হাজার রকম সমস্যা থাকে। সব কি সবাইকে বলা যায়।

-সব কথা কি বলে বোঝাতে হয়?

-তাই নাকি? বলে বোঝাতে হয় না তো কিভাবে বোঝা যায়? তুমি কি ইদানীং মনোবিজ্ঞানের এমন কোনো বিষয় আয়ত্ব করে ফেলেছ যে, মুখ দেখে মানুষের সব কথা জেনে ফেলতে পারো।

-তোমার বিষয় জানতে আমার মনোবিজ্ঞান পড়ার দরকার হয় না।

রোজি তেরচা নয়নে চেয়ে মুখে রহস্যময় হাসি ঝুলিয়ে রেখে জিজ্ঞাসা করে, তাহলে কি দরকার হয়?

-স্বচ্ছ আই কিউ থাকলেই যথেষ্ঠ।

-কি জানি, বুঝি না কিছু। আমার আই কিউ এত ভোতা যে সহজে কিছুই ধরতে পারে না।

-মিথ্যা বোলো না রোজি। মিথ্যা বলা মহাপাপ।

রোজি আর কথা বলে না। চুপ করে যায়। তবে একটা জিনিস ঠিক, তার এই কাজিনটা অন্যদের মতো নয়। একটু আলাদা ধরণের। অনেক টাচি। তার সাথে কথা বলতে রোজির খারাপ লাগে না। বরং ওর সাথে আলাপ করলে সহজে মনের গুমোট ভাবটা কেটে যায়। বুকের ভেতরের চাপা ভার হালকা হয়ে যায়। রোজিকে চুপ করে যেতে দেখে সাব্বিরও আর কথা বাড়ায় না। মাথা নিচু করে একমনে খাতা দেখে যায়।

এভাবে কেটে যায় বেশ কিছুক্ষণ। একসময় সাব্বির খাতা থেকে মুখ তুলে জিজ্ঞাসা করে , কি হলো একবারে চুপ মেরে গেলি যে?

-তাহলে কি করবো?

-কথা বল।

-কি কথা বলবো?

-যা বলতে ইচ্ছা করে তাই বল।

-এখন কিছুই ভালো লাগছে না।

-কেন? কর্তার সাথে ঝগড়া করেছিস নাকি?

-পরের ব্যাক্তিগত জীবনে নাক গলাতে নেই, তাও কি ভুলে গেছো নাকি!

-না। তা ভুলিনি। কিন্তু আমি তোর কাজিন না।

-ও! তাইতো-

-ফাজলেমি করিস না। অচিরেই বুঝতে পারবি আমার বন্ধুত্ব কত মূল্যবান।

-তাই নাকি?

সাব্বির রোজির ঘাড় বাঁকিয়ে চিবিয়ে চিবিয়ে বলা 'তাই নাকি' শব্দ দুটো বেশ উপভোগ করে। এরপরে আর কোনো কথা না বলে পকেট থেকে সিগারেটের প্যাকেট আর ম্যাচ বাক্স বের করে। সিগারেটের একটা শলাকা দুই ঠোঁটের ফাঁকে গুজে দিয়ে ম্যাচের কাঠি জ্বালে। হালকা আগুনের শিখাটা সিগারেট শলাকার মাথায় ধরে। ধীরে ধীরে ধোয়া হতে শুরু করে।

রোজি আড় চোখে চেয়ে সাব্বিরের এই সিগারেট ধরানোর ভঙ্গীমাটা দেখে । ওর একটা আলাদা স্টাইল আছে। যা চোখে পড়ার মতো। সাব্বির সিগারেটা ধরিয়ে চেয়ারের পিছনে পিঠ ঠেকিয়ে আয়েস করে ধোঁয়া ছাড়ে। রোজি মুগ্ধ চোখে তার মুখের পানে চেয়ে থাকে।

সাব্বিরের ঠোঁটে ধরা সিগারেট থেকে সুতোর মতো ধোঁয়ার রেখা একে বেঁকে আকাশে উঠছে। সাব্বিরের চোখ দুটো বোজা। নাকের ওপরে কপালে তিনটে ভাজ। কালো প্যান্টের ওপরে ঘিয়ে রঙের পাঞ্জাবী। বুকের সব ক'টা বোতাম খোলা। গলায় সোনার চেন চিকচিক করছে। ছেলেদের গলায় হার পরা রোজি একদম পছন্দ করে না। প্রথম প্রথম সে সাব্বিরকেও দুচার কথা শুনিয়েছিল। সাব্বির তা কানে তোলেনি। এখন তা নিয়ে রোজির কোনো আফসোস নেই। বরং দেখতে দেখতে চোখ সওয়া হয়ে গেছে। এখন ওটা না থাকলেই বোধ হয় সাব্বিরকে খারাপ দেখাবে।

সাব্বিরের বাম হাতের দু'আঙ্গুলের ফাকে ধরা সিগারেট। ডান হাতে কলম। খাতার ওপরে নজর বিঁদ্ধ। মাঝে মাঝে বাম হাতটা উঠে যাচ্ছে মুখে। আবার নেমে আসছে যথানিয়মেই। ধোয়ার কুন্ডলি ঘুরছে মুখের সামনে। সাব্বিরের সেদিকে খেয়াল নেই। কিন্তু রোজি অপলক চেয়ে আছে। ওর চোখের রেটিনায় পাশাপাশি দুটো মুখ ভাসছে। একটা আরমানের আরেকটা সাব্বিরের। তবে আরমানের মুখটা অন্যদিনের মতো আজ স্পষ্ট নয়। কেন জানি বারবার ইরেজ হয়ে যাচ্ছে। ঝাপসা থেকে একবারে বিলীন।

আবার অস্পষ্ট-থেকে ধীরে ধীরে রূপ নিচ্ছে। কেন এমন হচ্ছে, রোজি তা ভেবে মিলাতে পারে না। চেষ্টা করছে। সমস্ত একাগ্রতা দিয়ে আরমানের মুখচ্ছবিটা সুন্দর করে ফুটিয়ে তুলতে চেষ্টা করছে।

রোজির নিজের সাথে এই লুকোচুরি খেলা আরও কতক্ষণ চলতো বলা মুশকিল। ক্লাসের ঘন্টা পড়ার শব্দে তার সেই স্বপ্ন ভঙ্গ হলো। সে তাড়াতাড়ি উঠে দাঁড়ালো। এখনি অন্যান্য শিক্ষকেরা ক্লাস থেকে ফিরে আসবে। এই নির্জন একান্ত নিজস্ব মুহূর্তটা সে অন্য কারো নজরে পড়তে দিতে চায় না।

আরমান বাসা থেকে বেরিয়ে চলে যায় ওদের গোপন আস্তানায়। যেখানে ওরা অবসর সময়ে নিয়মিত তাস খেলে। যে কোনো ধরনের গোপন বৈঠক করে। ওদের রাজনৈতিক ওপরওয়ালাদের সাথে এখান থেকেই টেলিফোনে যোগাযোগ করে। আরমানের বিশ্বাস ছিল এখানে এলে সে দলের কাউকে না কাউকে পাবেই। এবং বিষয়টা সম্পর্কে আরও ডিটেইলস জানতে পারবে।

কিন্তু এখানে এসে তাকে হতাশ হতে হলো। দেখলো এখানে কেউ নেই। এই বাসার কেয়ারটেকার রহম আলি বলল, ভাইজান আপনি এখানে এসেছেন? কাজটা ভালো করেননি। একটু আগে এখানে পুলিশ এসেছিল আপনাদের খোঁজে। যত তাড়াতাড়ি পারেন পালিয়ে যান। যদি পারেন এই শহর থেকে পালান। কিছুদিন গা ঢাকা দিয়ে থাকেন। পরিস্থিতি স্বাভাবিক হলে ফিরে আসবেন।

আরমানের মাথায় চক্কর মারতে থাকে। তাহলে কেসটা সত্যি। পুলিশ তাকে হন্যে হয়ে খুজছে। যে কোনো মুহূর্তে সে ধরা পড়ে যাবে। না। এত তাড়াতাড়ি ধরা দেওয়া যাবে না। রহম আলির পরামর্শই ঠিক। এই শহর ছেড়ে পালাতে হবে। এই শহর ছাড়ার আগে রোজির সাথে দেখা করতে হবে। কিন্তু কিভাবে? রোজিকে ছেড়ে, খোকাকে ছেড়ে, সে কোথায় যাবে? এইসব ভবতে ভাবতে তাড়া খাওয়া কুকুরের মতো নিউমার্কেটে চলে এলো। টুপ করে গোলাম মাওলার দোকানে ঢুকে পড়ল। গোলাম মাওলা জিজ্ঞাসা করল, দোস্ত তুই না একটু আগে বাসায় গেলি? না কি এখনো বাসায় যাসনি?

*চলবে.....*

সুপ্রভাত সিডনি
The Leading Australian Bangladesh Monthly Community Newspaper । সত্যের সাথে সব সময়

# হাস্যকর
## আবদুল বাতেন

তুমি শোন বা না- শোন
কিংবা শুনেও কানে কপাট দিয়ে থাক
কালো হয়ে আসছে দিগন্ত মানুষের দীর্ঘশ্বাসে
মানুষের ক্রমাগত ক্রন্দন বর্ষাকালকে হার মানাচ্ছে!

তুমি দ্যাখ আর না- দ্যাখ
অথবা দেখেও কাঠের চশমা পড়ে থাক
মুদ্রাস্ফীতি, দুর্ভিক্ষ, সন্ত্রাস, যুদ্ধের বর্বরতায়
ধ্বংসের শেষ প্রান্তে এসে দাঁড়িয়েছে মানুষ এখন।

তুমি বুঝো আর না বুঝো
নতুবা বুঝেও বদ্ধ পাগলের ভান কর
আগ্রাসন, দূষণ এবং মেয়াদোত্তীর্ণ নেতৃত্বের
জোয়ার নামছে জনপদে জনপদে।

তুমি মানো বা না- মানো
কিংবা মানলেও তালগাছটি তোমার-ই
অর্থ, অস্ত্র, ক্ষমতার খপ্পরে মানুষ আগাগোড়া অন্ধ
শান্তি- প্রগতি- সভ্যতা শব্দগুলো এখন দারুণ হাস্যকর!

# স্বপ্ন থাকুক রামধনুতে
## আনজানা ডালিয়া

গত জন্মের ঋণ শোধ করবো
সব শুধরে নিবো
দিতে পারিনি তত
ভুল করেছি যত,
তোমায় আড্ডায় বসিয়ে শপিংমলে ঘুরবোনা
ঘুম পাড়িয়ে লুকিয়ে আনারকলি খুঁজবোনা।
জানতাম প্রায়শ্চিত্ত শেষে কাছে আসবে
ঠিক আগের মতই ভালোবাসবে।
স্বপ্ন নিয়ে থেকো রামধনু কিনারায়
এতোদিন ছুটেছি মিছে, পিছু আলেয়ার।

# শান্তির পৃথিবী
## ফারুক আহম্মেদ জীবন

কোনো খুনোখুনি রক্তারক্তি
পরিবার, সমাজ, এমনকি বিশ্বে
কোথাও কোন শান্তি বয়ে আনতে পারেনা
বরং অশান্তি বাড়তে বাড়তে
তা- একসময় তীব্র থেকে তীব্রতর হয়ে
জটিল আকার ধারণ করে
সবকিছু ধ্বংস করতে ঘটে মহা বিস্ফোরণ,
যে বিস্ফোরণে অগণিত মানুষের
হয় আত্মঘাতী মরণ।

তাই যুদ্ধে জড়িত যত দেশ
সেই দেশের মানুষগুলোকে বলছি
অনেক...অনেক হয়েছে এবার ক্ষান্ত দাও,
বলো..যুদ্ধ বিগ্রহ ধ্বংসলীলা চালায়
সব অস্ত্রের মহড়া দেখিয়ে
অবুঝ নিষ্পাপ দুগ্ধ শিশু- অবলা নারী মেরে
কী সুখ তোমরা পাও?

আর যুদ্ধ দেখতে চাইনে-
একটা শান্তির পৃথিবী দেখতে চাই
তোমাদের ক্রোধ রোষানলে বলি হতে হয়েছে
ফিলিস্তিনের কবি হেবা কামালকে
হেবা কামালের মত আর কোন কবির
অকালমৃত্যু দেখতে চাইনে...
দেখতে চাইনে কোন অবুঝ শিশুর মৃত্যু
কোন শিশু যেনো আর মা-বাবা হারা না হয়
সব মনুষ্য বিবেক জাগ্রত করো
অজস্র শিশুর পক্ষ থেকে করছি অনুরোধ,
থামাও...থামাও সব ক্রোধ।

# শিশু মনের অনুভূতি
## বেলাল মাসুদ হায়দার

বুলেট বিদ্ধ- বায়োনেট চার্জে রক্তাক্ত মায়ের কোলে
বেহেস্তের সওগাদ ক্ষুধার্ত শিশুর কান্না অবিরত।
মৃত্যুর সাথে পাঞ্জা লড়ে-
মা করছে সন্তানদের বাঁচানোর শেষ চেষ্টা।
মনের জোরের প্রতীক হয়ে
আকাশে ভেসে ভেসে
নিরাপদ আশ্রয়ে পৌঁছানোর অক্লান্ত প্রচেষ্টা।

শান্তির দূত পায়রা পিশাচের হুমকিতে
হিংস্রতার কালো রাত হতে
আলোর নিরাপদ আকাশে পৌছাতে
ভয়হীন মা'কে দিচ্ছে সঙ্গ পাহারা।

মানবতার নির্ভীক সীমাহীন আকাশ
বুক পেতে ঠাঁই দিতে প্রস্তুত।
শুধু মানবরূপী দানবদের নেই মায়া
নিজ স্বার্থ ব্যতিত।

গাজায় ইসরাইলী অমানবিক অন্যায় অগ্রাসন-
আট নয় বছরের শিশুর মনে ঝড় তোলে
করুন ছবি আঁকবার এমন।
বিশ্ব মানবতার ঝাণ্ডাধারী শক্তিশালী
রাষ্ট্রের ঘুম ভাঙ্গে না তবুও
বিশ্ববিবেক সাড়া দেয় না তবুও।

# দ্রোহের খাম
## সোমা মুৎসুদ্দী

আমার বুকে বৃষ্টি যখন
তোমার বুকে খরা,
আমার চোখের সমুদ্র সুখ
তোমার হয়নি পড়া।

মাতাল হাওয়ায় উড়ছে আমার
শাড়ির আঁচলখানি,
তুমি তখন হচ্ছো কী রোজ
রাজপথে কুরবানি।

তোমার- আমার দেখা হবে
মিছিল মধ্যিখানে,
জীবন জুড়ে প্রতিবাদের
প্রবল ঝড় তুফানে।

তোমার জন্য রাজপথে আসা
বুকের মাহুত নিয়ে,
প্রেরণার সাথে শক্তি যোগাবে
শেষ ভালোবাসা দিয়ে।

# ধূসর মরুভূমি
## কাজী নাজরিন

কবিতার শব্দ জুড়ে
মিশে আছো তুমি,
কলমের আঁচড়ে আঁকা
ধূসর মরুভূমি।

ডায়েরির পাতার ভাঁজে
লুকানো মোহমায়া,
অন্তরে বিস্তৃত সদা
সঞ্জীবনী ছায়া।
শুভ্র আকাশ জুড়ে তুমি
অধরা অস্ফুট কায়া।

তীব্র স্রোতে ভাসিয়ে যাওয়া
খড়কুটো নও তুমি,
তুমি বিনে হৃদয় ভেঙে
ধূসর মরুভূমি।

# তৃতীয় বিশ্বযুদ্ধ
## জাকিরুল চৌধুরী

হয়তো আর নয়তো বাকী তৃতীয় বিশ্বযুদ্ধ,
এতে অংশগ্রহণ করবে সবে- যুবক, তরুণ, বৃদ্ধ।
মুসলিম হবে একটি জাতি অমুসলিমরা করবে ভয়,
বিশ্বযুদ্ধে বিশ্ব মুসলিম বিশ্বটাকে করবে জয়।
কুরআন হবে সংবিধান বিশ্বনেতা ইমাম মাহদী,
বিশ্বযুদ্ধে মুসলিমের তরবারিতে দূর হবে ইহুদি।
বিশ্বযুদ্ধ নয়তো দূরে হবে কয়েক'শ বছর পরে,
শান্তি আসবে ধরা'র মাঝে অশান্তি যাবে সরে।

# মাটির ঘরে
## লুৎফুর রহমান চৌধুরী

মাটির ঘরে মাটির মানুষ
থাকে হাসি মুখে,
স্বপ্ন তাদের ছোটখাটো
ঘুমায় ভীষণ সুখে।

যায় না বলা সকল কথা
বুকে ব্যাথা নিয়ে,
আমায় তুমি ঢেকে রেখো
মায়ের কাঁথা দিয়ে।

বন্ধুর ঘরে ঝুলে আছে
মস্ত বড়ো তালা,
জং ধরেছে যত্নে রাখা
টিনের বাক্সে থালা।

নদীর জলে ভেসে যাচ্ছে
কতো শত বাড়ি,
পুবাল হাওয়া বাতাস লেগে
নড়ে মায়ের শাড়ি।

কষ্ট মনে নিয়ে মায়ে
দুখের কথা বলে,
বৃষ্টি হয়ে বন্যা হলো
ঘর সব পানির তলে।

# মনে পড়ে
## কবির সুমন

মনে পড়ে-
পিছনে ফেলে আসা দিন, অধরা সময়
সেকাল, একালের কিছু কথা;
কিছু ঘটে যাওয়া ঘটনা
অতিথি বর্তমান সুখস্মৃতি রচনা।

মনে পড়ে-
জীবন প্রবাহের এই স্রোত
ভাসিয়ে নিয়ে চলে ইচ্ছে মতো,
প্রচন্ড ঘৃণা, মোহনীয় ভালোবাসায়
দোদুল্যমান আশা ভরসায়।

মনে পড়ে-
ছদ্মনামে আঁকা জলছবি
দিগন্ত ছোঁয়া উন্মুক্ত বিহঙ্গ,
প্রাপ্তিগুলো শঙ্খ চিলের ডানায়
দূরের পাহাড়, উপত্যকায়।

# বাঁচাও ফিলিস্তিন
## এম. আবু বকর সিদ্দিক


উচ্ছৃঙ্খল  ইহুদীরা হাজার বছর ধরে
স্বভাব দোষে ঠাঁই না পেয়ে দেশে দেশে ঘোরে।
অবশেষে বিশ্বের কিছু দুষ্টু মোড়ল মিলে
মুসলমানদের বাসভূমিতে দিলো ওদের ঠেলে।

উড়ে এসে জুড়ে বসে নিয়ে স্বাধীনতা
মুসলিম জনপদে চালায় নিষ্ঠুর বর্বরতা।
ফিলিস্তিনের নারী-শিশু মারছে অকাতরে
মানবতার ফেরিওয়ালা দেখছে মজা করে।

ইসরাইলকে মদদ দিচ্ছে কাফির মুশরিক মিলে
মুসলমানের নেই কি সাহস, নেই কি ঈমান দিলে!
বিশ্ব মুসলিম ঐক্য হয়ে রুখো বর্বরতা
আদায় করো ফিলিস্তিনের ন্যায্য স্বাধীনতা।

# একজন হত্যাকারীর অতিপ্রাকৃত জবানবন্দী

আহমদ রাজু



'ইরাম করে যদি চলতি থাহে তালি কয়দিন পরে হয়তো পুরো গাইদগাছি গ্রামডাই কুহুর শূন্য হয়ে যাবে। ওষুধ খাওয়ার জন্যি এট্টা কুহুরও খুঁজে পাওয়া যাবে না।' কথাটা বলে ফিক করে হেসে ওঠে ছবেদ মল্লিক। সে বরাবরই একজন রসিক মানুষ। সিরিয়াস কথার ভেতরেও রহস্য জুড়ে দেয়। যে কারণে সময়-অসময় হাসির রোল পড়ে যায় মোড়ের মাথার এই চায়ের দোকানে।

বাদ সাধে কাদের মেম্বার। সে সবেমাত্র বড় সাইজের একটা পানের খিলি জোর করে মুখের ভেতরে ঢুকিয়ে দিয়েছিল। কথা বলতে না পেরে হাত ইশারা করে থামতে। তারপর মিনিট খানেক দু'পাটি দাঁত উপর নিচে করে দোকানের দক্ষিণ দিকে ঝুকে ফিচ্ করে পিক ফেলে। ততক্ষণে সবাই নীরব। কেউ কোন কথা বলে না। অথচ কিছুক্ষণ আগে সরগরম ছিল দোকানের সামনে পাতানো বেঞ্চগুলো। বয়সে অনেকের ছোট হলেও কাদের মেম্বারকে গ্রামের লোকে সমীহ করে, ভালবাসে। তবে কেউ কেউ যে ঘৃণা করে না একথা বলা যাবে না। যদি ঘৃণা না করবে তাহলে পরপর তিনবার বিজয়ী হাদু মেম্বারের সাথে মাত্র ষোল ভোটের ব্যবধান থাকবে কেন?

'কাহা তুমি ইডা কী কতা কলে?' বার দু'য়েক মুখের ভেতরে জমে থাকা পানের রস গিলে কথাটা বলল কাদের মেম্বার।

মেম্বারের কথা শুনে ছবেদ মল্লিক বোকা বনে যায়। নিজে কি কিছু ভুল বলেছে? আসলেইতো বেশ ক'দিন থেকে এলাকায় একটা কুকুরও দেখা যায় না। ঘরের উত্তর কোনায় চালতা গাছের নিচে প্রতিদিন যে খাবারের উচ্ছিষ্ট ফেলা হয় তা সেভাবেই পড়ে থাকে। কেউ যেন ছুঁয়েও দেখে না। বরং সেখান থেকে দুর্গন্ধ ছড়ায় প্রতিনিয়ত। অথচ একসময় সেখানে কুকুরের দল সময়-অসময় খাবার প্রতিযোগিতায় মেতে উঠে নিজেদের ভেতরে কামড়া কামড়ি করতো! তাদের যত্রতত্র দেখা যেতো, রাস্তার মোড়ে, উষাদের বাঁশ বাগানে, রান্নাঘরের পেছনে, মল্লিক বাড়ির উত্তর ভিটায়!

ছবেদ মল্লিকের মুখ দেখে নুরু মুন্সী বুঝতে পারে, মেম্বারের কথায় তার মনটা ছোট হয়ে গেছে। সে ছবেদ মল্লিকের সুরে সুর মিলিয়ে বলল, 'মেম্বার তুমি এলাকায় থাহোনা না কী? কয়দিন আগেও এহানে দু'চারটে কুহুর সবসুময় ঘুরাফিরা করতো। কেউ কিছু ফেললিই তারা হুমড়ি খায়ে পড়তো। এহন সারা এলাকা ঘুরে যদি এট্টাও খুঁজে পাও তালি আমার নাম তুমরা পাল্টায় রাখপা।'

যেদিকে পানের পিক ফেলেছিল সেদিকে ততক্ষণে একজন ইজিবাইক চালক এসে দাঁড়িয়েছে। কাদের মেম্বার তার ঘাড় আলতো করে ধরে এক পাশে সরিয়ে দিয়ে পিক ফেলে বলল, 'আমারে তো কথা কওয়ার সুযোগ দিবা; নাকি তার আগেই তুমরা বিচার বিশ্লেষণ করে ফ্যালবা? মেম্বার তো আমি, না কী?'

দু'জনের সম্মানে আর একবার ধাক্কা লাগে। তারা মুখ থেকে কোন কথা বের না করলেও পাশের একজন বলল, 'তাইতো; মেম্বাররে আগে কথা কতি দিতি অবে। অত বুঝলি চলবে ক্যানো?'

মেম্বার এতক্ষণ দাঁড়িয়ে ছিল। অল্প বয়সী একজনের উদ্দেশে বলল, 'এই এট্টু সরে বয় তো।' ছেলেটি উঠে পশ্চিম পাশের বেঞ্চে যেয়ে বসলে কাদের মেম্বার সেখানে বসে বলল, 'কাহা তুমি যিডা কয়ছো সিডা ঠিক না। কুহুর শূন্য অবে মানে কী; কুহুর শূন্যতো এহনি হয়ে গেচে। আমার দফাদার সেদিন সারা এলাকা ঘুরে এট্টাও কুহুরির অস্তিত্ব পায়নি। আমার বুজি আসে না, ফটকে একা অতগুলো কুহুর মারলো কীরাম করে?'

এই একই প্রশ্ন অনেকের মনের মাঝে ঘুরপাক খেলেও কোন উত্তরই মনোপূত হয় না। একটা মানুষের পক্ষে শতশত কুকুর কীভাবে মারা সম্ভব? তার প্রাণটাইবা কেমন? একবারও হাত কাঁপে না! অনেকেই বলে- ওর মাথা খারাপ। যদি মাথা খারাপ হয় তাহলে শুধু কী কুকুর মারার ক্ষেত্রেই? অন্য সব কাজে সে একদম স্বাভাবিক একজন কর্মঠ মানুষ। ভ্যান চালিয়ে জীবিকা নির্বাহ করলেও আয় রোজগার একেবারে কম নয়। এর অর্থ এই নয় যে, বছরে দশ বিশ হাজার টাকা জমিয়ে রাখে। শুধু দিনটা তার চলে যায় এই যা। অন্তত ধার-দেনা তো করতে হয় না।

আগে একসময় ছিল গেরস্থরা বাড়িতে কুকুর-বিড়াল পুষতো। সেটা বেশি আগের কথা নয়- পনের বিশ বছর হবে হয়তো। এখন আর সে চল তেমন একটা দেখা যায় না। মধ্যবিত্ত পরিবারের বাড়ির কোনায় কোনায় ক্লোজ সার্কিট ক্যামেরা লাগানো। কুকুরের কাজ এখন ক্যামেরা দিয়ে করানো হয়। আর ব্যবসা প্রতিষ্ঠান-কলকারখানার কথা না হয় বাদই দিলাম। সেখানেতো বিভিন্ন ইলেকট্রিক ডিভাইজের এলাহি কাণ্ড।

'ওর মারার কৌশোলই আলাদা। এক পাড়ার কুহুর মারতি খুব বেশি সময় লাগে না। ফুড়াডান পাউরুটির সাথে মিশেই দিলি কিছুক্ষণ পরে শ্যাস! ওর মনে এট্টুও নাড়া দেয় না! আমি বহুবার কইছি, ফটকে এবার ক্ষ্যান্ত হ। উপরে একজন আছে; সে কিন্তু সব দেখতেছে। এর শাস্তি একদিন না একদিন তোর পাওয়াই লাগবে। কার কথা কিডা শোনে।' চায়ে চুমুক দিতে দিতে বলল নুরু মুন্সী।

'এই নবি এট্টা পান দেতো?' মেম্বারের বলতে যত সময় লাগলো তার আগেই নবি দোকানের ভেতর থেকে হাত বাড়িয়ে তার দিকে একটা পানের খিলি এগিয়ে দেয়। মেম্বার সেটি হাতে নিয়ে মুখের ভেতর পুরে দুই আঙুল দিয়ে ঠেসে দেয়। তারপর নিচের দিকে ঝুঁকে একটা পান থেকে বোটা ছিঁড়ে তাতে খানিক চুন মাখিয়ে হা করে দাঁতে লাগিয়ে বার কয়েক পেষণ দেয়। বলল, 'ইউনিয়ন পরিষদেরতে তারে অনডিং দিলিও থামানো যায়নি। অবশ্যই শুধু ওর দোষ দিয়া যাবে না; এলাকার মানষির দোষ একদম কম না।' হঠাৎ রিং বেজে ওঠায় উঠে দাঁড়িয়ে পাঞ্জাবির পকেট থেকে মোবাইল বের করে কথা বলতে বলতে আঁধারের মাঝে মিলিয়ে যায়।

মেম্বার একদম ঠিক বলেছে। ফটকে কুকুর মারতে পারে অত্যন্ত দক্ষতার সাথে। তবে সে সবসময় ইচ্ছে করে মারে তা নয়। যে পাড়ায় কুকুরের উৎপাত বেশি সেখানেই তার ডাক পড়ে। কখনও কখনও এমন হয়েছে যে, প্রতিনিয়ত পাড়ার হাঁস-মুরগী খেয়ে সাবাড় করছে কুকুরের দল। তাদের অত্যাচারে অতিষ্ট এলাকাবাসী। দলীয় সন্ত্রাসীদের মতো তারা দল বেঁধে ঘুরে বেড়ায় এপাড়া ওপাড়া, যাকে সামনে পায় তার দিকে তেড়ে আসে। ওদের ভয়ে বাড়ি থেকে বের হওয়া দস্কর হয়ে পড়ে। স্কুল-কলেজগামী ছেলে মেয়েদের শিক্ষা প্রতিষ্ঠানে যাওয়া বন্ধের উপক্রম। কুকুরের কামড়ে যখন ভ্যাক্সিনের অভাব তৈরি হয়, যখন সেখানকার মানুষগুলোর আর কোন পথ খোলা থাকে না তখনি ডাক পড়ে ফটকের। নামমাত্র টাকা দিলেই সে খাবারের মধ্যে ফুড়াডান দিয়ে এলাকাবাসীকে মুক্ত করে- তাদের মাঝে এনে দেয় শান্তির বারতা। এভাবে বহুদিন ধরে সে হত্যাযজ্ঞ চালাতে চালাতে বর্তমানে এমন পর্যায়ে পৌঁছেছে যে, আপাতদৃষ্টিতে কুকুরের দেখা পাওয়া কষ্টসাধ্য।

ক'দিন থেকে ফটকে কেমন যেন অন্য মানুষ হয়ে গেছে। জামায়াতের সাথে চার ওয়াক্ত নামাজ পড়ে খানপাড়ার মসজিদে; শুধু ফজরের ওয়াক্ত বাদে। বরাবরই খুব ভোরে ঘুম থেকে উঠার অভ্যাস থাকলেও এখন বেড়ার ফাঁক দিয়ে সূর্যের মুখ না দেখে ঘর থেকে বের হয় না। এই ফটকের সাথে সেই ফটকের বিস্তর ফারাক। তার শরীরে-মনে সেই জৌলুস নেই- নেই কুকুর নিধনের তীলছায়া।

কুকুর মেরে সাবাড় করলেও কোন বিড়ালের গায়ে আঘাত করেনি আজ পর্যন্ত; তবে যখনি যে অবস্থায় থাকুকনা কেন বিড়াল দেখলে দাবড়ানি দিয়ে এলাকা ছাড়া করেছে। এখন তার সামনে সময় অসময় বিড়াল ঘুরে বেড়ালে সেদিকে ভ্রূক্ষেপ করে না। শুধু কী তাই? সেদিন বাজারে হরিহরের কাপড়ের দোকানে অপরিচিত একজন বয়স্ক ব্যক্তি তাদের এলাকায় কুকুরের উৎপাতের কথা বললেও সেদিকে সে কর্ণপাত করেনা! কী হলো- কেন হলো এলাকায় এ নিয়ে চলছে বিস্তর গবেষণা! ফটকে কী তাহলে সাধু হয়ে গেল? কেউ কিছু বললে উত্তর দেয় না, ভাল করে কথা বলে না। আর কুকুরের কথা? সে তো না-ই। বরঞ্চ তার সামনে কুকুর নিয়ে কথা বললে ক্ষেপে উঠে।

প্রথম যেদিন ঘটনাটা ঘটেছিল সেদিন ছিল অমাবশ্যা। সারাদিন ভালভাবে চালিয়ে রাতে বাড়ি এসে ভ্যানগাড়িটা উঠানে তালা মেরে পলিথিন দিয়ে ঢেকে রাখে। যেন শিশির কণা সদ্য করা রঙ নষ্ট করতে না পারে। ভোরে ঘুম থেকে উঠে ঘরের বাইরে যেয়ে ভ্যানের দিকে চোখ ফেলতেই তার চক্ষু ছানাবড়া। টায়ার টিউব থেকে শুরু করে সিট পর্যন্ত সবই ছিঁড়ে টুকরো টুকরো হয়ে আছে। দেখে বোঝা যায়, কোন হিংস্র জন্তুর তীব্র দাঁতের প্রতিশোধ! মানুষের পক্ষে অন্তত এভাবে সম্ভব নয়। কে করতে পারে এমন কাজ! তার সাথে এমন কারো শত্রুতা নেই যার দ্বারা এ ন্যাক্কারজনক কাজ সম্ভব। অন্তত মানুষের দ্বারাতো নয়ই। তার মাথায় যেন আকাশ ভেঙে পড়ে।


অধিকাংশ বাড়িতে মটরসাইকেল থাকায় প্রকৃত যাত্রী সংখ্যা অনেক কম। তার ওপরে এই বিপর্যয় বেশ খানিকটা সমস্যায় ফেলে ফটকেকে। ক'দিন আগেও এমন ছিল না। রাস্তায় উঠলে যাত্রীতে ভ্যান ভরে যেতো। কপাল পুড়লো নতুন রেললাইনের কাজ শুরু হওয়ায়। জমি অধিগ্রহণের টাকা পেয়ে যার একেবারে প্রয়োজন নেই সেও একটা মটরসাইকেল কিনেছে।

ভ্যান গ্যারেজে কোনমনে টেনে নিয়ে গেলে মিস্ত্রিতো দেখে অবাক। ভ্যানের সাথে যে এমন হতে পারে তা সে কোনদিন ভাবতেই পারেনি। প্রথমে দেখে ভয় পেয়ে গিয়েছিল। মেরামত করে দিলে তার কোন ক্ষতি না হয়! অনেক অনুরোধ করার পর সে অবশ্য মেরামত করে দিয়েছিল।

গত পনের দিন সমস্যা মুক্ত ছিল। ফটকের ধারণা- কোথাও থেকে হয়তো কুকুর- শেয়ালের দল এসে ভ্যানের এমন অবস্থা করেছে। রাগে তার শরীর জ্বলে ওঠে। এবার আসলে তাদের নিস্তার নেই। ডোজ বেশি দিয়ে ব্যবস্থা একটা নিতেই হবে।

সে পাউরুটির সাথে ফুড়াডান মিশিয়ে ভ্যানের আশপাশে রেখে অপেক্ষায় থাকে প্রতিনিয়ত। যেদিন আসে সেদিন চাঁদের আলোয় আলোকিত রাতের নির্জনতা। বেশ দূরে দেখা যায় স্পষ্ট। এর মধ্যে এক পসলা বৃষ্টি সবার কাছে আশির্বাদ স্বরূপ। গরম অপেক্ষাকৃত কম থাকলেও বৃষ্টির দেখা পাওয়া যাচ্ছিল না। মাঝ রাতে হঠাৎ আকাশ মন খুলে ভিজিয়ে দেয় মাঠ ঘাট প্রান্তর। প্রায় শেষ রাত; ফজরের আজান দিতে আরো আঠারো মিনিট বাকী। হঠাৎ বাইরে মরমর শব্দ হওয়ায় বেড়ার ফাঁক দিয়ে ভ্যানের দিকে তাকাতেই ফটকের পিলে চমকে যায়। বাড়ির পূর্ব কোনায় ধোঁয়ার কুণ্ডলী! তার ভেতর থেকে একেরপর এক কুকুর বেরিয়ে এসে ভ্যানের ওপর আক্রমন করছে! এটা কীভাবে সম্ভব। ইয়া বড় বড় কুকুরের রং কুচকুচে কালো। সবাই একসাথে ধ্বংসযোগ্য চালালেও কারো মুখে কোন শব্দ নেই। সবকিছু ছিঁড়ে টুকরো টুকরো করে তারা আবার ধোঁয়ার কুণ্ডলীর ভেতরে যেয়ে অদৃশ্য হয়ে যায়।

অসাড় হয়ে গিয়েছিল ফটকে। যে দৃশ্য তার চোখের সামনে অবমুক্ত হয়েছিল, তা সে আগে কোনদিন দেখাতো দূরের কথা, ভাবেওনি। পা তার যেন চলতেই চায় না। মুখেও কোন কথা নেই। অনেক চেষ্টা করেও কোন কথা বের হয় না। কাছেই স্ত্রী-সন্তান শুয়ে থাকলেও তাদের ডাকার শক্তি হারিয়ে ফেলে মুহূর্তে। সে জানে, এ এলাকায় ওমন কুকুর একটাও নেই। অন্য এলাকা থেকে এসে তার ক্ষতি করবে তাও বিশ্বাস হয় না। তাহলে কী এসেছিল? কোথা থেকে এসেছিল? এসব প্রশ্নের উত্তর খুঁজতে খুঁজতে সে নিজেকে আবিষ্কার করে অন্য এক জগতে।


HOW CAN I HELP?
السلطان
AL-SULTAN
BUTCHERY
Halal
حلال
HOW CAN I HELP?
HOW CAN I HELP?
130 Haldon Street, Lakemba NSW 2195
Ph: (02) 9750 4290
Fresh meat daily (Lamb, Beef, Goat)
Fresh chicken Daily
Fish & seafood
Frozen vegetables
Free delivery
Competitive prices
We don't have any other branches
Suprovat Sydney
Copy Right Protected
Haitham Morabi
Manager
0402 016 210
Mahmoud
0416 874 859
Supplier of Finest Quality Meat

সুপ্রভাত সিডনি
The Leading Australian Bangladesh Monthly Community Newspaper সত্যের সাথে সব সময়
Suprovat Sydney

Suprovat Sydney, December-2023, Volume-15, No-12 ISSN 2202-4573 www.suprovatsydney.com.au

# অস্ট্রেলিয়া প্রবাসী ব্যবসায়ীদের অনন্য নাম ASIA

**সুপ্রভাত সিডনি রিপোর্ট**

অস্ট্রেলিয়া প্রবাসী বাংলাদেশী সফল একজন ব্যবসায়ীর নাম রায়ান রহমান। এশিয়ান স্কিলস ইনস্টিটিউট অফ অস্ট্রেলিয়া (সংক্ষেপে ASIA) নামে সুপরিচিত একটি বিশাল প্রতিষ্ঠানের স্বত্বাধিকারী রায়ানের মুখোমুখি হয় সুপ্রভাত সিডনি।

হাস্যোজ্জ্বল এ তরুণ ব্যবসায়ী তার ব্যবসায়ের চমক সামান্য তুলে ধরেন। চারটি ক্যাম্পাস যথাক্রমে পারামাট্টা, বারউড,কোগারাহ ও কেম্পবেলটাউনে পনেরশও বেশি ছাত্রছাত্রী পড়াশুনা করছেন। বিভিন্ন কোর্স অফার করছে এ ইন্সটিটিউট থেকে, যেমন Advanced Civil Construction(Diploma), Kitchen Management, Diploma of Hospitality, Diploma of Early Childhood , Graduate Diploma of Management.

ASIA শিক্ষার্থীদেরকে স্বাধীনভাবে চিন্তা করতে শেখানোর উপর দৃষ্টি নিবদ্ধ করে এবং উন্নতমানের শিক্ষাদানের মাধ্যমে স্পষ্টভাবে যোগাযোগ করতে শেখায় যা অভিজ্ঞতামূলক শিক্ষা এবং নেতৃত্বের সুযোগ প্রদান করে। এটি সহযোগী শিক্ষণ পেশাদারদের একটি দল যারা ছাত্রদের ফলাফল উন্নত করতে একে অপরের কাছ থেকে শেখার জন্য প্রতিশ্রুতিবদ্ধ।




তাছাড়া আধুনিক ক্যাম্পাসটি অভিজ্ঞ শিক্ষাদানের পাশাপাশি সহায়ক কর্মী এবং এমন একটি প্রতিষ্ঠান যেখানে শিক্ষার্থীরা একাডেমিক এবং কর্মজীবনের দক্ষতার সংমিশ্রণ থেকে একটি প্রতিযোগিতামূলক সুবিধা অর্জন করতে পারে, তাদের আবেগ অনুসরণ করতে পারে এবং তাদের আকাঙ্ক্ষার উপলব্ধি অনুভব করতে পারে।

এছাড়াও Aspley নামে আরেকটি কলেজ চালাচ্ছেন বিশিষ্ট ব্যবসায়ী রায়ান রহমান । এ কলেজের তিনটি ক্যাম্পাস যথাক্রমে Parramatta, Edgecliff, Wollongong এ অবস্থিত। এ মুহূর্তে Aspley এর সাথে ৮শ জনেরও বেশি শিক্ষার্থী অধ্যয়ন করছেন। এ কলেজে অনেকগুলো বিষয়ের ভিতর General English, Painting and Decorating, Bricklaying, Flooring and Tiling, Diploma of Cyber Security, Advance Telecommunication(IT), Diploma of Leadership Management উল্লেখযোগ্য।

গত ৮ নভেম্বর বুধবার ২০২৩ সিডনির ডার্লিং হারবারের Sofitel হোটেলে এক জাকঁজমক ডিনার পার্টির আয়োজন করে এ প্রতিষ্ঠাটি।

*৯-এর পৃষ্ঠায় দেখুন*

FamilyNeeds

**Family Needs SUPERMARKET**

**সিডনির সর্ব বৃহৎ বাংলাদেশী সুপার মার্কেট**










• Halal butcher, frozen fish & vegetables • Variety of Bangladeshi & Indian sweets & cakes • On-site parking • Customer rewards card • Special discount for bulk buying • Pakistani and Nepali foods • Asian & Australian groceries • Open 7 Days, 9AM to 8PM










আমাদের ঠিকানা : Unit B, 1 Tindall Street Campbelltown Ph: 02 9313 5968